পুরুলিয়ায়
গীতাঞ্জলি
ফরেস্ট রিট্রিট
পাহাড় আর সবুজের
মাঝে এক অপরূপ
ডেস্টিনেশন

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই
নিকটবর্তী এজেন্টের সাথে
যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com

কলকাতা Volume No. 30, Issue No.: 179 Saturday, 31 May, 2025 ❋ ৩০ বর্ষ, ১৭৯ সংখ্যা ❋ ১৬ জ্যৈষ্ঠ ১৪৩২, শনিবার, ৩১ মে ২০২৫ ❋ আজ ৮ পাতা ❋ মূল্য- ৩ টাকা

‘সরকারকেই আমাদের পোশাক ফিরিয়ে দিতে হবে’

অর্ধনগ্ন প্রতিবাদ থেকে গর্জন চাকরিহারাদের

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মেঃ সকালে শিয়ালদহ স্টেশনে জমায়াতেও উত্তেজনার ছবি দেখা গিয়েছিল। খুঁজে খুঁজে প্রতিবাদীদের প্রিজন ভ্যানে তুলতে দেখা যায় পুলিশকে। ক্ষোভে ফেটে পড়েন চাকরিহারারা। দুপুরেই বিকাশ ভবনের সামনে ফের উত্তেজনা। অর্ধনগ্ন প্রতিবাদ চাকরিহারাদের। সেখানেও পুলিশের সঙ্গে ব্যাপক ধস্তাধস্তির ছবি দেখা যায়। শেষে তাঁদের টেনে-হিঁচড়ে প্রিজন ভ্যানে তুলতে দেখা যায় পুলিশকে। রণক্ষেত্রের চেহারা নেয় গোটা এলাকা। প্রিজন ভ্যানে উঠতে উঠতেই খালি গায়ে এক চাকরিহারাকে গর্জে উঠতে দেখা যায়। ক্যামেরার সামনেই পুলিশের বিরুদ্ধে ক্ষোভ উগরে দিয়ে বলেন, ‘‘মেরে ফেলুক, গুলি চালাক।’’ আর এক চাকরিহারা বলেন, ‘‘সরকারের দুর্নীতির কারণে আজ আমরা চাকরিহারা হতে বাধ্য হয়েছি। এই সরকারকেই আমাদের পোশাক ফিরিয়ে দিতে হবে। কীভাবে দেবেন সেটা ওনাদের ব্যাপার। আমরা সমাজে বের হতে পারছি না। বিভিন্ন লোকে বিভিন্ন প্রশ্ন করছে। তার উত্তর দেওয়া আর এখানে উলঙ্গ হয়ে থাকা একই ব্যাপার।’’ প্রসঙ্গত, আগেই থেকেই অর্ধনগ্ন মিছিলের ডাক দিয়েছিল চাকরিহারারা। সকাল ১১টা থেকে শিয়ালদহ স্টেশনে জমায়েতের কথা ছিল। যদিও চাকরিহারাদের খুব বেশি দেখা না পাওয়া গেলেও আগে থেকেই শিয়ালদহ স্টেশন চত্বরের দখল নিতে দেখা যায় পুলিশকে। মোতায়েন করা হয় প্রচুর সংখ্যক মহিলা পুলিশ। চাকরিহারাদের দেখা মাত্রই তুলে ফেলা হয় পুলিশের গাড়িতে। এরইমধ্যে বিকাশ ভবন

চত্বরে ফের প্রতিবাদে ফেটে পড়েন চাকরিহারারা। সেখান থেকেই বলপ্রয়োগ করে তুলে দেয় পুলিশ। বেশ কয়েকজন চাকরিপ্রার্থী আঘাতও পেয়েছেন বলে খবর। এক চাকরিহারা ক্ষতচিহ্ন দেখিয়ে বলেন, ‘‘লাথি মারা হয়েছে। যেভাবে টাটা-হেঁচরা করেছে তাতে আমি আঘাত পেয়েছি।’’ এদিন ধর্মতলা থেকে শুরু করে শিয়ালদহ স্টেশন, সব জায়গা রীতিমতো তল্লাশি অভিযান চালিয়ে পুলিশ চাকরিহারাদের আটক করে। বেলা গড়াতে বিকাশ ভবন চত্বরেও ধরা পড়ল একই ছবি।

শুক্রবার দুপুরে বিকাশ ভবনের সামনে ধুন্ধুমার পরিস্থিতি তৈরি হয়। যে আন্দোলনকারীরা ‘অর্ধনগ্ন’ প্রতিবাদ শুরু করছিলেন তাঁদের একে একে আটক করা হয়। চাকরিহারাদের সঙ্গে পুলিশের কার্যত বচসা, ধস্তাধস্তি হয়। প্রতিবাদীদের দাবি, তাঁরা কোনও রকম অশান্তি করেননি। শান্তিপূর্ণ আন্দোলন করছিলেন। কিন্তু পুলিশ অনৈতিকভাবে তাঁদের ওপর অত্যাচার করেছে। আবারও লাঠিচার্জ করা হয়েছে। মহিলাদেরও মারতে বাদ রাখেনি পুলিশ। চাকরিহারাদের এই আন্দোলন নিয়ে অবশ্য পুলিশের বক্তব্য, তাঁরা শালীনতা বজায় রাখছেন না। বিকাশ ভবন চত্বর একটি পাবলিক প্লেস। তাই সেখানে এই ধরনের ‘অর্ধনগ্ন’ প্রতিবাদ করা যাবে না। ডিসি বিধাননগর পুলিশ সংবাদমাধ্যমে জানিয়েছেন, কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে যদি কোনও প্রতিবাদ কর্মসূচি হয় তাহলে তাঁদের কোনও আপত্তি নেই। কিন্তু চাকরিহারারা তা করছেন না। শালীনতা বজায় রাখছেন না। তাই এই ধরনের কোনও প্রতিবাদ কর্মসূচি বরদাস্ত করা হবে না। যদিও চাকরিহারারা সাফ জানান, তাঁদের তরফে কোনও অশালীন কাজ করা হয়নি। বরং পুলিশ অকারণে তাঁদের ওপর অত্যাচার করেছে। বিনা প্ররোচনায় তাঁদের অনেককে আটক করেছে, টেনেহিঁচড়ে প্রিজন ভ্যানে তুলে নিয়ে যাওয়া হয়েছে। প্রসঙ্গত, রাজ্য সরকারের দুর্নীতি, স্কুল সার্ভিস কমিশন, পর্ষদের দুর্নীতি রাজ্যের শিক্ষাব্যবস্থা তথা ‘যোগ্য’ শিক্ষকদের নগ্ন করে দিয়েছে। আর তারই প্রতিবাদে শুক্রবার শিয়ালদহ থেকে নবান্ন ‘অর্ধনগ্ন মিছিল’ করার ডাক দিয়েছিলেন চাকরিহারারা। কিন্তু সেই মিছিল শুরু হওয়ার আগেই ধরপাক। শুরু হয় পুলিশের। শেষ পাওয়া খবর অনুযায়ী, শিয়ালদহ এবং ধর্মতলা থেকে ১০০-র বেশি চাকরিহারা শিক্ষকদের আটক করা হয়েছে। এদিন ধর্মতলা থেকে গ্রেফতার করা হল চাকরিহারা শিক্ষক চিন্ময় মণ্ডলকে। পুলিশ প্রিজন ভ্যানে তুলতেই চিৎকার করে চিন্ময় বলতে থাকেন, ‘‘যোগ্যদের ধরুন আর চোরেদের পুষে রাখুন।’’ হকের চাকরি ফেরত চেয়ে পাকড়াও বেশ কয়েকজন আন্দোলনকারী।

‘চাইলে পাকিস্তানকে ৪-৫ টুকরো করে দিতে পারতাম’, হুঙ্কার দিলেন রাজনাথ

নয়াদিল্লি, ৩০ মেঃ পহেলগাম হামলার বদলা নিয়ে পাকিস্তানের বিরুদ্ধে ‘অপারেশন সিঁদুর’ অভিযান করেছিল ভারত। তাতে পাকিস্তান এবং পাক অধিকৃত কাশ্মীর মিলিয়ে ৯টি জঙ্গিঘাঁটি ধ্বংস করা হয়েছে। ১০০-র বেশি সন্ত্রাসবাদীও নিকেশ করতে সক্ষম হয়েছে সেনাবাহিনী। এছাড়া পাকিস্তানের একাধিক জায়গায় এয়ারস্ট্রাইক করেছিল ভারত। দেশের প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং সেই অভিযান প্রসঙ্গেই নতুন করে হুঁশিয়ারি দিলেন পাকিস্তানকে। ভারতীয় প্রযুক্তিতে তৈরি যুদ্ধজাহাজ ‘আইএনএস বিক্রান্ত’-এ নৌসেনার আধিকারিকদের সঙ্গে সাক্ষাৎ করেছিলেন রাজনাথ সিং। সেখান থেকেই তিনি ‘অপারেশন সিঁদুর’ প্রসঙ্গে বলেন, ‘‘ভারতের

নৌসেনা বাকি দুই বাহিনীর সঙ্গে যদি এই অভিযানে থাকত তাহলে পাকিস্তান হয়তো ৪-৫ টুকরো হয়ে যেতে পারত। কিন্তু তাঁরা ছিল না। তবে শুধু স্থলসেনা এবং বায়ুসেনা যা করেছে তাতেই পাকিস্তানের মাটি কেঁপে গেছে।’’ নিজের মন্তব্যের প্রেক্ষিতে ১৯৭১ সালের ভারত-পাক যুদ্ধ প্রসঙ্গও টেনেছেন রাজনাথ সিং। তাঁর কথায়, সেই সময়ে ভারতীয় নৌসেনা ময়দানে নামার পরই পাকিস্তান দু’টুকরো (পাকিস্তান -পূর্ব পাকিস্তান বর্তমানে বাংলাদেশ) হয়ে গেছিল। সেই কারণে যদি ‘অপারেশন সিঁদুর’-এর সময়ে তাঁরা বাকি দুই সেনার সঙ্গে যুক্ত হত, তাহলে তো অন্তত ৪ টুকরো হয়ে যেত পাকিস্তান। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও এই অভিযান প্রসঙ্গে পাকিস্তানকে কড়া বার্তা এখনও দিয়ে চলেছেন। তাঁর শাহ কথা, ‘অপারেশন সিঁদুর’ এখনও চলছে। পাকিস্তান যতদিন না পর্যন্ত সন্ত্রাসবাদকে মদত দেওয়া বন্ধ করবে ততদিন এই অভিযান সক্রিয় থাকবে। পাকিস্তান বরাবর আলোচনার কথা বললেও মোদি স্পষ্ট করেছেন, পা।শি দেশের সঙ্গে কোনও আলোচনা হলে তা শুধুমাত্র হবে সন্ত্রাসবাদ এবং পাক অধিকৃত কাশ্মীর নিয়ে। দেশের প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংয়ের গলাতেও একই সুর। রাজনাথ নৌসেনার আধিকারিকের সঙ্গে সাক্ষাতের পরই বলেন, পাকিস্তানের উচিত তাদের মাটি থেকে সন্ত্রাসবাদের শিকড় উপড়ে ফেলা। আর যদি তারা এই কাজ শুরু করতে ইচ্ছুক হয় তাহলে সর্বপ্রথম হাফিস সইদ এবং মাসুদ আজহারকে ভারতের হাতে তুলে দিতে হবে। যদিও পাকিস্তান স্বীকারই করে না যে এই দুই জঙ্গি তাঁদের সেনার আশ্রয়ে রয়েছে।

এসএসসি নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ

বদল বহু নিয়মে, পরীক্ষায় নারাজ চাকরিহারারা

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মেঃ সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে নতুন করে শিক্ষক নিয়োগ প্রক্রিয়ার বিজ্ঞপ্তি জারি করল স্কুল সার্ভিস কমিশন (এসএসসি)। জানিয়ে দিল, পরীক্ষায় বসার জন্য কবে থেকে অনলাইনে আবেদন করা যাবে। লিখিত পরীক্ষা কবে হতে পারে, তাও জানাল এসএসসি। চাকরিহারাদের মধ্যে যাঁদের পরীক্ষায় বসার বয়সসীমা পেরিয়ে গিয়েছে, তাঁদের বয়সসীমায় ছাড়ের কথাও এসএসসি-র বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে। তিনদিন আগে মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন, সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে ৩১ মে’র আগেই নতুন করে চাকরির পরীক্ষীর বিজ্ঞপ্তি জারি করা হবে। ৩০ মে বিজ্ঞপ্তি জারি করা হবে বলে তিনি জানিয়েছিলেন। সেই মতো শুক্রবার এসএসসি শিক্ষক নিয়োগ প্রক্রিয়ার বিজ্ঞপ্তি জারি করল। নবম-দশম ও একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষক-শিক্ষিকা নিয়োগের বিজ্ঞপ্তি জারি করল এসএসসি।

বিজ্ঞপ্তিতে কী কী জানিয়েছে এসএসসি?

- আগামী ১৬ জুন বিকেল ৫টা থেকে অনলাইনে আবেদন জানানো যাবে।
- ১৪ জুলাই বিকেল ৫টা পর্যন্ত অনলাইনে আবেদন গ্রহণ করা হবে।
- আবেদন ফি গ্রহণ করার শেষ সময় ১৪ জুলাই রাত ১১টা ৫৯ মিনিট।
- লিখিত পরীক্ষা হতে পারে সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে।
- লিখিত পরীক্ষার ফল প্রকাশ হবে অক্টোবরের চতুর্থ সপ্তাহে।
- ইন্টারভিউ নেওয়ার সম্ভাব্য সময় নভেম্বরের প্রথম সপ্তাহ থেকে তৃতীয় সপ্তাহ।
- প্যানেল প্রকাশ করা হবে ২৪ নভেম্বর।
- কাউন্সেলিং শুরু হতে পারে ২৯ নভেম্বর থেকে।

- সাধারণ পরীক্ষার্থীদের ক্ষেত্রে বয়স ২১ বছর থেকে ৪০ বছর হতে হবে। তবে ওবিসি, এসসি, এসটি এবং শারীরিক প্রতিবন্ধীরা বয়সের উর্ধ্বসীমায় ছাড় রয়েছে।
- মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন, ২০১৬ সালের এসএসসি-র প্যানেলের চাকরিহারাদের মধ্যে যাঁদের পরীক্ষায় বসার বয়সসীমা পেরিয়ে গিয়েছে, তাঁদের ক্ষেত্রে বয়সসীমায় ছাড় দেওয়া হবে। এসএসসি-র বিজ্ঞপ্তিতেও সেকথা উল্লেখ রয়েছে।
- পরীক্ষায় বসার ন্যূনতম যোগ্যতাসম্পন্ন যেকোনও ভারতীয় চাকরিপ্রার্থী পরীক্ষায় বসতে পারবেন।
- পুরুষ চাকরিপ্রার্থীদের মেয়েদের স্কুলে নিয়োগ করা হবে না।
- নবম ও দশম শ্রেণির শিক্ষক-শিক্ষিকা নিয়োগের ক্ষেত্রে জেনারেল ও ওবিসি চাকরিপ্রার্থীদের আবেদনপত্র অনলাইনে জমা দিতে ফি লাগবে ৫০০ টাকা। সেখানে এসসি, এসটি ও শারীরিক প্রতিবন্ধী চাকরিপ্রার্থীদের জন্য ফি ২০০ টাকা। একাদশ-দ্বাদশ শ্রেণির চাকরিপ্রার্থীদের ক্ষেত্রেও আবেদনের ফি একই।

চাকরি ফিরে পাওয়ার দাবিতে আন্দোলন চালিয়ে যাচ্ছেন আগেই চাকরি হারানো শিক্ষক-শিক্ষিকারা। তাঁদের দাবি, নতুন পরীক্ষা নয়, বরং আদালতের নির্দেশ অনুযায়ী পুরনোদের চাকরি ফিরিয়ে দিতে হবে। ফলে নতুন এই নিয়োগ প্রক্রিয়া শুরু হলেও, রাজ্যের শিক্ষাক্ষেত্রে অস্থিরতা কাটছে না।

সিবিআই তদন্তে ফাঁস দুর্নীতির জাল, গ্রেফতার এবার ইডি-র ডেপুটি ডিরেক্টর

নয়াদিল্লি, ৩০ মেঃ দেশের কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা সিবিআই-এর হাতে গ্রেপ্তার হলেন এনফোর্সমেন্ট ডিরেক্টরেট-এর ডেপুটি ডিরেক্টর চিন্তন রঘুবংশী। এই গ্রেফতারি ঘিরে কেন্দ্রীয় প্রশাসনিক মহলে তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। দীর্ঘদিন ধরে দুর্নীতির অভিযোগে তদন্ত চলছিল, আর সেই তদন্তেই উঠে আসে ডেপুটি ডিরেক্টরের নাম। সিবিআই-এর পক্ষ থেকে জানানো হয়েছে, ঘুষ গ্রহণ এবং ক্ষমতার অপব্যবহারের মতো গুরুতর অভিযোগ রয়েছে তাঁর বিরুদ্ধে। সূত্র অনুযায়ী, অভিযুক্ত আধিকারিকের বিরুদ্ধে অভিযোগ, তিনি একাধিক বড় মামলায় অভিযুক্তদের কাছ থেকে সুবিধা নিয়ে তদন্তে হস্তক্ষেপ করেছেন। এর ফলে তদন্ত ধীরগতি পায় এবং নির্দিষ্ট অভিযুক্তরা সুবিধা পান। এমনকি কিছু মামলায় অভিযুক্তদের বিরুদ্ধে চার্জশিট দাখিলেও দেরি হয় বলে জানা যাচ্ছে। এই দুর্নীতির বিনিময়ে মোটা অঙ্কের ঘুষ নেওয়ার প্রমাণ পেয়েছে সিবিআই। সিবিআই আধিকারিকরা জানান, এক ব্যবসায়ীর কাছ থেকে ঘুষ নেওয়ার মুহূর্তেই হাতেনাতে ধরা হয় ওই ডেপুটি ডিরেক্টরকে। তাঁর দফতর ও বাসভবনে তল্লাশি চালিয়ে বেশ কিছু গুরুত্বপূর্ণ নথি, ইলেকট্রনিক ডিভাইস এবং বিপুল পরিমাণ নগদ টাকা উদ্ধার হয়েছে। সব মিলিয়ে প্রাথমিকভাবে তদন্তকারীদের ধারণা, এই দুর্নীতির পরিমাণ কয়েক কোটি টাকারও বেশি। এনফোর্সমেন্ট ডিরেক্টরেট একটি কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা, যারা অর্থ পাচার, বেআইনি আর্থিক লেনদেন এবং বিদেশি মুদ্রা সংক্রান্ত অপরাধ তদন্তে নিযুক্ত। সেই সংস্থারই একজন উচ্চপদস্থ আধিকারিকের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ প্রমাণ হওয়া এবং গ্রেফতার হওয়ার ঘটনা বড় ধরনের প্রশাসনিক ব্যর্থতা বলেই মনে করছেন বিশ্লেষকরা। এই ঘটনাকে কেন্দ্র করে রাজনৈতিক মহলেও তীব্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে। বিরোধীরা বলছে, কেন্দ্রীয় সংস্থাগুলিকে রাজনৈতিক স্বার্থে ব্যবহার করতে গিয়ে এমন পরিস্থিতির জন্ম দিচ্ছে বর্তমান সরকার। বিরোধীদের অভিযোগ, যখন এই সংস্থাগুলি নিরপেক্ষতা হারায়, তখন তার মধ্যেই দুর্নীতির শেকা। গজায়। অন্যদিকে কেন্দ্রের তরফে এখনও পর্যন্ত এই গ্রেফতারি নিয়ে কোনও সরকারি বিবৃতি দেওয়া হয়নি। এনফোর্সমেন্ট ডিরেক্টরেট সূত্রে জানানো হয়েছে, অভিযুক্ত আধিকারিককে বরখাস্ত করা হয়েছে এবং তাঁর বিরুদ্ধে বিভাগীয় তদন্ত শুরু হয়েছে। সংস্থার বিশ্বাসযোগ্যতা রক্ষা করতে কড়া পদক্ষেপ নেওয়া হবে বলেও আশ্বাস দেওয়া হয়েছে। সব মিলিয়ে, দেশের একাধিক হাই-প্রোফাইল মামলার তদন্তে যুক্ত এক আধিকারিকের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ এবং গ্রেফতারি প্রশাসনিক স্বচ্ছতা ও দায়বদ্ধতা নিয়ে প্রশ্ন তুলে দিল। এই ঘটনায় শুধু ইডি নয়, গোটা কেন্দ্রীয় তদন্ত ব্যবস্থা ও সরকারের নিরপেক্ষতা নিয়েই নতুন করে বিতর্ক শুরু হয়েছে। এখন দেখার, এই তদন্ত কতদূর গড়ায় এবং এর পরিণাম কী হয়।

‘চাকরি নয়, জটিলতা চাইছে সরকার’, বিস্ফোরক অভিযোগ বিকাশরঞ্জনের

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মেঃ পশ্চিমবঙ্গের স্কুল শিক্ষক নিয়োগ নিয়ে ফের বিতর্কের ঝড়। স্কুল সার্ভিস কমিশনের তরফে নতুন নিয়োগ বিজ্ঞপ্তি ও নিয়োগ বিধি প্রকাশের পরেই শুরু হয়েছে রাজনৈতিক এবং সামাজিক বিতর্ক। সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে নিয়োগ প্রক্রিয়া শুরু করলেও, অনেকেই বলছেন-২০১৬ সালের নিয়ম লঙ্ঘিত হলে এই নতুন নিয়োগও আইনি জটিলতার মুখে পড়বে। আইনজীবী এবং সিপিএম নেতা বিকাশরঞ্জন ভট্টাচার্য এই প্রসঙ্গে স্পষ্ট ভাষায় জানিয়েছেন, ‘‘২০১৬ সালের নিয়মের বাইরে গিয়ে কিছু করলেই তা বাতিল হয়ে যাবে। সুপ্রিম কোর্টের রায় অনুযায়ী, রাজ্য সরকার বাধ্য ২০১৬ সালের নিয়ম মেনে চলতে। পরীক্ষার পদ্ধতি, নম্বর বিভাজন-সবই সেই নিরিখে হওয়া উচিত। তা না হলে ফের নিয়োগ প্রক্রিয়া আইনি জটিলতায় আটকে যাবে।’’ ২০১৬ সালে নিয়োগ পরীক্ষায় লিখিত পরীক্ষা ছিল ৫৫ নম্বরের, শিক্ষাগত যোগ্যতার জন্য ৩৫ নম্বর। এবার তা বদলে হয়েছে যথাক্রমে ৬০ ও ১০ নম্বর। নতুনভাবে ১০ নম্বর রাখা হয়েছে শিক্ষকতার পূর্ব অভিজ্ঞতার জন্য এবং আরও ১০ নম্বর লেকচার ডেমোস্ট্রেশনের জন্য। এই দুটি ক্ষেত্রেই ২০১৬-র নিয়োগ প্রক্রিয়ায় কোনও নম্বর ছিল না। এই পরিবর্তন নিয়েই প্রশ্ন তুলেছেন বিকাশরঞ্জন ভট্টাচার্য সহ বহু বিশিষ্টজন। তাঁর আশঙ্কা, এভাবে নিয়োগ প্রক্রিয়া বদলালে সুপ্রিম কোর্টের রায় লঙ্ঘন হবে, আর তা হলে সম্পূর্ণ প্রক্রিয়াটাই অবৈধ বলে ঘোষিত হতে পারে। রাজনৈতিক মহলেও এই বিষয়ে উত্তেজনা তুঙ্গে। রাজ্য বিজেপির সভাপতি ও কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার কড়া ভাষায় আক্রমণ করেছেন রাজ্য সরকারকে। তাঁর অভিযোগ, ‘‘এই রাজ্য সরকার চাকরি দিতে চায় না। বারবার জটিলতা তৈরি করছে ইচ্ছাকৃতভাবে। অযোগ্যদের চাকরি পাইয়ে দেওয়ার জন্য মৌখিক এবং ডেমো নম্বরে

কারসাজি হচ্ছে। অর্থ লেনদেনের অভিযোগে অভিযুক্তদের রক্ষার চেষ্টা হচ্ছে। যোগ্য-অযোগ্যদের এক ছাঁচে ফেলা যায় না, অথচ রাজ্য সরকার সেই চেষ্টাই করছে।’’ এই নিয়ে ক্ষোভ প্রকাশ করেছে বঙ্গীয় শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতিও। সংগঠনের সাধারণ সম্পাদক স্বপন মণ্ডল জানান, ‘‘নতুন নিয়োগ বিধিতে এমন কিছু পরিবর্তন আনা হয়েছে যা চাকরিহারাদের কিছুটা সুবিধা দেবে ঠিকই, কিন্তু নতুন পরীক্ষার্থীদের ক্ষেত্রে অসুবিধা বাড়াবে। ইচ্ছাকৃতভাবে নম্বর দিয়ে প্রভাব ফেলতে পারবে। এতে স্বচ্ছতা নিয়ে প্রশ্ন উঠবে।’’ তিনি আরও বলেন, ‘‘আমরা আশঙ্কা করছি, এই নিয়োগ বিধি নিয়ে ফের আদালতে মামলা হবে। আবার নিয়োগ প্রক্রিয়া থেমে যাবে। শিক্ষার্থীদের ক্ষতি হবে, শিক্ষাব্যবস্থার ক্ষতি হবে। নতুন নিয়োগ বিধিতে যে বিতর্কিত বিষয়গুলো রাখা হয়েছে, সেগুলো বাদ দেওয়াই উচিত ছিল।’’ সব মিলিয়ে, নতুন নিয়োগ প্রক্রিয়া নিয়ে যে জটিলতা দেখা দিয়েছে, তা অস্বীকার করা যাচ্ছে না।

সরিয়ে দেওয়া হল মলয় ঘটককে, এবার তৃণমূলের লিগাল সেলের মাথায় চন্দ্রিমা

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মেঃ তৃণমূলের রদবদলের মধ্যেই আরও দায়িত্ব বাড়ল চন্দ্রিমা ভট্টাচার্যের। পেলেন তৃণমূল আইন সেলের নতুন দায়িত্ব। মলয় ঘটককে সরিয়ে লিগ্যাল সেলের দায়িত্ব দেওয়া হল তাঁকে। ইতিমধ্যেই দলের তরফে বিবৃতি জারি করে জানানো হয়েছে লিগাল সেলের লিগাল সেলের চেয়ারপার্সনের পদে বসানো হচ্ছে চঃিদ্রমা। তা নিয়েই এখন জোর চর্চা প্রশাসনের অন্দরে। প্রসঙ্গত, সাংগঠনিক স্তরে ইতিমধ্যেই দলের মহিলা সেলের সভানেত্রী পদে রয়েছেন চন্দ্রিমা। অন্যদিকে সরকারি স্তরে অর্থ মন্ত্রকের প্রতিমন্ত্রীর দায়িত্ব সামলাচ্ছেন। একইসঙ্গে রাজ্যের স্বরাষ্ট্র মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রীর দায়িত্ব সামালাচ্ছেন তিনি। এবার তাঁর মাথাতেই এবার নতুন পালক। পেশায় আইনজীবী চন্দ্রিমা আগে চার বছর রাজ্যের আইন মন্ত্রীর দায়িত্ব সামলেছিলেন তিনি। এবার তাঁকেই লিগাল সেলের চেয়ারম্যান করল দল। রাজনৈতিক বিশ্লেষকদের বড় অংশের মতে, সাম্প্রতিককালে একের পর এক মামলায় আদালাতে বারবার ধাক্কা খেতে হয়েছে রাজ্যকে। মুখ পুড়েছে দলের। এমতাবস্থায় চন্দ্রিমাকে লিগাল সেলের মাথায় এনেই কি ফের ঘুরে দাঁড়াতে চাইছে দল? দলের আইনজীবী সেলকে ফের নতুন করে শক্তিশালী করতে আইনজীবী চন্দ্রিমার উপরেই ভরসা করতে চাইছে তৃণমূল? প্রসঙ্গত, এর আগে যতবারই তাঁকে নতুন দায়িত্ব দেওয়া হয়েছে তা মাথা পেতে নিয়েছেন চন্দ্রিমা। সরকারের হয়ে দিল্লিতে প্রতিনিধিত্ব করেছেন। এমনকী রাজ্যের বুকেও একাধিক গুরুত্বপূর্ণ বৈঠকে খোদ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের পাশেও দেখা গিয়েছে চন্দ্রিমাকে। এখন সেই চন্দ্রিমা নতুন দায়িত্ব কেমন সামলান সেটাই দেখার।

অনুব্রতকে চার ঘণ্টার মধ্যে নিঃশর্তে ক্ষমা চাওয়ার নির্দেশ তৃণমূলের, প্রবল ক্ষুব্ধ মমতা

‘দিদির পুলিশের কাছে ১০০ বার ক্ষমা চাইতে পারি’

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মেঃ বোলপুর থানার আইসি লিটন হালদারকে নোংরা ভাষায় গালমন্দ করার জন্য অনুব্রত মণ্ডলকে ভর্ৎসনা করল তৃণমূল। শুক্রবার দুপুরে মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশের পর তৃণমূলের তরফে জানিয়ে দেওয়া হয়, এই সব কথা কোনওভাবেই সমর্থনযোগ্য নয়। তৃণমূলের তরফে এক বিবৃতিতে বলা হয়, অনুব্রত মণ্ডল একজন পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে যে অবমাননাকর মন্তব্য করেছেন, তার সঙ্গে আমাদের দল সম্পূর্ণ দ্বিমত পোষণ করছে এবং এই মন্তব্যকেও সমর্থন করছে না। আমরা তাঁর অপমানজনক ও অগ্রহণযোগ্য-অশ্রাব্য ভাষার তীব্র নিন্দা জানাচ্ছি। ওই বিবৃতিতে আরও বলা হয়েছে, দল তাঁকে নির্দেশ দিচ্ছে, তিনি যেন আগামী চার ঘণ্টার মধ্যে নিঃশর্ত ক্ষমা চান, অন্যথায় তাঁর বিরুদ্ধে শোকজ নোটিশ জারি করা হবে। বৃহস্পতিবার সন্ধের পর থেকে সোশাল মিডিয়ায় একটি অডিও ক্লিপ ভাইরাল হয়ে যায়। সেই অডিও ক্লিপের সত্যতা দুরন্ত বার্তা যাচাই করেনি। তবে অডিও ক্লিপে শোনা যায় বোলপুর থানার পুলিশ কর্তা তথা আইসি লিটন হালদারকে অশ্রাব্য ভাষায় গালমন্দ করছেন বীরভূম জেলার প্রাক্তন জেলা তৃণমূল সভাপতি অনুব্রত মণ্ডল। সেই গালমন্দের বহর এমনই যে কান পাতা দায়। শুধু সেই পুলিশ অফিসার নয়, ফোনে গালমন্দ করার সময়ে তাঁর স্ত্রী ও মা সম্পর্কে নোংরা কথা বলেন অনুব্রত মণ্ডল। যা শুনে পুলিশ ও প্রশাসনের অন্দর আন্দোলিত হয়ে যায়। এর পর শুক্রবার দুপুর থেকে যৌথ ভাবে পদক্ষেপ করে সরকার ও শাসক দল। নবান্নের শীর্ষ সূত্রের মতে, অনুব্রতর এই আচরণের যারপরনাই ক্ষুব্ধ মমতা বন্দ্যোপাধ্যায়। এটা ঠিক যে অনুব্রতর সাংগঠনিক ক্ষমতা ও দলের প্রতি নিষ্ঠার কারণে মমতা বন্দ্যোপাধ্যায় এক সময়ে তাঁর প্রতি স্নেহশীল ছিলেন। অনুব্রতর জেল হেফাজতের সময়েও তাঁর পাশে থাকার চেষ্টা করেছেন তিনি। আর সেই কারণে অনুব্রতকে বিরোধীরা এখন মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে



জুড়ে দেখানোর চেষ্টা করছেন। সুকান্ত মজুমদাররা স্পষ্ট বলছেন, মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রশ্রয়েই এরকম বাড় বেড়েছেন কেষ্ট মণ্ডল। কালীঘাটের ঘনিষ্ঠ এক নেতার কথায়, সার্বিক এই অবস্থায় প্রবল ক্ষুব্ধ মমতা। তিনি মনে করছেন, কিন্তু এই স্নেহের সুযোগ নিয়ে অনুব্রত যা করেছেন, তা ক্ষমার অযোগ্য। বস্তুত মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশ পাওয়ার পরই শুক্রবার অনুব্রত মণ্ডলের বিরুদ্ধে মামলা দায়ের করেছে পুলিশ। অনুব্রত মণ্ডল ওয়াই ক্যাটাগরির নিরাপত্তা পেতেন। তাঁর নিরাপত্তার বহর কমানো হচ্ছে। জেলা পুলিশ সুপার আমনদীপ জানিয়েছেন, আইসি লিটন হালদারের অভিযোগের ভিত্তিতে বিএনএস আইনের চারটি ধারায় অনুব্রত মণ্ডলের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। ওই ধারা গুলি হল ২২৪, ১৩২, ৩৫১ ও ৭৫। এদিকে তৃণমূলের নির্দেশ মেনে শুক্রবার বিকেল সাড়ে ৩টে নাগাদ প্রেস কনফারেন্স করেন অনুব্রত। টাইপ করা একটা চিঠির নিচে সই করে ক্ষমাও চান। সেই চিঠিতেই লেখা, ‘দিদির পুলিশের কাছে ১০০ বার ক্ষমা চাইতে পারি’। নবান্নের নির্দেশে শুক্রবার অনুব্রত মণ্ডলের বিরুদ্ধে মামলা দায়ের করে পুলিশ। এরপরই তৃণমূলের তরফে জানিয়ে দেওয়া হয়, ৪ ঘণ্টার মধ্যে ক্ষমা না চাইলে অনুব্রতর বিরুদ্ধে দল পদক্ষেপ করবে। এরপরই চিঠি লিখে দলের কাছে ক্ষমা প্রার্থনার পাশাপাশি সাংবাদিক বৈঠক থেকেও ক্ষমা চান তৃণমূলের বীরভূমের প্রাক্তন জেলা সভাপতি। একই সঙ্গে এ ব্যাপারে চক্রান্তর প্রশ্নও তুলেছেন কেষ্ট। চিঠিতে পুলিশকে গালিগালাজের বিষয়টিতে দুঃখ প্রকাশ করে অনুব্রতর ব্যাখ্যা, ‘‘আসলে আমি নানারকম ওষুধ খাই, দিদির পুলিশের বিরুদ্ধে কেউ অভিযোগ করলে মাথাগরম হয়ে যায়।’’ একই সঙ্গে মাথা গরমের কারণ ব্যাখ্যা করে অনুব্রত চিঠিতে লিখেছেন, ‘আমি দুঃখিত, কিন্তু আপনাদের ভাবতে হবে, তিনটে মহকুমা বোলপুর, সিউড়ি ও রামপুরহাটের বিশাল মানুষের মহামিছিল দেখে কারা ভয় পেল? বিজেপি কী করে আমার আর আইসির গালমন্দর ফুটেজ পেল? কে দিল? কোনও চক্রান্ত নেই তো?’

শহরে আরও ৫ কোভিড আক্রান্তের খোঁজ, একজন ভর্তি আইসিইউ-তে

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মেঃ আতঙ্কে কারণ না হলেও উদ্বেগ বাড়াচ্ছে করোনা। হঠাৎ নতুন করে ছড়াতে শুরু করেছে সেই ভাইরাস। এবার কলকাতা শহরে ফের পাঁচজন করোনা আক্রান্তের খোঁজ মিলল। আলিপুরের এক বেসরকারি হাসপাতালে পাঁচজনের কোভিজ পরীক্ষার রিপোর্ট পজিটিভ এসেছে। সর্দি-কাশি, জ্বর, শ্বাসকষ্ট, নিউমোনিয়ার মতো উপসর্গ নিয়ে হাসপাতালে যাচ্ছেন রোগীরা। সতর্ক হওয়ার কথা বলছেন হাসপাতালের চিকিৎসক। জানা গিয়েছে, ওই পাঁচজনের মধ্যে একজন আইসিইউ-তে ভর্তি। সংখ্যাটা আরও বাড়ছে বলে জানিয়েছেন চিকিৎসক। এমার্জেন্সিতেও রোগী আসছে। চিকিৎসক জানিয়েছেন, করোনা পরীক্ষার সংখ্যা বেড়েছে। বিশেষত বয়স্ক ও অসুস্থদের ক্ষেত্রে বিশেষ নজর দেওয়া প্রয়োজন বলে মনে করছেন তিনি। চিকিৎসকদের দাবি, পরিস্থিতি আগের মতো না হলেও এখন থেকে প্রস্তুতি নেওয়া প্রয়োজন। পিপিই কিট সহ অন্যান্য সরঞ্জাম তৈরি রাখতে হবে বলেও দাবি করছেন তাঁরা। এছাড়া, হাত পরিষ্কার করা, দূরত্ব বজায় রাখার বিষয়ে নজর দিতে হবে। গতকাল, বৃহস্পতিবার খড়্গাপুর আইআইটি-র এক পড়ুয়ার শরীরে করোনার ভাইরাস মিলেছে। আক্রান্ত পুরুলিয়ার এক চিকিৎসক দম্পতিও। চিকিৎসকরা জানিয়েছেন, বর্তমানে করোনার জেএন.১, এনবি ১.৮.১ ও এলএফ.৭ ভ্যারিয়েন্টই সংক্রমণ ছড়াচ্ছে। এগুলি সবকটিই ওমিক্রনের সাব-লিনিয়েজ। সংক্রমণে সাধারণত খুব বাড়াবাড়ি না হলেও, যাদের ডায়াবেটিস, ক্রনিক রেসপিরেটরি সমস্যা রয়েছে, তাদের ক্ষেত্রে সংক্রমণ উদ্বেগ বাড়াচ্ছে।

আলিপুরদুয়ারে ১০১০ কোটি টাকার সিটি গ্যাস ডিস্ট্রিবিউশন প্রকল্পের শিলান্যাস করেছেন প্রধানমন্ত্রী

আলিপুরদুয়ার, ৩০ মে ঃ ভারতের সিটি গ্যাস ডিস্ট্রিবিউশন (সিজিডি) নেটওয়ার্কের সম্প্রসারণের লক্ষ্যে এক উল্লেখযোগ্য পদক্ষেপ হিসেবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গত বৃহস্পতিবার আলিপুরদুয়ারে সিজিডি প্রকল্পের শিলান্যাস করলেন। এই বিষয়ে জানিয়েছে ভারত সরকারের প্রেস ইনফরমেশন ব্যুরো।তাদের তরফে জানানো হয়েছে, সমাবেশে ভাষণে আলিপুরদুয়ারের ঐতিহাসিক ভূমি থেকে পশ্চিমবঙ্গের মানুষকে শুভেচ্ছা জানাতে তিনি এই অঞ্চলের সমৃদ্ধ সাংস্কৃতিক গুরুত্বের কথা তুলে ধরেন। জোর দিয়ে বলেন, যে এটি শুধুমাত্র সীমান্ত দিয়ে নয়, বরং এটি দৃঢ়মূল ঐতিহ্য এবং যোগাযোগের মাধ্যম দিয়ে চিহ্নিত। প্রধানমন্ত্রী বলেন যে, আলিপুরদুয়ার ভুটানের সীমান্তবর্তী অন্যদিকে তাকে স্বাগত জানাচ্ছে অসম। দুপাশে আছে জলপাইগুড়ির প্রাকৃতিক সৌন্দর্য এবং এই অঞ্চলের অবিচ্ছেদ্য অঙ্গ হিসেবে কোচবিহারের গর্ব। তিনি বাংলার ঐতিহ্য এবং একতায় এর ভূমিকার উল্লেখ করে এই সমৃদ্ধ ভূমিতে তাঁর সফরের সুযোগ পাওয়া নিয়ে সন্তোষ প্রকাশ করেন।এই অঞ্চলের পরিকাঠামো, উন্নয়ন এবং লগ্নি বৃদ্ধি করার জন্য কেন্দ্রীয় সরকারের লাগাতার প্রয়াসের উল্লেখ করে শ্রী মোদী বলেন, যখন ভারত উন্নত দেশ হওয়ার লক্ষ্যে এগিয়ে চলেছে তখন বাংলার অংশগ্রহণ প্রত্যাশিত এবং জরুরি। ভারতের ভবিষ্যতের ভিত্তিস্তম্ভ বাংলার উন্নয়ন। শ্রী মোদী বলেন, এই যাত্রাপথে আজকের দিনটি আরও একটি শক্তিশালী মাইলফলক। তিনি আলিপুরদুয়ার এবং কোচবিহারে সিটি গ্যাস ডিস্ট্রিবিউশন প্রকল্পের কথা ঘোষণা করেন, যা ২.৫ লক্ষের বেশি পরিবারে সুলভে সুরক্ষিত, স্বচ্ছ পাইপের গ্যাস পৌঁছে দেবে। শ্রী মোদী বলেন যে, এই উদ্যোগ এলপিজি সিলিন্ডার কেনার উদ্বেগ দূর করবে, পরিবারগুলিতে নিশ্চিন্তে গ্যাস সরবরাহ নিশ্চিত করবে। এছাড়া সিএনজি স্টেশনের সম্প্রসারণে দূষণহীন জ্বালানি প্রাপ্তির বৃদ্ধি ঘটাবে, কমবে খরচ এবং সময়। এবং পরিবেশগত উপকার হবে। এই নতুন সূচনার জন্য তিনি আলিপুরদুয়ার এবং কোচবিহারের মানুষকে অভিনন্দন জানান। তিনি বলেন, সিটি গ্যাস ডিস্ট্রিবিউশন প্রকল্প শুধুমাত্র একটি পাইপ লাইন নয়, বরং অত্যাবশ্যকীয় পরিষেবা দরজায় দরজায় পৌঁছে দিতে সরকারের দায়বদ্ধতার প্রমাণ। শক্তিক্ষেত্রে ভারতের উল্লেখযোগ্য অগ্রগতির কথা জানিয়ে গ্যাস ভিত্তিক অর্থনীতির লক্ষ্যে দেশের দ্রুত রূপান্তরে জোর দিয়ে প্রধানমন্ত্রী বলেন, ২০১৪-য় সিটি গ্যাস পরিষেবা মাত্র ৬৬টি জেলায় পাওয়া যেত, সেখানে বর্তমানে সিটি গ্যাস ডিস্ট্রিবিউশন নেটওয়ার্ক দেশের ৫৫০টির বেশি জেলাতে ছড়িয়ে পড়েছে। প্রধানমন্ত্রী বলেন, এই নেটওয়ার্ক এখন গ্রামে গ্রামে, ছোট ছোট শহরে পৌঁছে যাচ্ছে। লক্ষ লক্ষ পরিবারের পাইপের গ্যাস পাওয়া নিশ্চিত হচ্ছে। তিনি বলেন, অধিক সংখ্যায় সিএনজির ব্যবহার গণপরিবহনে রূপান্তর ঘটিয়েছে। দূষণের মাত্রা উল্লেখযোগ্যভাবে কমিয়ে দিয়েছে। তিনি বলেন, এই পরিবর্তনে নাগরিকদের স্বাস্থ্যের উন্নতি হবে শুধু তাই নয়, আর্থিক বোঝাও কমাবে।গ্যাসভিত্তিক অর্থনীতির লক্ষ্যে ভারতের রূপান্তরকে গতি দিয়েছে প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনা, জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, এই কর্মসূচি শুরু হয়েছিল ২০১৬-য় যা লক্ষ লক্ষ দরিদ্র মহিলার জীবনে গুরুত্বপূর্ণ উন্নতি ঘটিয়েছে। ধোঁয়া ভর্তি রান্নাঘর থেকে মুক্তি মিলেছে, স্বাস্থ্যের উন্নতি হয়েছে এবং বাড়ির রান্নাঘরের মর্যাদা বাড়িয়েছে। শ্রী মোদী এও বলেন যে, ২০১৪-য় ১৪ কোটির কিছু কম এলপিজি সংযোগ ছিল, সেখানে বর্তমানে এই সংখ্যা ৩১ কোটি ছাড়িয়ে গেছে, সর্বজনীন গ্যাস সংযোগের স্বপ্নকে বাস্তবায়িত করেছে। তিনি বলেন, সরকার দেশজুড়ে গ্যাস বিতরণ নেটওয়ার্ককে শক্তিশালী করেছে। দেশের প্রতিটি জায়গায় এর পৌঁছোনো নিশ্চিত করেছে। শ্রী মোদী আরও বলেন, এলপিজি ডিস্ট্রিবিউটরের সংখ্যা দ্বিগুণেরও বেশি বেড়েছে। ২০১৪-র আগে ভারতে ১৪,০০০-এর কিছু কম এলপিজি ডিস্ট্রিবিউটর ছিল সেখানে বর্তমানে এই সংখ্যা বেড়ে ২৫,০০০ ছাড়িয়েছে। তিনি বলেন, বর্তমানে গ্রামাঞ্চলেও সহজে পাওয়া যায় গ্যাস সিলিন্ডার, ফলে সারাদেশে সব পরিবারের কাছে স্বচ্ছ রান্নার জ্বালানি পাওয়া সম্ভব হয়েছে।প্রধানমন্ত্রী উর্জা গঙ্গা প্রকল্পের গুরুত্বের ওপর জোর দেন। তিনি বলেন, গ্যাসভিত্তিক অর্থনীতির লক্ষ্যে এটি একটি বৈপ্লবিক পদক্ষেপ। তিনি বলেন, এই উদ্যোগে গ্যাস পাইপলাইন নেটওয়ার্ক পূর্বের রাজ্যগুলি পর্যন্ত সম্প্রসারিত হয়েছে ফলে পশ্চিমবঙ্গ এবং অন্য অঞ্চলে গ্যাসের প্রাপ্তি উল্লেখ যোগ্যভাবে বেড়েছে। প্রধানমন্ত্রী বলেন, কেন্দ্রীয় সরকারের এই প্রয়াসে জ্বালানি পাওয়ার সুবিধা বৃদ্ধি করেছে তাই নয় শহর এবং গ্রামাঞ্চলে নতুন কর্মসংস্থানও সৃষ্টি করেছে।

সুপ্রিম কোর্টে ৩ নতুন বিচারপতির শপথগ্রহণ

নয়াদিল্লি, ৩০ মে ঃ শুক্রবার সুপ্রিম কোর্টে তিনজন নতুন বিচারপতি শপথগ্রহণ করেন। কর্নাটক হাইকোর্টের প্রধান বিচারপতি এন ভি আঞ্জারিয়া, গুয়াহাটী হাইকোর্টের প্রধান বিচারপতি বিজয় বিশ্নোই এবং বম্বে হাইকোর্টের বিচারপতি এ এস চন্দুরকর এদিন শপথ গ্রহণ করেন। তাঁদের শপথবাক্য পাঠ করান প্রধান বিচারপতি বি. আর. গাভাইউল্লেখ্য, বৃহস্পতিবারই কেন্দ্রীয় আইন প্রতিমন্ত্রী (স্বাধীন দায়িত্বপ্রাপ্ত) অর্জুন রাম মেঘওয়াল সুপ্রিম কোর্টে ৩ বিচারপতি নিয়োগের কথা ঘোষণা করেন। তিনি জানান, সংবিধান প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করে রাষ্ট্রপতি, ভারতের প্রধান বিচারপতির সঙ্গে পরামর্শের পর, কর্নাটক হাইকোর্টের প্রধান বিচারপতি এন ভি আঞ্জারিয়া, গুয়াহাটি হাইকোর্টের প্রধান বিচারপতি বিজয় বিশ্নোই এবং বম্বে হাইকোর্টের বিচারপতি এ এস চন্দুরকরকে সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে নিয়োগ করতে পেরে খুশি।

FOUNDRY FUEL PRODUCTS LIMITED
Corporate Identification Number: L50500WB1964PLC026053
Registered Office : 7C, Acharya Jagadish Chandra Bose Road, P. S. Shakespeare Sarani, Kolkata -700017
website: www.foundryfuel.co.in, email: foundryfuel@gmail.com
Telephone no.: 033-4066 8072

EXTRACT OF UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER & AUDITED FINANCIAL RESULTS FOR THE YEAR ENDED 31ST MARCH, 2025
(Rs. In Lakhs)

Particulars	Quarter Ended			Year Ended	
	31-March 2025	31-Dec 2024	31-March 2024	31-March 2024	31-March 2024
	Audited	Unaudited	Audited	Audited	Audited
Total income from operations	-	-	-	-	-
Net Profit / (Loss) for the period / year (before Tax and/or Exceptional items)	(12.07)	(4.55)	(11.05)	(24.69)	(25.05)
Net Profit / (Loss) for the period/year before tax (after Exceptional items)	(12.07)	(4.55)	(11.05)	(24.69)	(25.05)
Net Profit / (Loss) for the period/year after tax (after Exceptional items)	(12.07)	(4.55)	(11.05)	(24.69)	(25.05)
Total Comprehensive income for the period / year [Comprising profit / (loss) for the period (after tax) and Other Comprehensive income (after tax)]	(12.07)	(4.55)	(11.05)	(24.69)	(25.05)
Paid-up Equity Share Capital (including forfeited shares)	801.94	801.94	801.94	801.94	801.94
Reserves (excluding Revaluation Reserve)				(926.22)	(901.53)
Earnings Per Share (of Rs.10/- each) [for continuing and discontinued operations] 1. Basic	(0.15)	(0.06)	(0.14)	(0.31)	(0.31)
2. Diluted	(0.15)	(0.06)	(0.14)	(0.31)	(0.31)

Note:

1. The above is an extract of the detailed format of unaudited financial results for the quarter and audited financial results for the year ended 31st March, 2025 filed with the Stock Exchange under Regulation 33 of the SEBI (Listing and Other Disclosure Requirements) Regulations, 2015 (as amended). The full format of the financial results are available on www.bseindia.com and on Company's website www.foundryfuel.co.in.
2. The above financial results have been reviewed by the Audit Committee and approved by the Board of Directors at their meetings held on 30th May, 2025.
3. The above financial results have been prepared in accordance with the guidelines issued by the Securities and Exchange Board of India ("SEBI") and the Indian Accounting Standards [Ind AS] prescribed under section 133 of the Companies Act, 2013.

For and on behalf of the Board of Directors of
Foundry Fuel Products Limited
Nikesh Oswal
Director
DIN 07895357

Place : Mumbai
Date : 30th May, 2025

VINCENT COMMERCIAL COMPANY LIMITED
CIN NO.L51909MH1982PLC294959
Regd Office : B-11/12, BHIWANDIWALA TERRACE, GROUND FLOOR, PRINCESS STREET, MARINE LINES, MUMBAI - 400002 Email Id : vincent.co1982@gmail.com

Part I — **Statement of Standalone Audited Results for the Quarter and year Ended 31/03/2025** (IN RS. LAKH)

Sl. No	Particulars (Refer Notes Below)	3 months ended (31/03/2025) (Audited)	Preceding 3 months ended (31/12/2024) (Audited)	Corresponding 3 months ended in the previous year (31.03.2024) (Audited)	Year to date figures for current period ended (31/03/2025) (Audited)	Year to date figures for the previous year ended (31/03/2024) (Audited)
1.	Income from Operations					
	(a) Revenue From Operation	322.82	-	150.43	499.14	345.05
	(b) Other Operating Income	(44.18)	76.08	58.92	31.90	221.88
	Total income from Operations (net)	278.64	76.08	209.35	531.04	566.93
2.	Expenses					
	(a) Cost of Materials consumed	-	-	-	-	-
	(b) Purchase of stock-in-trade	-	-	-	-	-
	(c) Changes in inventories of finished goods, work-in-progress and stock-in-trade"	-	-	-	-	-
	(d) Employee benefits expense	20.70	13.89	49.75	56.29	71.95
	(e) Depreciation and amortisation expense	-	-	-	-	-
	(f) Finance Cost	-	-	-	-	-
	(g) Other expenses(Any item exceeding 10% of the total expenses relating to continuing operations to be shown separately)	283.48	29.31	240.87	422.26	463.20
	Total Expenses	304.18	43.20	290.62	478.55	535.15
3.	Profit / (Loss) from operations before other income, finance costs and exceptional items (1-2)	(25.54)	32.89	(81.27)	52.49	31.78
4.	Exceptional items	-	-	-	-	-
5.	Profit / (Loss) from ordinary activities before tax (3+4)	(25.54)	32.89	(81.27)	52.49	31.78
6.	Tax expense	-	6.40	-	11.95	5.16
7.	Net Profit / (Loss) from ordinary activities after tax (5-6)	(25.54)	26.49	(81.27)	40.54	26.62
8.	Extraordinary items (net of tax ₹ expense ____ Lakhs)	-	-	-	-	-
9.	Net Profit / (Loss) for the period (7+8)	(25.54)	26.49	(81.27)	40.54	26.62
10.	Share of Profit / (loss) of associates *	-	-	-	-	-
11.	Minority Interest*	-	-	-	-	-
12.	Net Profit / (Loss) after taxes, minority interest and share of profit / (loss) of associates (9+10+11) *	(25.54)	26.49	(81.27)	40.54	26.62
13.	Paid-up equity share capital (Face Value of the Share shall be indicated Rs.10/-each)"	1,000	58.57	58.57	1,000	58.57
	(a) Basic	(0.26)	4.52	(13.88)	0.41	4.54
	(b) Diluted	(0.26)	4.52	(13.88)	0.41	4.54

* Applicable in the case of consolidated results.

Note:

1) Above financial result for the quarter eneded 31st Mar'25 have been reviewed and the board of director at there respective meeting held on 29th May'25.
2) Statutory Auditors have carried out a limited review of these financial result and their report is unqualified.
3) The above results for the quarter & year ended 31st December,2024 along with Limited Review Report & Declaration has been approved by the Board of Directors of the Company.
4) The above financials as on 31/03/2025 have been prepared as per the applicability of Ind AS.
5) The financial result of the company have been prepared with india accounting standards notified under section 133 of the company act 2013 read with relevant rules iuused thereunder and in terms of regulation 33 of the sebi regulations 2015.
6) The company is engaged in the business of " Non-Financial Institution(Loan taken and Given/Investment) " and has only one reportable segment in accordance with IND as 108 "Operating Segment .
7) As per regulation 33 of SEBI (listing obligations and disclosure requirement) Regulation,2015 the company has opted to publish quaterly and yearly audited standalone result.
8) Previous periods figure have been regrouped whereever necessary to confirm to the current periods classification.
9) The Figures of the Last quarter are balancing figures between audited figures in respect of full financial year and unaudited published year to date figures up to the third quarter of the respective financial year.

FOR VINCENT COMMERCIAL COMPANY LTD
Sd/-
SHANTILAL JAIN
(DIRECTOR)
DIN : 00741589

Place : Mumbai
Date : 29.05.2025

রাশিফল

মেষঃআজ আপনি আশার জাদু মন্ত্রের কবলে। এটি আরেকটি উচ্চ-শক্তিসম্পন্ন দিন এবং অপ্রত্যাশিত লাভ আগে থেকেই দেখা যাচ্ছে। আপনার অত্যধিক শক্তি এবং অসাধারণ উদ্যম আপনার অনুকূলে ফলাফল আনতে পারে এবং গার্হস্থ্য উত্তেজনা প্রশমিত করতে পারে। আজ আপনি কিছু প্রাকৃতিক সৌন্দর্য দেখে স্তম্ভিত হয়ে যাবেন। কথা রাখার উপায় না থাকলে কথা দেবেন না।।

বৃষঃস্বাস্থ্যের দিক থেকে নিয়মিত ব্যায়াম এবং সুষম খাদ্যকে অগ্রাধিকার দিন। মানসিক শিথিলতার জন্য ধ্যান এবং যোগব্যায়াম অনুশীলন করুন। পরিবারের সঙ্গে কাটানো সময় আপনার মনকে খুশি করবে।

মিথুনঃআপনার স্ত্রীর মনোরম মেজাজ আপনার দিনকে উজ্জ্বল করে তুলতে পারে। আপনি আজ অজানা উৎস থেকে অর্থ অর্জন করতে পারেন যা আপনার অনেক আর্থিক সমস্যার সমাধান করবে। যদি আপনি আপনার গৃহস্থালীর কর্তব্যগুলি উপেক্ষা করেন তাহলে আপনি যার সাথে বাস করেন তিনি বিরক্ত হবেন। আজকে প্রেমের কোন আশা নেই।

কর্কটঃনতুন পরিকল্পনা করার দিকে মনোনিবেশ করুন, যা ভবিষ্যতে উপকারী প্রমাণিত হতে পারে। আপনি যদি কোনও প্রকল্পে কাজ করে থাকেন, তবে আপনি এর জন্য নতুন অনুপ্রেরণা পাবেন। স্বাস্থ্যের দিক থেকে সাবধানতা অবলম্বন করুন। আপনার মানসিক স্বাস্থ্যের প্রতি মনোযোগী থাকা প্রয়োজন।।

সিংহঃ অস্বস্তি আপনার মানসিক শান্তির ব্যাঘাত ঘটাতে পারে কিন্তু আপনার কোনো বন্ধু এর থেকে বেরনোর জন্য আপনাকে অসম্ভব সাহায্য করবে। দুশ্চিন্তা কাটাতে ভালো গানবাজনা শুনুন। দিনের শুরুটা ভাল হতে পারে তবে সন্ধ্যায় কোনও কারণে আপনি আপনার অর্থ ব্যয় করতে পারেন যা আপনাকে বিরক্ত করবে।

কন্যাঃআপনি শক্তিতে পরিপূর্ণ থাকবেন এবং আজ অসাধারণ কিছু করতে পারেন। বিনিয়োগের যে স্কিমগুলো আপনার কাছে আকর্ষণীয় লাগছে সেগুলো খুঁটিয়ে দেখুন- কথা দেওয়ার আগে বিশেষজ্ঞের পরামর্শ নিন। আপনি আপনার বন্ধুদের সঙ্গে সুন্দর সময় কাটাবেন কিন্তু ড্রাইভিং-এর সময় অতিরিক্ত যত্ন নিতে হবে।

তুলাঃ আজকের দিনটি আপনার জন্য সম্প্রীতি এবং ভারসাম্য বজায় রাখার দিন। আপনি আপনার চারপাশের মানুষের সঙ্গে আরও ভাল সম্পর্ক স্থাপন করার চেষ্টা করবেন। আপনার সামাজিকতা এবং বন্ধুত্ব এই সময়ে গুরুত্বপূর্ণ প্রমাণিত হবে।

বৃশ্চিকঃ আজ আপনার প্রয়োজন আরাম করার এবং ঘনিষ্ঠ বন্ধু ও পরিবারের সদস্যদের মাঝে খুশি খোঁজার চেষ্টা করা।

ধনুঃ আজকের দিনটি আপনার জন্য নতুন সম্ভাবনা এবং উসাহের ইঙ্গিতবাহী। আপনার স্বাভাবিক কৌতূহল এবং আত্মবিশ্বাস আপনাকে প্রতিটি কাজে সফল হতে সাহায্য করবে।

মকরঃ আজকে আপনি খুবই চনমনে থাকবেন। প্রবল উদ্দীপনা থাকায় আপনি অনেক কাজ সম্পন্ন করে ফেলবেন এবং চারদিকে আপনার উৎসাহ ছড়িয়ে দেবেন। ।

কুম্ভঃ আপনার হাসি বিষণ্নতার বিরুদ্ধে যন্ত্রণা দূরীকরণের কাজ করবে। আপনি আজ ব্যবসায় প্রচুর লাভ অর্জন করতে পারেন। আপনি আজ আপনার ব্যবসায় নতুন উচ্চতা দিতে পারেন। আপনার মাধুর্যতা এবং ব্যক্তিত্ব আপনাকে কিছু নতুন বন্ধু তৈরি করতে সাহায্য করবে।

মীনঃ আপনি যে বিষয়গুলি উপেক্ষা করেছেন সেগুলিতে মনোযোগ দেওয়ার সময় এসেছে।

তামিল অভিনেতা রাজেশ প্রয়াত, শোকের আবহ দক্ষিণী চলচ্চিত্র জগতে



চেন্নাই, ৩০ মে ঃ পার্শ্ব চরিত্রে অভিনয় করেও মানুষের মন জয় করেছিলেন, তামিল সিনেমার পরিচিত মুখ, প্রবীণ তামিল অভিনেতা রাজেশ বৃহস্পতিবার স্বাস্থ্যগত জটিলতার কারণে মারা গিয়েছেন। গত বৃহস্পতিবার চেন্নাইয়ের বাসভবনে তাঁকে শেষশ্রদ্ধা জানানো হয়। প্রবীণ অভিনেতা হৃদরোগে আক্রান্ত হয়ে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন।১৫০টিরও বেশি চলচ্চিত্রে অভিনয় করা প্রবীণ তামিল ও মালায়ালাম অভিনেতা রাজেশ চেন্নাইতে মারা গিয়েছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৫ বছর। রেখে গেলেন মেয়ে দিব্যা এবং ছেলে দীপককে। তাঁর স্ত্রী জোয়ান সিলভিয়া ভানাথিরায়ার ২০১২ সালে মারা যান। রাজেশের ভাইপো জানান, বৃহস্পতিবার গুরুতর অসুস্থ হয়ে পড়েন প্রবীণ অভিনেতা রাজেশ। হাসপাতালে নিয়ে যাওয়ার পথেই তিনি প্রাণ হারান।

দিনহাটা স্টেশন সংলগ্ন এলাকা থেকে ২৮ বাংলাদেশি গ্রেফতার

দিনহাটা, ৩০ মে ঃ বৃহস্পতিবার গভীর রাতে দিনহাটা স্টেশন সংলগ্ন এলাকা থেকে ২৮ জন বাংলাদেশি নাগরিককে গ্রেফতার করল পুলিশ। ধৃতদের মধ্যে ৯ জন শিশু এবং ৮ জন মহিলাও রয়েছে।জানা গিয়েছে, বেশ কয়েক বছর আগে এরা ভারতে প্রবেশ করেছিল। তারা হরিয়ানায় ইটভাটায় শ্রমিক হিসাবে করত। হরিয়ানার পুলিশ বাংলাদেশির খোঁজে অভিযানে নামতেই মাস দশেক আগে ধৃতরা বিহারে চলে যায়। সেখান থেকে দিনহাটা হয়ে বৃহস্পতিবার বাংলাদেশে ফেরার চেষ্টা করছিল তারা। সে সময় পুলিশ তাদের গ্রেফতার করে।

পূর্ব রেলওয়ে

টেন্ডার নোটিস নং. ঃ ২২২-এস/১/জোন/২৫-২৬/ডব্লু-II, তারিখ ২৬.০৫.২০২৫। ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার, পূর্ব রেলওয়ে, শিয়ালদহ, ৩য় তল, ডিআরএম বিল্ডিং, কাইজার স্ট্রিট, কলকাতা- ৭০০০১৪ কর্তৃক সিনিয়র ডিভিসনাল ইঞ্জিনিয়ার/(কে-অর্ডিনেশন) /পূর্ব রেলওয়ে/শিয়ালদহ-এর অধীনে নিম্নলিখিত মেরামতি/রক্ষণাবেক্ষণ এবং নতুন কাজের (৫ লাখ টাকা পর্যন্ত কাজের নির্দেশ) জন্য ০১.০৭.২০২৫ থেকে ৩০.০৬.২০২৬ তারিখ পর্যন্ত অনলাইনে জোনাল ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে। **ক্র. নং. ঃ ১। টেন্ডার নং.ঃ টিএন-৩৮-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ১। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/বালিগঞ্জ-এর আওতাধীনে সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার (ওয়ার্কস)/বালিগঞ্জ-এর অধীনে মাঝেরহাট; স্পোর্টস কমপ্লেক্স, স্টেশন অ্যাপ্রোচ/সার্কুলেটিং এরিয়া রোড সহ সকল ব্রীজ, এফওবি, লেভেল ক্রশিং সমেত বালিগঞ্জ এলসি ৫/এস/টি ছাড়িয়ে শিয়ালদহ দক্ষিণ শাখায় বালিগঞ্জ থেকে বজবজ/সিইএসসি লাইন পর্যন্ত স্টেশন, প্ল্যাটফর্ম, স্টেশন বিল্ডিং, স্টাফ কোয়ার্টার্স এবং অন্যান্য নতুন ক্ষুদ্র কাজ ইত্যাদি সাধারণ মেরামতি ও রক্ষণাবেক্ষণ। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ১,০০,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ২,০০,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ২। টেন্ডার নং.ঃ টিএন-৪০-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ২। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/বালিগঞ্জ-এর অধীনে সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার (ওয়ার্কস)/বালিগঞ্জ-এর আওতাধীনে সকল ব্রীজ, এফওবি, লেভেল ক্রশিং, স্টেশন অ্যাপ্রোচ/ সার্কুলেটিং এরিয়া এবং রাস্তা সহ কাঁকুড়গাছি (কেজিকে) কর্ড শাখায় কেমি ৯X/৩৫ পর্যন্ত সমেত শিয়ালদহ দক্ষিণ শাখায় কিমি ০/৫৩ থেকে এলসি নং ৫/এস/টি, কিমি ৫/২৯ (এসপিআর অ্যাপ্রোচ) অবধি স্টেশন, প্ল্যাটফর্ম, সার্ভিস বিল্ডিং, স্টাফ কোয়ার্টার্স এবং অন্যান্য নতুন ক্ষুদ্র কাজ ইত্যাদি সাধারণ মেরামতি ও রক্ষণাবেক্ষণ এবং সেতুগুলির মেরামতি ও রক্ষণাবেক্ষণ (অব কাঠামো), লেভেল ক্রশিং-এ রাস্তার কাজ ইত্যাদি সমগ্র এলাকার কাজ। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ১,৩০,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ২,১৫,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ৩। টেন্ডার নং.ঃ টিএন-৪১-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ৩। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/কাঁচরাপাড়ার আওতাধীনে সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার (ওয়ার্কস)/নৈহাটির অধীনে (কিমি ২৩/৭ থেকে ৭০/১১ পর্যন্ত) সার্ভিস বিল্ডিংগুলির, স্টাফ কোয়ার্টার্স, গেট লজ প্রভৃতির সাধারণ মেরামতি, রক্ষণাবেক্ষণ, পেন্টিং, রঙ ধোয়া, ব্রীজ ও এফওবিগুলি মেরামতি ও রক্ষণাবেক্ষণ এবং নতুন এম/শেড ও আরপিএফ ট্রেনিং সেন্টার, আরপিএফ ব্যারাক -এর রক্ষণাবেক্ষণ ও অন্যান্য নতুন ক্ষুদ্র কাজ।**২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ২,১২,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ২,৫৬,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ৪। টেন্ডার নং.ঃ টিএন-৪২-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ৪। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/কাঁচরাপাড়ার অধীনে সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার (ওয়ার্কস)/নৈহাটি (কিমি ২৩/৭ থেকে ৭০/১১ পর্যন্ত) আওতাধীনে ব্রীজ (অবকাঠামো), প্ল্যাটফর্ম উপরিতল, চতুর্স্পার্শ্বস্থ অঞ্চল, লেভেল ক্রশিং ইত্যাদি সহ রাস্তার কাজ প্রভৃতি মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজ। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ১,২৩,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ২,১১,৫০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ৫। টেন্ডার নং.ঃ টিএন-৪৩-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ৫। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/শিয়ালদহর আওতাধীনে সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার (ওয়ার্কস)/ব্যারাকপুর-এর অধীনে সার্ভিস বিল্ডিং, স্টার্ফ কোয়ার্টার্স প্ল্যাটফর্মসমূহ, পাইপ লাইনের কাজ ও গেট লজের সাধারণ মেরামতি ও রক্ষণাবেক্ষণ এবং অন্যান্য নতুন ক্ষুদ্র কাজ। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ১,০৫,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ২,০২,৫০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ৬। টেন্ডার নং.ঃ টিএন-৪৪-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ৬। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/শিয়ালদহর আওতাধীনে ব্রীজ ও এফওবিসমূহের সাধারণ মেরামতি ও রক্ষণাবেক্ষণ, প্ল্যাটফর্ম উপরিতল, প্ল্যাটফর্ম শেড, চতুস্পার্শ্বস্থ অঞ্চল সহ রাস্তার কাজ, পাইপ লাইনের কাজ, লেভেল ক্রশিং ইত্যাদির কাজ। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ৭৩,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ১,৪৬,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ৭। টেন্ডার নং.ঃ টিএন-৪৫-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ৭। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/বালিগঞ্জ-এর আওতাধীনে সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার (ওয়ার্কস)/চিৎপুর-এর অধীনে দক্ষিণদাঁড়ি কলোনি, পাতিপুকুর কলোনি, উল্টোডাঙ্গা কলোনি, চিৎপুর ইয়ার্ড, দক্ষিণদাঁড়ি ইয়ার্ড, কলকাতা স্টেশন সহ চক্ররেলের দমদম থেকে কলকাতা স্টেশন পর্যন্ত এলাকাতে সার্ভিস বিল্ডিং, স্টার্ফ কোয়ার্টার্স-এর সাধারণ মেরামতি ও রক্ষণাবেক্ষণ ও নতুন ক্ষুদ্র কাজ এবং বর্জ্য পরিশোধন প্ল্যান্ট ইত্যাদি। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ৯৯,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ১,৯৮,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ৮। টেন্ডার নং.ঃ টিএন-৪৬-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ৮। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/বালিগঞ্জ-এর আওতাধীনে সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার (ওয়ার্কস)/চিৎপুর-এর অধীনে চিৎপুর লোয়ার ইয়ার্ড, কাশীপুর ইয়ার্ড, দক্ষিণদাঁড়ি ইয়ার্ড কলকাতা স্টেশন এলাকা, চিৎপুর জল পরিশোধন প্ল্যান্ট, অফিসারদের প্রিন্সেপ ঘাটের রেস্ট হাউস এবং বড়বাজার ইত্যাদি সহ সার্ভিস, কাশীপুর কলোনি, চিৎপুর কলোনি-তে সার্ভিস বিল্ডিং, স্টার্ফ কোয়ার্টার্স এবং অন্যান্য নতুন ক্ষুদ্র কাজ এবং সার্কুলার রেলওয়ের টালা স্টেশন থেকে মাঝের হাট পর্যন্ত সাধারণ মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজ। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ৭৫,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ১,৫০,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ৯। টেন্ডার নং.ঃ টিএন-৪৭-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ৯। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/বালিগঞ্জ-এর অধীনে সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার (ওয়ার্কস)/ চিৎপুর-এর আওতাধীনে ব্রীজসমূহ (অবকাঠামো), প্ল্যাটফর্ম উপরিতল, চতুস্পার্শ্বস্থ এলাকা, লেভেল ক্রশিং ইত্যাদি সহ রাস্তার কাজ-এর সাধারণ মেরামতি ও রক্ষণাবেক্ষণ। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ৭০,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ১,৪০,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ১০। টেন্ডার নং.ঃ টিএন-৪৮-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ১০। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/বারুইপুরের আওতাধীনে সেকশন ইঞ্জিনিয়ার (ওয়ার্কস)/সোনারপুর-এর অধীনে ঢাকুরিয়া (সোনারপুর সহ) থেকে ক্যানিং পর্যন্ত সার্ভিস বিল্ডিং, স্টাফ কোয়ার্টার্স, গেটলজ এবং অন্যান্য নতুন ক্ষুদ্র ইত্যাদি সাধারণ মেরামতি ও রক্ষণাবেক্ষণের। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ৮১,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ১,৬২,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ১১। টেন্ডার নং.ঃ টিএন-৪৯-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ১১। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/বারুইপুরের আওতাধীনে সেকশন ইঞ্জিনিয়ার (ওয়ার্কস)/সোনারপুর-এর অধীনে সোনারপুর (ব্যতীত) থেকে ডায়মন্ড হারবার পর্যন্ত সার্ভিস বিল্ডিং, স্টাফ কোয়ার্টার্স, গেটলজ এবং অন্যান্য নতুন ক্ষুদ্র ইত্যাদি সাধারণ মেরামতি ও রক্ষণাবেক্ষণের। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ৬৮,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ১,৩৬,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ১২। টেন্ডার নং.ঃ টিএন-৫০-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ১২। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/বারুইপুরের আওতাধীনে সেকশন ইঞ্জিনিয়ার (ওয়ার্কস)/সোনারপুর-এর অধীনে বারুইপুর (ব্যতীত) থেকে নামখানা (অন্তর্ভুক্ত) পর্যন্ত সার্ভিস বিল্ডিং, স্টাফ কোয়ার্টার্স, গেটলজ এবং অন্যান্য নতুন ক্ষুদ্র ইত্যাদি সাধারণ মেরামতি ও রক্ষণাবেক্ষণের। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ৯২,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ১,৮৪,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ১৩। টেন্ডার নং.ঃ টিএন-৫১-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ১৩। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/বারাসাতের আওতাধীনে সেকশন ইঞ্জিনিয়ার (ওয়ার্কস)/বারাসাতের অধীনে দমদম ক্যান্টনমেন্ট (৮/৩) থেকে বারাসাত স্টেশন (অন্তর্ভুক্ত) এবং বারাসাত কার শেড পর্যন্ত সার্ভিস বিল্ডিং, স্টাফ কোয়ার্টার্স, গেট লজ এবং অন্যান্য নতুন ক্ষুদ্র ইত্যাদি সাধারণ মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজ। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ৮২,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ১,৬৪,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ১৪। টেন্ডার নং.ঃ টিএন-৫২-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ১৪। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/বারাসাতের আওতাধীনে সেকশন ইঞ্জিনিয়ার/ওয়ার্কস/বারাসাতের অধীনে বারাসাত রেলওয়ে কালোনি (অন্তর্ভুক্ত) থেকে হাসনাবাদ পর্যন্ত সার্ভিস বিল্ডিং, স্টাফ কোয়ার্টার্স, গেট লজ এবং অন্যান্য নতুন ক্ষুদ্র ইত্যাদি সাধারণ মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজ। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ৮১,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ১,৬২,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ১৫। টেন্ডার নং.ঃ টিএন-৫৩-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ১৫। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/বারাসাতের আওতাধীনে সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার (ওয়ার্কস)/বনগাঁও-এর অধীনে বারাসাত-বনগাঁও শাখায় বারাসাত (ব্যতীত) থেকে গোবরডাঙ্গা (ব্যতীত)-র মধ্যে সার্ভিস বিল্ডিং, স্টাফ কোয়ার্টার্স, গেট লজ এবং অন্যান্য নতুন ক্ষুদ্র ইত্যাদি সাধারণ মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজ। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ৬৬,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ১,৩২,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ১৬। টেন্ডার নং.ঃ টিএন-৫৪-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ১৬। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/ বারাসাতের আওতাধীনে সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার (ওয়ার্কস)/বনগাঁও-এর অধীনে বনগাঁও-রানাঘাট শাখায় গোবরডাঙ্গা (সহ) থেকে বনগাঁও (সহ), বনগাঁও থেকে পেট্রাপোল এবং বনগাঁও থেকে গোপালনগর (ব্যতীত)-এর মধ্যে সার্ভিস বিল্ডিংসমহূ, গেট লজ এবং অন্যান্য নতুন ক্ষুদ্র কাজের সাধারণ মেরামতি ও রক্ষণাবেক্ষণ। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ৬৬,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ১,৩২,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ১৭। টেন্ডার নং.ঃ টিএন-৫৫-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ১৭। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/বারাসাতের আওতাধীনে ব্রীজসমূহের (অবকাঠামো) মেরামতি ও রক্ষণাবেক্ষণ। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ৫১,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ১,০২,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ১৮। টেন্ডার নং.ঃ টিএন-৫৬-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ১৮। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/বারাসাতের আওতাধীনে প্ল্যাটফর্ম-এর উপরিতল, চতুস্পার্শ্বস্থ এলাকা, লেভেল ক্রশিং ইত্যাদি সহ রাস্তার কাজের মেরামতি ও রক্ষণাবেক্ষণ। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ৬০,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ১,২০,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ১৯। টেন্ডার নং.ঃ টিএন-৫৭-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ১৯। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/ বারাসাতের আওতাধীনে ফুটওভার ব্রীজগুলির মেরামতি ও রক্ষণাবেক্ষণ। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ৫১,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ১,০২,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ২০। টেন্ডার নং.ঃ টিএন-৫৮-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ২০। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/বারুইপুরের আওতাধীনে ব্রীজসমূহের (অবকাঠামো) মেরামতি ও রক্ষণাবেক্ষণ।**২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ৫১,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ১,০২,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ২১। টেন্ডার নং.ঃ টিএন-৫৯-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ২১। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/বারুইপুরের আওতাধীনে প্ল্যাটফর্ম-এর উপরিতল, চতুস্পার্শ্বস্থ এলাকা, লেভেল ক্রশিং ইত্যাদি সহ রাস্তার কাজের মেরামতি ও রক্ষণাবেক্ষণ। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ৭০,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ১,৪০,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ২২।টেন্ডার নং.ঃ টিএন-৬০ -২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ২২। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/ বারুইপুরের আওতাধীনে ফুটওভার ব্রীজগুলির মেরামতি ও রক্ষণাবেক্ষণ।**২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ৫১,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ১,০২,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ২৩। টেন্ডার নং.ঃ টিএন-৬১-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ২৩। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/রানাঘাট-এর আওতাধীনে সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার /ওয়ার্কস/ রানাঘাট-এর অধীনে রানাঘাট-বনগাঁও জংশন শাখায় সার্ভিস বিল্ডিংসমূহ, স্টাফ কোয়ার্টার্স, গেট লজসমূহ, হর্টিকালচার-এর সাধারণ মেরামতি, রক্ষণাবেক্ষণ, রঙ করা, রঙ ধোয়ার কাজ, ব্রীজ ও ফুটওভার ব্রীজগুলির মেরামতি ও রক্ষণাবেক্ষণ সাতবেড়িয়া হল্ট পর্যন্ত এবং অন্যান্য নতুন ক্ষুদ্র কাজ। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ১,৩৩,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ২,১৬,৫০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ২৪। টেন্ডার নং.ঃ টিএন-৬২-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ২৪। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/রানাঘাট-এর আওতাধীনে সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার /ওয়ার্কস/কৃষ্ণনগর -এর অধীনে সার্ভিস বিল্ডিংসমূহ, স্টাফ কোয়ার্টার্স, গেট লজসমূহ, হর্টিকালচার-এর সাধারণ মেরামতি, রক্ষণাবেক্ষণ, রঙ করা, রঙ ধোয়ার কাজ, ব্রীজসমূহ ও ফুটওভার ব্রীজগুলির মেরামতি ও রক্ষণাবেক্ষনে কাজ ও নতুন ক্ষুদ্র কাজসমূহ (১৫ লাখ টাকা কেবলমাত্র গুডসশেড-এর জন্য)। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ১,২১,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ২,১০,৫০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ২৫। টেন্ডার নং.ঃ টিএন-৬৩-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ২৫। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/বহরমপুর কোর্ট -এর আওতাধীনে সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার /ওয়ার্কস/বেলডাঙ্গা -এর অধীনে সার্ভিস বিল্ডিংসমূহ, স্টাফ কোয়ার্টার্স, গেট লজসমূহ, হর্টিকালচার-এর সাধারণ মেরামতি, রক্ষণাবেক্ষণ, রঙ করা, রঙ ধোয়ার কাজ, ব্রীজসমূহ ও ফুটওভার ব্রীজগুলির মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজ ও নতুন ক্ষুদ্র কাজসমূহ। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ৯৭,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ১,৯৪,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ২৬। টেন্ডার নং.ঃ টিএন-৬৪-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ২৬। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/রানাঘাট -এর আওতাধীনে রোড জোন- এলসি গেটসমূহ, কলোনি, স্টেশনে প্রবেশের পথ ইত্যাদির কাজ। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ৬৫,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ১,৩০,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ২৭। টেন্ডার নং.ঃ টিএন-৬৫-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ২৭। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/বহরমপুর কোর্ট-এর আওতাধীনে রোড জোন- এলসি গেটসমূহ, কলোনি, স্টেশনে প্রবেশের পথ ইত্যাদির কাজ। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ৬৫,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ১,৩০,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ২৮।টেন্ডার নং.ঃ টিএন-৬৬-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ২৮। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/ওয়ার্কস /১/শিয়ালদহর আওতাধীনে সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার/ওয়ার্কস/শিয়ালদহ-র অধীনে নেতাজী সুভাষ ইনস্টিটিউট, গান্ধী কলোনি সহ মুন্সিবাজার কলোনি, হর্ষি স্ট্রিট, নর্থ শিয়ালদহ রোড কলোনি, গুড়িপাড়া, বেলেঘাটা কলোনি, কাইজার স্ট্রিট কলোনি সার্ভিস বিল্ডিংসমহূ, স্টাফ কোয়ার্টার্স, সব ধরনের পাইপ লাইন, স্যানিটারি এবং প্লাম্বিং-এর কাজ সহ অন্যান নতুন ক্ষুদ্র কাজ। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ১,০৯,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ২,০৪,৫০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ২৯। টেন্ডার নং.ঃ টিএন-৬৭-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ২৯। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/ওয়ার্কস/১/শিয়ালদহর আওতাধীনে সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার/ওয়ার্কস/ বি.আর. সিং হাসপাতাল-এর অধীনে বি.আর. সিং হাসপাতাল চত্বরের মধ্যে অবস্থিত সকল জি+৫ বিল্ডিংগুলি এবং সকল স্টাফ কোয়ার্টার্স, ফিজিওথেরাপি বিল্ডিং, মেডিসিন স্টোর, ডরমিটরি, ডরমিটরির কাছে কারপার্কিং এলাকা এবং জি+৫ বিল্ডিং-এর পেছনে চতুস্পার্শ্বস্থ এলাকা থেকে হাসপাতাল-এর দক্ষিণতম গেট পর্যন্ত সাধারণ মেরামতি ও রক্ষণাবেক্ষণ।**২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ৯১,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ১,৮২,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ৩০। টেন্ডার নং.ঃ টিএন-৬৮-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ৩০। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/ওয়ার্কস/১/শিয়ালদহর আওতাধীনে সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার/ ওয়ার্কস/বি.আর. সিং হাসপাতাল-এর অধীনে ওপিডি বিল্ডিংসমূহ, মেট্রো বিল্ডিং এবং অন্যান্য সকল সার্ভিস বিল্ডিং তৎসহ বিবিধ কাজ যা বি.আর. সিং হাসপাতাল চত্বরে অবস্থিত সেই সঙ্গে ইলেকট্রিকাল অফিস, মর্গ এলাকা এবং হাসপাতালের সম্মুখভাগের চতুস্পার্শ্বস্থ এলাকার সাধারণ মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজ। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ৯১,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ১,৮২,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ৩১। টেন্ডার নং.ঃ টিএন-৬৯-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ৩১। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/ওয়ার্কস/১/শিয়ালদহর আওতাধীনে সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার/ওয়ার্কস/ নারকেলডাঙ্গার অধীনে নারকেলডাঙ্গা কার শেড এবং এনএসএস ইর্য়াড, সিক লাইন, ট্রিপ শেড, আরপিএফ ব্যারাক, ট্র্যাক মেশিন শেড, ট্রেনিং স্কুল, বিআরআই অফিস, আইওডব্লু অফিস ও গোডাউন সহ সকল সার্ভিস বিল্ডিং-এর সাধারণ মেরামতি ও রক্ষণাবেক্ষণ এবং সকল পাইপ লাইন, স্যানিটারি এবং প্লাম্বিং-এর কাজ, হ্যান্ড টিউব ওয়েল ইত্যাদি তুলে নেওয়া ও পুনর্স্থাপন করা ইত্যাদি সহ অন্যান্য নতুন ক্ষুদ্র কাজ। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ৯১,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ১,৮২,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ৩২। টেন্ডার নং.ঃ টিএন-৭০-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ৩২। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/ওয়ার্কস/১/শিয়ালদহর আওতাধীনে সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার/ ওয়ার্কস/নারকেলডাঙ্গার অধীনে মোঘলবাগান এবং কামারডাঙ্গা কলোনিতে সকল স্টাফ কোয়ার্টার্স-এর সাধারণ মেরামতি ও রক্ষণাবেক্ষণ এবং সকল পাইপ লাইন, স্যানিটারি এবং প্লাম্বিং-এর কাজ, হ্যান্ড টিউব ওয়েল ইত্যাদি তুলে নেওয়া ও পুনর্স্থাপন সমেত অন্যান্য নতুন ক্ষুদ্র কাজ। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ৯১,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ১,৮২,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ৩৩। টেন্ডার নং.ঃ টিএন-৭১-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ৩৩। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/ওয়ার্কস/১/শিয়ালদহর আওতাধীনে সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার (ওয়ার্কস)/স্টেশন/শিয়ালদহ-র অধীনে স্টেশন সার্ভিস বিল্ডিংসমূহ, পার্সেল শেড, চতুস্পার্শ্বস্থ এলাকা, প্ল্যাটফর্মসমূহ, সাবওয়ে, আরআরআই কেবল, ইলেকট্রিক পাওয়ার হাউস, ডিজেল শেড, মোটর গ্যারাজ এবং এনসিসি ইয়ার্ড (ব্রীজ নং ১ পর্যন্ত), এসএল অফিস, টিআরডি, পার্সেল রোড, নর্দমা সহ শিয়ালদহ স্টেশনের সাধারণ মেরামতি ও রক্ষণাবেশ্রণের কাজ এবং সকল ধরনের পাইপ লাইন, স্যানিটারি এবং প্লাম্বিং-এর কাজ সহ অন্যান্য নতুন ক্ষুদ্র কাজ। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ১,৯৪,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ২,৪৭,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ৩৪। টেন্ডার নং.ঃ টিএন-৭২-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ৩৪। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/ওয়ার্কস/১/শিয়ালদহর আওতাধীনে সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার /ওয়ার্কস/শিয়ালদহ-র অধীনে ডিভিসনাল রেলওয়ে ম্যানেজারের অফিস, কন্ট্রোল বিল্ডিং, শিয়ালদহ অফিসারদের কলোনি, বিসি রায় অডিটোরিয়াম, ক্যাশ অফিস, পি.এল. রায় ইনস্টিটিউট, অফিসারদের রেস্ট হাউস, আরএমএস বিল্ডিং, হ্যান্ডিক্রাফ্ট, এসআই অফিস, সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, রেল রিক্রুটমেন্ট সেল অফিস, লেডিস আরপিএফ ব্যারাক এবং পিডব্লুআই/বেলেঘাট অফিস সমেত সার্ভিস বিল্ডিংগুলি সাধারণ মেরামতি ও রক্ষণাবেক্ষণ এবং সকল ধরনের পাইপ লাইন, স্যানিটারি এবং প্লাম্বিং-এর কাজ সহ অন্যান্য নতুন ক্ষুদ্র কাজ। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ১,২১,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ২,১০,৫০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ৩৫। টেন্ডার নং.ঃ টিএন-৭৩-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ৩৫। কাজের নাম ঃ** সিনিয়র ডিভিসনাল ইঞ্জিনিয়ার (এইচকিউ)/শিয়ালদহ-র অধীনে বি.আর. সিং হাসপাতালে হর্টিকালচার, ডিভিসনাল রেলওয়ে ম্যানেজারের বিল্ডিং, অফিস এবং চতুস্পার্শ্বস্থ এলাকা, বি. সি. রায় ইনস্টিটিউট শিয়ালদহ কলোনি, বেলভেডিয়ার পার্ক, জিএম বাংলো, জাজেস কোর্ট, নিউ আলিপুর রেলওয়ে কলোনি, আলিপুর রেলওয়ে প্রেসিসেস (বার্ন স্ট্যান্ডার্ড), ঘোলসাপুর কলোনি, সুইমিংপুল এবং বেহালা স্পোর্টস কমপ্রেক্স। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ৯১,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ১,৮২,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ৩৬। টেন্ডার নং.ঃ টিএন-৭৪-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ৩৬। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/ওয়ার্কস/II/শিয়ালদহ-র আওতাধীনে সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার/ওয়ার্কস/বেলভেডিয়ার পার্ক-এর অধীনে অফিসারদের বাংলো, বেলভেডিয়ার পার্ক-এর ওয়েলফেয়ার বিল্ডিং প্রভৃতির জন্য সার্ভিস বিল্ডিংসমূহ, স্টাফ কোয়ার্টার্স এবং অন্যান্য ক্ষুদ্র নতুন কাজ। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ৯১,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ১,৮২,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ৩৭। টেন্ডার নং.ঃ টিএন-৭৫-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ৩৭। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/ওয়ার্কস/II/শিয়ালদহ-র আওতাধীনে সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার/ওয়ার্কস/ বেলভেডিয়ার পার্ক-এর অধীনে অফিসারদের বাংলো, যার মধ্যে জিএম বাংলো অন্তর্ভুক্ত এবং ১/১এ জাজেস কোর্ট রোড-এর সার্ভিস বিল্ডিংসমূহ, স্টাফ কোয়ার্টার্স- এর সাধারণ মেরামতি ও রক্ষণাবেক্ষণ এবং অন্যান্য ক্ষুদ্র নতুন কাজ ইত্যাদি। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ৮২,৫০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ১,৬৫,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ৩৮। টেন্ডার নং.ঃ টিএন-৭৬-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ৩৮। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/ওয়ার্কস/II/শিয়ালদহ-র আওতাধীনে সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার/ওয়ার্কস/নিউ আলিপুর-এর অধীনে নিউ আলিপুর কলোনি, আলিপুর রেলওয়ে প্রেমিসেস (বার্ন স্ট্যান্ডার্ড)-এ সার্ভিস বিল্ডিংসমূহ, স্টাফ কোয়ার্টার্স- এর সাধারণ মেরামতি ও রক্ষণাবেক্ষণ এবং অন্যান্য নতুন ক্ষুদ্র কাজ ইত্যাদি। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ৯৭,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ১,৯৪,০০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ৩৯। টেন্ডার নং.ঃ টিএন-৭৭-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ৩৯। কাজের নাম ঃ** অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/ওয়ার্কস/II/শিয়ালদহ-র আওতাধীনে সিনিয়র সেকশন ইঞ্জিনিয়ার/ ওয়ার্কস/ঘোলসাপুর-এর অধীনে ঘোলসাপুর রেলওয়ে কলোনি, স্পোর্টস কমপ্লেক্স এবং সুইমিংপুল-এ সার্ভিস বিল্ডিং, স্টাফ কোয়ার্টার্স- এর সাধারণ মেরামতি ও রক্ষণাবেক্ষণ এবং অন্যান্য নতুন ক্ষুদ্র কাজ ইত্যাদি। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ১,০৯,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ২,০৪,৫০০.০০ টাকা। **ক্র. নং. ঃ ৪০। টেন্ডার নং.ঃ টিএন-৭৮-২৫-২৬। ২৫-২৬-এর জন্য জোন নং. ৪০। কাজের নাম ঃ** সমগ্র শিয়ালদহ ডিভিসনে শহরতলি শাখায় স্টিল ব্রীজগুলির ক্ষুদ্র ও বৃহৎ (অধি কাঠামো)-র সাধারণ মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজ। **২৫-২৬-এর জন্য জোনাল টেন্ডার মূল্য ঃ** ১,০৯,০০,০০০.০০ টাকা। **প্রদেয় বায়না অর্থ ঃ** ২,০৪,৫০০.০০ টাকা। **জোনাল কাজের মেয়াদ শেষের তারিখ ঃ** ক্র. নং. ১ থেকে ৪০-এর জন্য ৩০.০৬.২০২৬। **টেন্ডার বন্ধের তারিখ ও সময় ঃ** ক্র. নং. ১ থেকে ৪০ -এর জন্য ২০.০৬.২০২৫ তারিখ বিকেল ৩টেয়। **টেন্ডার খোলার তারিখ ও সময় ঃ** ক্র. নং. ১ থেকে ৪০ -এর জন্য ২০.০৬.২০২৫ তারিখ বিকেল ৩টে ৩০ মিনিটে। টেন্ডার নথি এবং অন্যান্য বিশদ **www.ireps.gov.in** -এ পাওয়া যাবে। উপরোক্ত ওয়েবসাইটে ই-টেন্ডারিং পদ্ধতিতে টেন্ডার দাখিল করতে হবে। হাতে হাতে দাখিল করা দরপ্রস্তাব সরাসরি বাতিল বলে গণ্য হবে। SDAH-72/2025-26

টেন্ডার বিজ্ঞপ্তি পূর্ব রেলওয়ের ওয়েবসাইট www.er.indian railways.gov.in/www.ireps.gov.in-এও পাওয়া যাবে।

আমাদের অনুসরণ করুন ঃ @EasternRailway @easternrailwayheadquarter

আবহাওয়া

দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। উত্তর ও দক্ষিণ চব্বিশ পরগনা এবং পূর্ব মেদিনীপুর জেলায় ভারী বৃষ্টি হওয়ার সম্ভাবনা আছে। এছাড়া উত্তরবঙ্গের জলপাইগুড়ি, কোচবিহার এবং আলিপুরদুয়ার জেলাতেও ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে।উল্লেখ্য, বাংলায় এবার আগেভাগেই বর্ষা। দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু উত্তরবঙ্গে প্রবেশ করেছে। নির্ধারিত সময়ের দশ দিন আগে উত্তরবঙ্গে ঢুকে পড়েছে বর্ষা। উত্তরবঙ্গের সঙ্গেই উত্তর-পূর্ব ভারতের রাজ্য ছাড়িয়ে সিকিম এবং বিহারের কিছু অংশেও ঢুকে গিয়েছে বর্ষা। প্রসঙ্গত, কেরলে ১ জুন বর্ষা ঢোকার কথা। তার বেশ কয়েকদিন আগে সেখানেও বর্ষা ঢুকে পড়েছিল।

জোয়ার-সকাল ০৬টা ৫০মিনিট এবং রাত ০১১টা ৫০ মিনিট। ভাটা-সকাল১০টা ৫০মনিট এবং রাত ১০টা ৫০মনিট। সূর্যঃউদয় ঃ সকাল ৫টা ০৫মিনিটে এবং অস্ত যাবে আজ ৬টা ০৫মনিটে।

শিবপুর বোটানিক্যাল গার্ডেনে নতুন চা বাগানের উদ্বোধন

দুরন্ত বার্তা, হাওড়া, ৩০ মে ঃ আকর্ষণ বাড়লো হাওড়ার শিবপুর বোটানিক্যাল গার্ডেনের (আচার্য জগদীশচন্দ্র বসু উদ্ভিদ উদ্যান)। ভ্রমণার্থীরা এখানে এলে দেখতে পাবেন নতুন চায়ের বাগান। এর পাশাপাশি এখন থেকে এখানে মিলবে নামমাত্র মূল্যে চারা গাছও। এবার শুধু মানসিক বা চোখের তৃপ্তি নয়, বি গার্ডেনে এসে আপনি পেয়ে যাবেন মূল্যবান বিভিন্ন গাছের চারা। ২০ টাকা থেকে প্রায় ১০০ টাকা পর্যন্ত এখানে গাছ মিলবে। প্রায় ৭০ রকমের চারা গাছ রয়েছে। গার্ডেন যতক্ষণ খোলা থাকবে সেই সময় পর্যন্ত এই গাছ পাওয়া যাবে। গত কয়েক হাওড়া বোটানিক্যাল গার্ডেন বিভিন্নভাবে সমৃদ্ধ হয়েছে। আকর্ষণ বেড়েছে প্রকৃতিপ্রেমী মানুষের। বোটানিক্যাল গার্ডেনে আসা মানুষ এবার গার্ডেনে ভ্রমণের পাশাপাশি সঙ্গে নিয়ে যেতে পারবেন চারা গাছ। শুধু শীত নয়, সারা বছর যাতে মানুষের উপস্থিতি বেশি থাকে সেইদিক গুরুত্ব দিয়ে বিভিন্ন সুযোগ-সুবিধা দেওয়া হচ্ছে বোটানিক্যাল গার্ডেনে। এখান থেকেই চারা গাছ সংগ্রহ করতে পারবেন সকলে, যার মাধ্যমে প্রকৃতি আরও সবুজ এবং সুন্দর হয়ে উঠতে পারে। সকলের আকর্ষণের জন্য শুক্রবার সকালে একটি চা বাগানেরও উদ্বোধন হয় এখানে। শুক্রবার গার্ডেনে আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন হয় নতুন ওই চায়ের বাগানের। একইসঙ্গে চারা গাছ বিক্রয় স্টলেরও উদ্বোধন হয় এদিন। হাওড়ার আবহাওয়ায় সঙ্গে সামঞ্জস্য রেখে চা বাগান করা কার্যত কঠিন চ্যালেঞ্জ ছিল গার্ডেন কর্তৃপক্ষের কাছে। ফেব্রুয়ারিতে প্রথম চা গাছ রোপণ করা হয়। এই আবহাওয়ার সঙ্গে চা গাছের পরিচর্যা করে প্রায় আশি শতাংশ গাছ সফলভাবে বাঁচানো গিয়েছে বলে জানা গেছে। গাছ বসানোর আগে পরীক্ষামূলক ভাবে মাটি পরীক্ষা করা হয়। কয়েক মাসের পরিশ্রমে এই চা বাগান সফল লাভ করেছে। আনুষ্ঠানিকভাবে এদিন এই চায়ের বাগানের উদ্বোধন করা হয়েছে। নতুন চা বাগান পর্যটকদের জন্য আরও আকর্ষণ বাড়িয়ে তুলবে বলে মনে করছেন গার্ডেন কর্তৃপক্ষ। এরই পাশাপাশি অনেক দূর থেকে মহিলা পর্যটকরা কোলের শিশুকে নিয়েও আসেন এখানে। অনেক ক্ষেত্রে খোলা আকাশের নিচে শিশুকে মাতৃদুগ্ধ পান করাতে অসুবিধার মধ্যে পড়েন তারা। শিশুর মায়েদের কথা ভেবে গার্ডেনের কয়েকটি জায়গায় শিশু পোষণ কক্ষ নামে পাকা ঘর তৈরি করা হয়েছে, যাতে সেখানে বিনা সংকোচে মায়েরা কোলের শিশুকে দুগ্ধ পান করাতে পারেন। এদিনের অনুষ্ঠান সম্পর্কে এখানকার অধিকর্তা ডঃ দেবেন্দ্র সিং জানান, এখানে প্লান্টস সেল কাউন্টার তৈরি করা হয়েছে। এখানে ৭২টা গাছ চিহ্নিত করা হয়েছে। সেই গাছগুলো যতটা কম সম্ভব দাম রাখা হয়েছে বিক্রি করার জন্য।

মেট্রো কর্মীরা একজন অসুস্থ মহিলা যাত্রীকে সাহায্য করেন

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মে ঃ মেট্রো কর্মীরা এবং আরপিএফ কর্মীরা সর্বদা যাত্রীদের নিরাপত্তা, সুরক্ষা এবং মসৃণ ভ্রমণ নিশ্চিত করার জন্য বিশেষ যত্ন নেন। তারা মেট্রো প্রাঙ্গণের ভিতরে সাহায্যের প্রয়োজন এমন যাত্রীদের প্রতিও বিশেষ মনোযোগ দেন। তাদের সতর্কতা সকলের কাছে ব্যাপকভাবে প্রশংসিত হয়েছে। ২৮.০৫.২০২৫ তারিখে, মেট্রো কর্মীরা এমন একটি উদাহরণ স্থাপন করেছেন যা তা একজন মহিলা যাত্রীকে সাহায্য করেছে। সেদিন প্রায় ২০:০৯ মিনিটে, কবি সুভাষ মেট্রো স্টেশনে প্রায় ৩০ বছর বয়সী একজন মহিলা যাত্রী হঠাৎ অসুস্থ বোধ করতে শুরু করেন। কর্তব্যরত স্টেশন কর্মী এবং আরপিএফ কর্মীরা তাৎক্ষণিকভাবে তার সাহায্যে ছুটে যান। পরিস্থিতির গুরুত্বতা বিবেচনা করে, তাকে তাৎক্ষণিকভাবে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয় এবং আরও চিকিৎসার জন্য নিকটবর্তী হাসপাতালে পাঠানো হয়, আরপিএফ এবং স্টেশন কর্মীরা তার সাথে ছিলেন। তার স্বামীকেও তার দেওয়া মোবাইল নম্বরের মাধ্যমে তার অবস্থা সম্পর্কে অবহিত করা হয়। কিছুক্ষণ পর, তার স্বামী হাসপাতালে এসে তাকে দেখাশোনা করেন। যাত্রীর সমস্ত জিনিসপত্র তার হাতে তুলে দেওয়া হয়। মেট্রো কর্মীদের সদয় এবং সময়োপযোগী সাহায্যের জন্য তারা আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

পশ্চিমবঙ্গ ও বাংলাদেশ উপকূলে গভীর নিম্নচাপ পরিণত হয়েছে

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মে ঃ উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর এবং পশ্চিমবঙ্গ ও বাংলাদেশ উপকূলে গভীর নিম্নচাপ, অতি গভীর নিম্নচাপে পরিণত হয়েছে। পশ্চিমবঙ্গের ক্যানিং এবং বাংলাদেশের মোংলার মাঝামাঝি রায়দীঘির কাছে এটি স্থলভাগে প্রবেশ করেছে। তাহলে কালকে প্রবেশ করার পর আজ রাতের মধ্যে এটি শক্তি হারিয়ে গভীর নিম্নচাপে পরিণত হয়ে যাবে। নিম্নচাপ বাংলাদেশের দিকে সরে যাওয়ায়, দক্ষিণবঙ্গের পশ্চিমের জেলাগুলিতে বৃষ্টির সম্ভাবনা কমবে। উপকূল ও বাংলাদেশ লাগুয়া জেলাগুলিতেই ভারী বৃষ্টির সতর্কতা। এই জেলাগুলিতে দমকা ঝড়ো হাওয়া বইতে পারে। উত্তরবঙ্গে ভারী থেকে অতি ভারী বৃষ্টির সতর্কতা আজ শনিবার পর্যন্ত। আজ উত্তর ও দক্ষিণ চব্বিশ পরগনা নদিয়া মুর্শিদাবাদে দু এক জায়গায় অতি ভারী বৃষ্টির সতর্কতা। উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা দু এক জায়গায় ৬৫ কিলোমিটার গতিবেগে দমকা ঝড় বাতাস বইতে পারে।

সুন্দরবনের গ্রামে বাঘ ঢোকা আটকাতে নতুন করে জাল টাঙানো শুরু

দুরন্ত বার্তা, কুলতলি, ৩০ মে ঃ সুন্দরবনের গ্রামে বাঘ ঢোকা আটকাতে নতুন করে জাল টাঙানোর কাজ শুরু হচ্ছে। সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পের আওতাধীন বিস্তীর্ণ জঙ্গল জুড়ে নতুন নেট টাঙানো হবে বলে ঠিক হয়েছে। এছাড়াও বেশ কিছু এলাকা এখনও অরক্ষিত। সেই এলাকাগুলি যেমন প্রথম বার জাল দিয়ে ঘেরা হবে, তেমনই বাকি অংশে পুরনো নেট পরিবর্তন করা হবে। কতটা জাল লাগবে তার হিসেব চলছে। সেই মতো দফতরের কাছে প্রস্তাব দেবেন প্রকল্পের অফিসাররা। টাইগার রিজার্ভের ডেপুটি ফিল্ড ডিরেক্টর জোন্স জাস্টিন বলেন,এখনও পরিকল্পনা চলছে। জুলাইয়ের শেষে এই টাইগার রিজার্ভের দুটি রেঞ্জের প্রায় ১০০ কিলো মিটার এলাকা জুড়েই নেট লাগানোর ব্যাপারে উদ্যোগী হয়েছেন অফিসাররা। বহুদিন ধরে নতুন করে জাল টাঙানো হয়নি। তাই অনেক জায়গায় তা নষ্ট হয়ে গিয়েছে।

ঘুটিয়ারীশরিফ থেকে আগ্নেয়াস্ত্র সহ গ্রেফতার এক

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, জয়নগর,৩০ মে ঃ সামনে বিধানসভার নির্বাচন। আর তার আগে চলছে সারা রাজ্যে জুড়ে বেআইনি অস্ত্র উদ্ধারের কাজ। বারুইপুর পুলিশ জেলার উদ্যেগে প্রতিটা থানা এলাকায় এই বেআইনি অস্ত্র উদ্ধারের অভিযান চলছে। আর বৃহস্পতিবার রাতে গোপন সূত্রে খবর পেয়ে বারুইপুর পুলিশ জেলার ঘুটিয়ারীশরিফ ফাঁড়ির পুলিশ বাঁশড়া গ্রাম পঞ্চায়েতের হরিহর কলেজ এলাকা থেকে আগ্নেয়াস্ত্র সহ এক ব্যক্তিকে গ্রেফতার করে। ধৃতের নাম প্রেম মন্ডল। ধৃতের কাছ থেকে একটি দেশি বন্দুক, এক রাউন্ড কার্তুজ ও একটি স্মাট মোবাইল ফোন উদ্ধার হয়েছে। ধৃতকে শুক্রবার আলিপুর আদালতে পেশ করা হয়। ধৃতকে নিজেদের হেফাজতে নিয়ে তদন্তের কাজ এগিয়ে নিয়ে যেতে চায় পুলিশ। ধৃতের সাথে আর কে কে আছে। কি তাদের প্লান ছিলো,এই অস্ত্র কোথায় থেকে তার কাছে এসেছে সমস্ত কিছুই জানার চেষ্টা করছে পুলিশ।

প্রশাসনকে তোয়াক্কা না করে নদী পাড় দখল করে সরকারি পার্কের উপর অবাধে চলছে ইমারতির ব্যবসা

দুরন্ত বার্তা, বসিরহাট, ৩০ মে ঃ ইছামতি নদীর পাড়ে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের নামাঙ্কিত সৈকত দখল করে অবাধে চলছে ইমারতি ব্যবসা, সঙ্গে সিন্ডিকেট রাজ। যার জেরে নদী বাঁধে ভাঙ্গন, থমকে উন্নয়নের কাজ। অভিযোগ পেয়েও নির্বিকার প্রশাসন। বসিরহাটের টাকি পৌরসভার ১৬নং ওয়ার্ডের হাসনাবাদ মধ্য বাজার সংলগ্ন নজরুল সৈকতের ঘটনা। বাম আমলে টাকি পৌরসভার উদ্যোগে কয়েক লক্ষ টাকা ব্যয়ে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের আবক্ষ মূর্তি বসিয়ে সূচনা হয়েছিল নজরুল সৈকতের। পরবর্তীতে ২০১৭ সালে পুনরায় সৌন্দর্য্যায়ন ও সংস্কারের কাজও সম্পন্ন হয়। সেই নজরুল সৈকতে টাকি, হাসনাবাদ, হিঙ্গলগঞ্জ ও বসিরহাট সহ রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে প্রচুর পর্যটকের আনাগোনা হতো। একদিকে হাসনাবাদে ইছামতি নদী বক্ষে নৌ ভ্রমণ অন্যদিকে এই নজরুল সৈকত হয়ে উঠেছিল বিনোদনের এক অনন্য ঠিকানা। ঠিক সেখানেই দীর্ঘদিন ধরে প্রশাসনকে তোয়াক্কা না করে চলছে ইমারতী ব্যবসা। ৮, ১০ ও ১২ চাকার লরি করে সেখানে ইট, বালি, পাথর, খোয়া ও সিমেন্ট সহ একাধিক সামগ্রী এনে নজরুল সৈকতের উপর মজুদ করা হচ্ছে। সেখান থেকে সেগুলো পণ্যবাহী নৌকায় চলে যাচ্ছে সুন্দরবনের বিভিন্ন প্রান্তে। যার ফলে একদিকে বড় বড় ভারী গাড়িগুলি নদীর বাঁধের উপর দিয়ে যাতায়াত করায় বাঁধ ক্ষতিগ্রস্ত হচ্ছে। পাশাপাশি পার্কটির বিশাল অংশ ক্ষতিগ্রস্ত হয়ে নদীগর্ভে চলে গিয়েছে। রাস্তা আটকে দিনের পর দিন বড় বড় লরি দাঁড়িয়ে থাকায় স্থানীয় মানুষ, দোকান, পথচারি থেকে শুরু করে ছোটখাটো গাড়ি এমনকি অ্যাম্বুলেন্স পর্যন্ত আটকে পড়ে ওই রাস্তায়। সঙ্গে ওড়ে ধুলোবালি। স্থানীয় ব্যবসায়ী মিঠু ঘোষ বলেন, এখানে একপ্রকার জোরপূর্বক সিন্ডিকেটের মাধ্যমে এই ব্যবসা দিনের পর দিন

চলে আসছে। উল্টো দিকে ১৫নং ওয়ার্ডে আমাদের দোকান। আমাদের দোকানে ঠিকঠাক করে মানুষজন যাতায়াত করতে পারে না। গাড়ি রাখতে পারেনা। পাশাপাশি রোগী থেকে শুরু করে ডাক্তাররাও দোকানে ঢুকতে পারেন না। যার জেরে সমস্যার মধ্যে রয়েছে এলাকার একাধিক ব্যবসায়ী। একাধিকবার তাদের বারণ করা সত্ত্বেও তারা কাজ বন্ধ না করায় আমি বাধ্য হয়ে হাসনাবাদ থানা, টাকি পৌরসভার চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানকে লিখিতভাবে অভিযোগ করি। তারপরেও মেলেনি কোনো সুরাহা। বিষয়টি নিয়ে প্রতিবাদ করতে গেলে ক্ষোভের মুখে পড়েন টাকি পৌরসভার ১২নং ওয়ার্ডের কাউন্সিলর মনোরঞ্জন পাত্র। তিনি বলেন, সিপিএমের প্রাক্তন কাউন্সিলর সুব্রত মুখোপাধ্যায়ের ভাইপো গোপাল মুখোপাধ্যায় এই সিন্ডিকেট চালান। আমি বেশ কয়েকবার মানুষের পরিষেবা দেওয়ার জন্য এই সিন্ডিকেটকে অনুরোধ করি তাদের জন্য যে নির্দিষ্ট ঘাট তৈরি রয়েছে হাসনাবাদ ব্রিজের পাশে সেখানে গিয়ে তারা ব্যবসা করুক। কিন্তু তা না করে তারা দিনের পর দিন এখানে তাদের ব্যবসা চালিয়ে যাচ্ছেন। যার ফলে সমস্যার মধ্যে পড়ছেন স্থানীয় বাসিন্দারা। আমি প্রতিবাদ করলে আমার বিরুদ্ধে একাধিক অভিযোগ এনে আমাকে কালিমালিপ্ত করার চেষ্টা করা হয়েছে। বিষয়টি নিয়ে টাকি পৌরসভার উপ-পৌরপ্রধান ফারুক গাজী বলেন, বিষয়টি নিয়ে আমাদের কাছে একটি মাস পিটিশন জমা পড়েছে। আমরা টাকি পৌরসভার বোর্ড অফ কাউন্সিলররা বৈঠক করে হাসনাবাদ থানায় লিখিতভাবে ও বসিরহাটের এসপিকে মেলের মাধ্যমে অভিযোগ জানাই, যাতে সমস্যার সমাধান হয়। ইতিমধ্যে নজরুল সৈকত সংস্কারের জন্য ৪৫ লক্ষ টাকা ঢুকে গিয়েছে। যাতে দ্রুত পার্কটির সংস্কার করা যায়০ সেই জন্য আমরা বদ্ধপরিকর। যার বিরুদ্ধে অভিযোগ সেই গোপাল মুখোপাধ্যায়ের সঙ্গে একাধিকবার যোগাযোগ করার চেষ্টা করা হলেও তিনি ফোন ধরেননি।

লরেটো কলেজে প্রকাশিত হল দুটি ই-জার্নাল

কলকাতা, ৩০ মে ঃ লরেটো কলেজ আনুষ্ঠানিকভাবে ছাত্র-ছাত্রী এবং শিক্ষক-শিক্ষকাদের জন্যে দুটি মাল্টি ডিসিপ্লিনারির প্রথম সংস্করণ এবং পিয়ার রিভিউ করা ই-জার্নাল প্রকাশ হলো সম্প্রতি। এরমধ্যে বিএড বিভাগের প্রকাশিত 'পেরিটিয়া', যার মূল লক্ষ্য শিক্ষকের শিক্ষা সম্বন্ধীয় অন্বেষণ এবং অনুসন্ধান এই জার্নালে প্রকাশ করা, যেখানে লরেটো কলেজ জার্নাল অফ হিউম্যানিটিজ অ্যান্ড সোশ্যাল সায়েন্স বিভিন্ন ধরনের গবেষণা বিষয়ক একটি প্ল্যাটফর্ম তৈরি করে সমাজবিজ্ঞান এবং মানববিদ্যার ওপর। যে কোনও শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী কিংবা শিক্ষক-শিক্ষিকা এই জার্নালগুলিতে তাদের গবেষণাপত্র প্রকাশ করতে পারে। এই ই-জার্নালগুলি সেন্ট জেভিয়ার্স ইউনিভার্সিটির উপাচার্য বিশিষ্ট শিক্ষাবিদ ডঃফেলিক্স রাজ উদ্বোধন করেন। তিনি ভারতের নতুন শিক্ষা মডেলে এই দুই ই-জার্নালের গুরুত্বপূর্ণ ভূমিকা সম্বন্ধে বক্তব্য রাখেন এবং উচ্চশিক্ষায় কলেজের অর্জিত নতুন মাইলফলকের প্রশংসা করেন। অনুষ্ঠানটিতে উপস্থিত ছিলেন লরেটো প্রোভিন্সিয়ালেট এবং লরেটো এডুকেশন বোর্ডের প্রতিনিধিরা, উভয় খণ্ডের অবদানকারীরা এবং তাঁদের পর্যালোচকরা, কলেজের পড়ুয়া ও শিক্ষকবৃন্দ, অন্যান্য কলেজের শিক্ষকবৃন্দ, পাশাপাশি এলসিজেএইচএসএস-এর সম্পাদক ড. কৃষ্ণকলি হাজরা এবং পেরিশিয়া-র সম্পাদক ড. কৌশুব ব্যানার্জি ও সম্পাদকমণ্ডলীর সদস্যবৃন্দ। কলেজের টিচার-ইন-চার্জ সিস্টার ড. এ. নির্মলা এই সাফল্যে যাঁরা অবদান রেখেছেন তাঁদের সকলকে আন্তরিক কৃতজ্ঞতা ও অভিবাদন জানান। গবেষণা ও উন্নযন সেলের আহ্বায়ক ড. দিনাজ আর. জিজিবয়ও কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং ব্যাখ্যা করেন যে, এই দুটি সাময়িকী কীভাবে উচ্চমানের গবেষণাকে সমর্থন ও স্থায়ীভাবে সংরক্ষণ করার লক্ষ্যে দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ করেছে, যা ভবিষ্যতে সফল প্রকাশনায় পরিণত হয়ে আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন করবে। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ড. শুভশ্রী বসু এবং অনুষ্ঠানের সমাপ্তি ঘটে শ্রীপর্ণা দাসগুপ্তর আনুষ্ঠানিক কৃতজ্ঞতা জ্ঞাপনের মাধ্যমে।

ভাঙড়ের পর এবার বারুইপুরে গাঁজা উদ্ধার করলো পুলিশ লোকাল ট্রেনে ট্রলি ব্যাগে করে গাঁজা পাচারের চেষ্টা

দুরন্ত বার্তা, বারুইপুর, ২৮ মে ঃ ভাঙড়ের পর এবার বারুইপুরে গাঁজা উদ্ধার করলো পুলিশ। লোকাল ট্রেনে করে এসে ট্রলি ব্যাগে করে গাঁজা পাচারের চেষ্টা। কোচবিহারের দিনহাটা থেকে ট্রলি ব্যাগে করে গাঁজা নিয়ে এসে তা বারুইপুরের সূর্যপুরে বিক্রির চেষ্টা করেছিল গাঁজা কারবারির দল। বারুইপুরের শাসন স্টেশনে এসে অন্য গাড়ি ধরার ছক ছিল তাদের। মঙ্গলবার বারুইপুর থানার পুলিশের তৎপরতায় গাড়িতে উঠতে যাওয়র আগেই শাসন বাইপাসের নির্মিয়মান জলের ট্যাংকের কাছ থেকে তিনজন গাঁজা কারবারিকে গ্রেফতার করলো বারুইপুর থানার পুলিশ। ট্রলি ব্যাগ থেকে উদ্ধার হয়েছে প্রায় ৩৫ কেজি গাঁজা। যার বাজার দর কয়েক লক্ষধিক টাকা। পাওয়া গিয়েছে তিনটি মোবাইল ফোন ও নগদ ২২৭০ টাকা। ধৃতদের নাম আব্দুল বাসার মণ্ডল ওরফে খোকন,বাইড় বারুইপুর থানার সূর্যপুর এলাকায়। লাদেন হক, বাড়ি দিনহাটার করালা এলাকায়। মৃনাল হক, বাড়ি দিনহাটার করালা এলাকায়। এদিন সকালে শিয়ালদহ দক্ষিনদামোদর ভ্যালি কর্পোরেশন (ডিভিসি) বিদ্যুতের দাম বাড়িয়ে দেওয়ায় সঙ্কটে রাজ্যের ইস্পাত অনুসারী শিল্প। ডিভিসি ইউনিট প্রতি বিদ্যুতের মাশুল ৪ টাকা থেকে ৬ টাকা করেছে। সমস্যার সমাধানে মুখ্যমন্ত্রীর দ্বারস্থ হয়েছেন অনুসারী শিল্পের তিন সংগঠন। এই তিন সংগঠন হল- স্পঞ্জ আয়রণ মিলস্ অ্যাসোসিয়েশন, স্টিল রোলিং মিলস্ অ্যাসোসিয়েশন ও ফেরো অ্যালয় কনজিউমার অ্যাসোসিয়েশন। স্টিল রোলিং মিলস্ অ্যাসোসিয়েশনের প্রতিনিধি দীনেশ আদুকিয়া জানান, ডিভিসি এক লাফে বিদ্যুতের দাম ৩০ শতাংশ বাড়িয়ে দিয়েছে। শুধু তাই নয়, এই অতিরিক্ত বিদ্যুতের দাম ৬ বছর আগে থেকে কার্যকর করতে চাইছে। ফলে এক একটি অনুসারী শিল্প সংস্থার ঘাড়ে গড়ে ৩০ কোটি টাকা অতিরিক্ত বিদ্যুৎ মাশুল চেপে যাচ্ছে। এই সমস্যার সমাধানে মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ চেয়ে লেখা চিঠিতে তাঁরা জানিয়েছেন, ডিভিসি হঠাৎ ইউনিট প্রতি বিদ্যুতের মাশুল ৪ টাকা থেকে ৬ টাকা করেছে। তার ওপর কয়লার গুণমান খারাপ, এই অজুহাত দিয়ে ইউনিট প্রতি আরও ৩০ থেকে ৫০ পয়সা অতিরিক্ত নিচ্ছে। যেখানে প্রতিবেশী রাজ্য ঝাড়খণ্ডে ডিভিসি বিদ্যু মাশুল নিচ্ছে প্রতি ইউনিটে ৪ টাকা ৪২ পয়সা। দীনেশ আদুকিয়া বলেন, 'ফলে রপ্তানীতে শিল্পসংস্থাগুলো বিপুলভাবে মার খাবে। কারণ বিদ্যুতের দাম বাড়ায় উপাদন খরচ বেড়ে যাবে। ওদিকে ঝাড়খণ্ড অনেক কম দামে একই উপাদিত পণ্য দেশ বিদেশে রপ্তানী করতে পারবে। প্রসঙ্গত, এরাজ্যে ডিভিসি-র আওতাধীন এলাকায় ইস্পাত অনুসারী শিল্পের প্রায় ১৫০টি ইউনিট রয়েছে। স্পঞ্জ আয়রণ কারখানা, ফেরো অ্যালয় প্লান্ট রয়েছে। প্রায় ২ লক্ষ কর্মী কাজ করেন এই ইউনিটগুলিতে। সংস্থাগুলির বক্তব্য, তাঁরা বর্ধিত হারে বিদ্যুতের মাশুল দিতে রাজি। কিন্তু ৩০ শতাংশ নয়, বিদ্যুত মাশুলের হার কমিয়ে ১০ শতাংশ বাড়ানো হোক। ৬ বছরের বকেয়া বিল কিস্তিতে মেটানোর সুযোগ দেওয়া হোক। মুখ্যমন্ত্রীর কাছে তাঁদের আবেদন, বিদ্যু দপ্তরের 'বেঙ্গল ইলেক্ট্রিসিটি রেগুলেটরি কমিশন' ডিভিসির সঙ্গে বিষয়টি নিয়ে আলোচনা করে সমস্যার সমাধান করুক। শাখার স্টেশন থেকে লক্ষীকান্তপুর লোকাল ট্রেনে চেপে শাসন স্টেশনে নামে দুষ্কৃতীরা। এখানেই প্রশ্ন উঠেছে ট্রেনে করে মাদক পাচারের রুট ব্যবহার করলেও রেল পুলিশ জানতে পারলো না কেন?আর রেল পুলিশের এই নিরাপত্তার গাফিলতি নিয়ে সরব মানুষজন। পুলিশ জানিয়েছে, সূর্যপুরের আব্দুল বাসারের কাছে গাঁজা বিক্রির ছক ছিল দুই দুষ্কৃতীর। দীর্ঘদিন ধরে মাদক কারবার চালিয়ে আসছে। কোথায় কোথায় এই কারবার চলতো তা পুলিশ তদন্ত করে খতিয়ে দেখছে।আর ক্রমাগত গাঁজা উদ্ধারের এই ঘটনায় রীতিমতো শংকিত সাধারণ মানুষ।

নিয়োগে অনিয়মের দায়ে হাই কোর্টে মামলা আর জি কর আন্দোলনের দুই মুখের

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মে ঃ 'স্পোটিং' বিতর্কে কলকাতা হাই কোর্টের দ্বারস্থ হলেন দুই জুনিয়র ডাক্তার। অভিযোগ, নিয়ম মেনে কাউন্সেলিংয়ের পরেও তাঁরা পছন্দের জায়গায় 'স্পোটিং' পাননি। সরকারের এই সিদ্ধান্তের বিরুদ্ধে দেবাশিস হালদার, আসফাকুল্লা নাইয়া শুক্রবার হাই কোর্টের দৃষ্টি আকর্ষণ করেন। মামলা দায়েরের অনুমতি দিয়েছে আদালত। বিচারপতি পার্থসারথি চট্টোপাধ্যায়ের বেঞ্চে আগামী সপ্তাহে (৫ জুন) এই মামলার শুনানির সম্ভাবনা। আর জি কর মহিলা চিকিৎসকের ধর্ষণ এবং খুনের ঘটনার পর রাজ্য জুড়ে যে আন্দোলন শুরু করেছিলেন জুনিয়র ডাক্তারেরা, তার অন্যতম 'মুখ' হয়ে উঠেছিলেন দেবাশিস, আসফাকুল্লারা। সম্প্রতি তাঁদের 'স্পোটিং' নিয়ে বিতর্ক দানা বাঁধে। অভিযোগ, কোথায় নিয়োগ চান, নিয়ম মেনে কাউন্সেলিং প্রক্রিয়ায় তা সিনিয়র রেসিডেন্টদের কাছে জানতে চাওয়া হয়েছিল। তাঁরা জানিয়েওছিলেন। কিন্তু তার পরেও শুধুমাত্র তিন জন পছন্দের জায়গায় 'স্পোটিং' পাননি। ঘটনাচক্রে, তিন জনই আরজি কর আন্দোলনে পর্বে প্রথম সারিতে ছিলেন। দেবাশিস, আসফাকুল্লা ছাড়াও এই তালিকায় আছেন আরজি কর হাসপাতালের চিকিৎসক অনিকেত মাহাতো। পছন্দের জায়গায় যদি 'স্পোটিং' না দেওয়া হয়, তবে কাউন্সেলিংয়ের মানে কী? প্রশ্ন তুলেছেন দেবাশিস, অনিকেতরা। এখনও পর্যন্ত অনিকেতের তরফে হাই কোর্টে মামলা হয়নি। তবে জুনিয়র ডাক্তারদের সংগঠন ডব্লিউবিজেডিএফ সূত্রে খবর, অনিকেতও একই ভাবে মামলা করবেন।

উদ্বোধনের পরেও বারুইপুর হাসপাতালে এখনো চালু হল না নয়া

দুরন্ত বার্তা,বারুইপুর, ৩০ মে ঃ রোগীদের ভিড়ের চাপ কমাতে ও আধুনিক স্বাস্থ্য পরিষেবা তুলে দিতে দু বছর আগে বারুইপুর মহকুমা হাসপাতালে নয়া ভবন তৈরি করা হয়। কিন্তু এখনো তা চালু না হওয়ায় ক্ষোভ রোগী মহলে। বারুইপুর মহকুমা হাসপাতালে রোগীদের ভিড় বাড়ছে। ফি মাসে তিন হাজার রোগী ভর্তি হয় এই হাসপাতালে। চাপ কমাতে দু'বছর আগে ঘটা করে উদ্বোধন করা হয়েছিল নতুন ভবনের। কিন্তু আজও তা চালু হল না। পরিকাঠামো সংস্কারও অনেক বাকি। এর জেরে ক্ষুব্ধ রোগীর পরিবার পরিজন। হাসপাতালের সুপার ধীরাজ রায় বলেন, স্বাস্থ্যদপ্তরকে অনেকআগেই এই বিষয়ে অবগত করা হয়েছে। আর অনুমোদন এসে গেলেই পূর্ত দপ্তরকে দিয়ে বাকি পরিকাঠামোর কাজ গুলো করানো হবে। আর সব কিছু হয়ে গেলে তবেই চালু হবে এই ভবন। দু'বছরআগে দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদের মৎস্য ও প্রাণী দপ্তরের কর্মাধ্যক্ষ জয়ন্ত ভদ্রের উদ্যোগে পঞ্চদশ আর্থিক কমিশনের অর্থে হাসপাতালে নতুন দোতলা একটি ভবনের উদ্বোধন হয়। ভবনে রোগীদের জন্য আলাদা ৪০- ৪৫ টি বেড থাকবে। হাসপাতালের পুরুষ বিভাগ এই ভবনে স্থানান্তর হওয়ার কথা ছিল। কিন্তু তা আজও হল না। জানা যায়, হাসপাতালে প্রতি মাসে আউটডোর পরিষেবা নিতে প্রায় ৪০ হাজার মানুষ আসেন। ইমারজেন্সি বিভাগে প্রতি মাসে প্রায় ১২ হাজার রোগী আসেন চিকিৎসা করাতে। মহকুমা ও সুপার স্পেশালিটি হাসপাতাল মিলিয়ে বেড সংখ্যা ৩৬৮টি। হাসপাতালে তৈরি নতুন ভবনের একতলায় শৌচালয় থাকলেও দোতলায় তা নেই। পাশাপাশি, বিদ্যুৎ, জলের ব্যবস্থা কোনওটাই করা হয়নি। অক্সিজেনের পাইপ লাইন সহ আরও কাজ বাকি। সবই পড়ে আছে স্বাস্থ্য দপ্তরের অনুমোদন না আসায়। হাসপাতাল সূত্রের খবর,দ্রুত যাতে অনুমোদন আসে তার জন্য একবছর আগে স্বাস্থ্যদপ্তরকে প্রয়োজনীয় কাগজ পত্রও জমা দিয়েছিল হাসপাতাল কর্তৃপক্ষ।অনুমোদন এলেই সংস্কারের বাকি কাজ শুরু হয়ে যাবে। রোগীর আত্মীয়রা বলেন, নতুন ভবনে আলাদা বেডে রোগীদের চিকিৎসা শুরু হলে অনেক সমস্যার সমাধান হবে। এত রোগীর চাপ এক বেডে দু'জন রোগীকে একসঙ্গে থাকতে হয়।

কলকাতার গুণীজনরা পেলেন কলকাতা রত্ন

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মে ঃ পশ্চিম বঙ্গের রাজধানী, ঐতিহ্যর শহর। প্রাচ্য ও প্রাশ্চাত্তের মেলবন্ধনে তৈরী কলকাতার ইতিহাস আজ বিশ্বখ্যাত। সেই শহরের প্রখ্যাত ব্যক্তিত্ব ও প্রতিষ্ঠানকে সম্মান জানাতে গীতাঞ্জলি আয়োজিত কলকাতা রত্ন'২৫ সম্মান জানানো হল কলকাতাব স্প্রিং ক্লাবে গত ২৫ মে। সংস্থার সম্পাদক সুব্রত সিনহা জনালেন কলকাতা রত্ন পেলেন জাদু সম্রাট পি.সি সরকার,শিক্ষাবিদ পবিত্র সরকার, ডঃ এম পি রোজারিও, অভিনেত্রী মমতা শংকর, অভিনেতা সব্যসাচী চক্রবর্তী এবং সংগীতশিল্পী লোপামুদ্রা মিত্র, তৎসহ প্রাইড অফ কলকাতা পেলেন আলোকচিত্রী অনুপম হালদার ডাঃ সুবিমল বিশ্বাস ক্রিকেটার সম্বরণ বন্দ্যোপাধ্যায়, ফুটবলার প্রশান্ত বন্দ্যোপাধ্যায়, অভিনেত্রী তনুশ্রী চক্রবর্তী, আন্তর্জাতিক স্বল্পদৈর্ঘ্যে ছবির নির্মাতা শুভাশিস সরকার এবং সঙ্গীত অগ্নিভ বন্দোপাধ্যায়, সুরঞ্জন পাল, ডাঃ অরিন্দম বিশ্বাস আন্তর্জাতিক নৃত্য পরিচালক সুদর্শন চক্রবর্তী এছাড়াও বেস্ট অফ কলকাতা হিসাবে সম্মানিত হলেন উত্তর কলকাতার অন্যতম সংগঠন উদয়ের পথে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পাঁচালী মুন্সি কাশিনাথ দাস লক্ষ্মী দাস, এবং মৃত্যুঞ্জয়া চক্রবর্তী সহ বিশিষ্ট গুণীজন।

গতকাল বিজেপি কর্মীদের ওপর সন্ত্রাসের অভিযোগে সাংবাদিক বৈঠক

শিল্পী দত্ত কোচবিহার ৩০ মে ঃ গতকাল আলিপুরদুয়ারে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জনসভার উদ্দেশ্যে যখন বিজেপি কর্মী সমর্থকেরা যাচ্ছিলেন সেই সময়. জেলার বিভিন্ন প্রান্তে তাদের গাড়ি আক্রমণ এবং মারধরের অভিযোগ উঠেছিল তৃণমূলের বিরুদ্ধে। এই অভিযোগ তুলেই শুক্রবার কোচবিহার জেলা বিজেপির সদর কার্যালয়ে সাংবাদিক বৈঠক করলেন জেলা সভাপতি অভিজি বর্মন। উপস্থিত ছিলেন তুফানগঞ্জের বিজেপি বিধায়িকা মালতি রাভা রায় জেলার বিজেপি নেতা বিরাজ বোসহ অন্যান্যরা। সাংবাদিকদের মুখোমুখি হয়ে অভিজি বর্মন অভিযোগ করে বলেন - এক নক্কার জনক দিনের সাক্ষী থাকলো কোচবিহারের সাধারণ মানুষ। গতকাল যখন আমাদের কর্মী সমর্থকরা আলিপুরদুয়ারে দেশের প্রধানমন্ত্রীর জনসভার উদ্দেশ্যে যাচ্ছিলেন সেই সময় তৃণমূলের দুষ্কৃতীরা প্রায় ৩০ টি গাড়ি ভাঙচুর করেছে। আমাদের কর্মীদের বিভিন্ন জায়গায় ব্যাপক মারধর করা হয়েছে। ৫০ জনেরও বেশি বিজেপি কর্মী আহত হয়েছেন যার মধ্যে চারজন বিজেপি কর্মী গুরুতর আহত অবস্থায় বর্তমানে একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। তিনি আরো বলেন - তৃণমূল সন্ত্রাস করতে পারে এই আশঙ্কা আমাদের আগেই ছিল সে কারণেই আমি ২৮ তারিখ পুলিশ সুপারকে লিখিতভাবে জানিয়েছিলাম কিন্তু তারপরেও গতকালের এই ঘটনা অত্যন্ত লজ্জাজনক। তিনি অভিযোগ করে বলেন শুধু যাওয়ার সময় না ফেরার সময়ও উদয়ন গুহর বাড়ির ১০০ মিটারের মধ্যে আমাদের কর্মীদের গাড়ি ভাঙচুর হয়েছে। অভিজি বাবু বলেন তৃণমূলের লাঠিয়াল বাহিনী যতই সন্ত্রাস করুক না কেন আগামীর ২৬ শে বিধানসভা ভোটে মানুষ তার উত্তর দেবে বিজেপি কর্মীরা এখন একজোট তাই সন্ত্রাস করে দমন করা যাবে না শুধু সময়ের অপেক্ষা। সময় মতো সব করায়-গন্ডায় বুঝে নেওয়া হবে। প্রসঙ্গত উল্লেখ্য গতকাল দিনহাটা জুড়ে ও সন্ত্রাস হয় দিনহাটায় যখন বিজেপি কর্মীরা আক্রান্ত হন তখন তারা আশ্রয় নেয় দিনহাটার বিজেপি নেতা অজয় রায় বাড়িতে। এরপর পুলিশের উপস্থিতিতেই অজয় রায়ের বাড়িতে ব্যাপক এলোপাথাড়ি ভাবে ঢিল ছড়া হয় এমনকি তার মূল ফাটকেও বাঁশের লাঠি দিয়ে আঘাত করা হয়। সিসিটিভি ক্যামেরায় সেই ছবি বর্তমানে ভাইরাল। এই প্রসঙ্গে দিনহাটার বিজেপি নেতা অজয় রায় বলেন - আমি প্রধানমন্ত্রী সবাই আলিপুরে ছিলাম সেই সময় হঠাৎ করে শুনতে পাই উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহর গুন্ডাবাহিনী আমার বাড়িতে হামলা চালায়। সাথে সাথে আমি পুলিশ প্রশাসনকে জানাই তবে পুলিশ প্রশাসনের ভূমিকা ছিল অত্যন্ত নিন্দনীয় এবং লজ্জাজনক। তিনি বলেন সিসিটিভি ফুটে যে দেখা যাচ্ছে পুলিশের সামনেই সমস্ত ঘটনা তাই পুলিশ প্রশাসনের যারা ছিলেন তারা তৃণমূলের কর্মী না প্রশাসনের লোক তা বোঝে ওটা খুব দায়। আমার বাড়িতে বৃদ্ধ মা রয়েছে আমার ছোট দুই সন্তান রয়েছে তারপরেও যেভাবে বাড়িতে ইট পাটকেল ছড়া হয়েছে একথা বলার বা নিন্দা করার কোন ভাষা নেই আসলে উদয়ন গুহ জনসমর্থন নেই দিনহাটায় তাই সন্ত্রাস করে ভয় দেখিয়ে তিনি জনসমর্থন আদায় করতে চাইছেন অপেক্ষা করুন সময় মতো সব উত্তর তিনি পেয়ে যাবেন। যদিও এই প্রসঙ্গে কোচবিহার জেলা তৃণমূল কংগ্রেসের চেয়ারম্যান গিরীন্দ্রনাথ বর্মন বলেন - এটা ওদের মনগড়া অভিযোগ। পুলিশ সঠিক ভূমিকা গ্রহণ করেছে আর সে কারণেই এখনো কোচবিহার শান্ত রয়েছে।

DECILLION FINANCE LIMITED

Regd. Off: Jajodia Tower ,3, Bentinck Street, 4th Floor, Room No. D-8, Kolkata - 700 001
CIN : L65999WB1995PLC067887
E-MAIL : info@decillion.co.in WEBSITE : www.decillion.co.in

EXTRACT OF AUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER & YEAR ENDED 31ST MARCH, 2025

(₹. in Lakhs)

Sl. no	Particulars	Quarter Ended			Year Ended	
দুরন্ত বার্তা, বর্ধমান, ৩০ মে ঃ প্রায় প্রতিবছরই বন্যার জলে ক্ষতিগ্রস্ত হত পূর্ব বর্ধমানের জামালপুর ব্লকের দামোদর নদ সংলগ্ন অঞ্চলগুলি। বন্যার প্রকোপে ফসল নষ্ট হওয়ার পাশাপাশি ভেঙে পরে যেত দরিদ্র পরিবারগুলির মাটির ঘরবাড়ি। ফলে প্রতিবছর ভিটেমাটি ছেড়ে বানভাসীদের আশ্রয় নিতে হতো স্থানীয় ত্রাণ শিবিরগুলিতে। নষ্ট হয়ে যেত বাড়ির আসবাবপত্র থেকে বিভিন্ন নিত্য প্রয়োজনীয় জিনিসগুলিও। তাই বর্ষা এলেই সিঁদুরে মেঘ দেখত জামালপুরের বানভাসীরা, বিশেষ করে জোতশ্রীরাম অঞ্চলের শিয়ালি, মাঠ শিয়ালি, কোরা প্রভৃতি এলাকার মানুষরা। এই বছরেও জামালপুরে বন্যা পরিস্থিতিতে ক্ষতিগ্রস্ত হয় এই এলাকাগুলি। নিজেদের ঘর বাড়ি সব ভেঙে যায়। ওই সময় জামালপুরের বন্যা পরিস্থিতি খতিয়ে দেখতে গিয়েছিলেন রাজ্যের মন্ত্রী অরূপ বিশ্বাস। এছাড়া পূর্ব বর্ধমানের জেলা শাসক হিসাবে যোগদান করেই বার বার জামালপুরে বন্যা পরিস্থিতি খতিয়ে দেখতে ছুটে গিয়েছিলেন জেলাশাসক আয়েশা রানী এ। তিনি নিজে যেমন ত্রাণ বণ্টন করেন পাশাপাশি প্রতিটি ক্ষতিগ্রস্ত বাড়ি নিজে ঘুরে ঘুরে দেখেন। তার ফলে ওই এলাকাগুলির প্রায় প্রতিটি দুঃস্থ ও ক্ষতিগ্রস্ত পরিবার বাংলার বাড়ি প্রকল্পে ঘর পেয়েছেন। নতুন বাড়ি তৈরি করছেন ওই এলাকার মানুষ। শুধু তাই নয়, ব্লকের কোরা প্রাথমিক বিদ্যালয়ের খুব খারাপ অবস্থা থাকায় গ্রামবাসীদের অনুরোধে জেলাশাসকের উদ্যোগে সেখানে নতুন করে তৈরি হচ্ছে স্কুল। এলাকায় খোঁজ নিতে গেলে সেখানকার মানুষ প্রত্যেকে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানানোর পাশাপাশি ধন্যবাদ জানান, পূর্ব বর্ধমানের জেলাশাসক আয়েশা রানি এ কে। এছাড়াও তারা এস ডি ও বুদ্ধদেব পান, পঞ্চায়েত সমিতির পূর্ত কর্মাধক্ষ্য মেহমুদ খাঁন, বিডিও পার্থ সারথী দে ও বিধায়ক অলোক কুমার মাঝিকে ধন্যবাদ জানান। মেহেমুদ খান বলেন, বন্যা কবলিত এলাকায় প্রতিবছরই মাটির ঘর ভেঙে গিয়ে অসুবিধায় পড়তেন এই এলাকার মানুষরা। কিন্তু তিনি ধন্যবাদ জানান, মা -মাটি -মানুষের সরকারের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে। এই এলাকার সকল মানুষ বাংলার বাড়ি প্রকল্পে ঘর পেয়েছে। নদীর ধারের এই অসহায় মানুষগুলোর স্থায়ী সমস্যার সমাধান হলো। তিনি আরো বলেন, পূর্ব বর্ধমান জেলার জেলাশাসক হিসাবে যোগদান করার পরই ডি এম ম্যাডাম আয়েশা রানী এ বার বার এসেছেন বন্যা পরিস্থিতি ও বন্যা পরবর্তী পরিস্থিতি খতিয়ে দেখতে। ছিলেন এস ডি ও সাহেব, এম এল এ সাহেব, বিডিও সাহেব সহ তিনি নিজে গিয়ে দেখে জেলা প্রশাসনকে রিপোর্ট করেছিলেন। বিজেপির পক্ষ থেকে জামালপুর ১ মন্ডল সভাপতি প্রধান চন্দ্র পাল বলেন, জোতশ্রীরাম অঞ্চলের ওই গ্রাম গুলিতে নদী বাঁধ সংলগ্ন এলাকার গরীব মানুষেরা ঘর পেয়েছেন তার জন্য তিনি সাধুবাদ জানাচ্ছেন। তার সাথে সাথে তিনি আরো জানান, এখনও অনেক মানুষ আছেন যারা ঘর পাবার যোগ্য কিন্তু ঘর পাননি। তারাও যাতে ঘর পান সে বিষয়ে তিনি প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন। বিডিও পার্থ সারথী দে তিনি জানান, ডি এম ম্যাডাম নিজে এসে ওই এলাকাগুলো দেখেছেন এবং ওখানে যাদের প্রকৃত ঘর দরকার ছিল সবাই ঘর পেয়েছে। তিনি বলেন সরকারি প্রকল্পের যথযথ রূপায়ণ করাই প্রশাসনের কাজ। তিনি আরো বলেন দ্বিতীয় কিস্তি তে ব্লকে ৪৭২৬ জনের টাকা ঢুকেছে তার মধ্যে জোতশ্রীরাম অঞ্চলেই ৬৫৯ জনের বাড়ি করার দ্বিতীয় কিস্তির টাকা দেওয়া হয়েছে। তিনি ডি এম ম্যাডাম ও এস ডি ও সাহেব কে ধন্যবাদ জানিয়েছেন।

রেলকর্মীকে হেনস্থা, রেলগেটে বিক্ষোভ

দুরন্ত বার্তা, পূর্ব বর্ধমান, ৩০ মে ঃ এক রেলকর্মীকে পুলিশি হেনস্থার প্রতিবাদে মানকর স্টেশনের পূর্ব রেলগেট বন্ধ করে বিক্ষোভ দেখালেন সহ-কর্মীদের একাংশ। শুক্রবার সকাল ৯টা থেকে রেলগেট বন্ধ করে বিক্ষোভ চলে। অভিযোগ, এক কর্মীকে বৃহস্পতিবার রাতে বুদবুদ থানার পুলিশ গাড়ি করে তুলে নিয়ে যায়। ওই কর্মীকে বিনা অপরাধে কেন তোলা হল, প্রশ্ন তাঁদের। এই অবরোধের জেরে রেলগেটের দুই দিকে বহু গাড়ি দাঁড়িয়ে পড়ে। সমস্যায় পড়েন নিত্যযাত্রীরা।

Brajarajpur GP Under indpur Block
Mudunia Gunnath*Bankura*Pin-722121

Notice Inviting e-Tender NIeT-01/25-26, Memo No-200/Braja/2025, Date-26/05/2025 Last date of Submission **02.06.2025 (5p.m)** Pradhan, Brajarajpur GP, Indpur Block, Inviting e-Tender of defferent scheme which are available in **www.wbtender.gov.in web site.**

Sd/-Pradhan
Brajarajpur Gram Panchayat

Tender has invited by the Block Development Officer, Pursurah Development Block for **Supply of Tata Magic Mantra Passenger Vehicle for Nabanna Mahila Sangha PBBSSL, NIT No. 01/PUR/BDO/2025-26 Dt.-30.05.2025, Tender ID No. 2025_ZPHD_856151 SL No. 1**. Last date for submission of Tender: **13/06/25 up to 5.00 P.M. wbtenders.gov.in**

Sd/- Block Development Officer
Pursurah Development Block
PursurahHooghly**

কাটিহার মণ্ডলে কাভার শেডের ব্যবস্থা

ই-টেণ্ডার নোটিস নং. কেআইআর/ইএনজিজি/৩৩ অফ ২০২৫ তারিখঃ ২৬-০৫-২০২৫। নিম্নলিখিত কাজের জন্যে নিম্নস্বাক্ষরকারী দ্বারা ই-টেণ্ডার আহ্বান করা হয়েছে। **টেণ্ডার সংখ্যা.** ১। **কাজের নামঃ** এসএসই/ডব্লিউ/কিশনগঞ্জ অধিক্ষেত্রের অধীনে আরইউবি নং. এনসি-২৩, এনসি-২৫, এনসি-৪৩, এনসি-৪৫, এনসি-৫২ এবং এসকে-৩২২ এর জন্যে কাভার শেডের ব্যবস্থা করা। **টেণ্ডার রাশিঃ** ৩,০৭,৭৫,৬২০.৭৮/- টাকা। **বায়না রাশিঃ** ৩,০৩,৯০০/- টাকা। **টেণ্ডার বন্ধ হওয়ার তারিখ এবং সময়ঃ ২০-০৬-২০২৫** তারিখের **১৫.০০** ঘন্টায় **এবং খোলা যাবেঃ ২০-০৬-২০২৫** তারিখের **১৫.৩০** ঘন্টায়। উপরোক্ত ই-টেন্ডারের টেণ্ডার প্র-পত্র সহ সম্পূর্ণ তথ্য আগামী **২০-০৬-২০২৫** তারিখের **১৫.০০** ঘন্টা পর্যন্ত **www.ireps.gov.in** ওয়েবসাইটে উপলব্ধ থাকবে।

ডিআরএম (ডব্লিউ), কাটিহার
উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে
"প্রসন্নচিত্তে গ্রাহক পরিষেবায়"

কাটিহার মণ্ডলে সাধারণ বৈদ্যুতিক কাজ

ই-টেণ্ডার নোটিস নং. ইএল/২৯/১৬-২০২৫/কে/২৩৮ তারিখঃ ২৮-০৫-২০২৫। নিম্নলিখিত কাজের জন্যে নিম্নস্বাক্ষরকারী দ্বারা ই-টেণ্ডার আহ্বান করা হয়েছে। **টেণ্ডার সংখ্যা. ১৬-২০২৫। কাজের নামঃ** ইঞ্জিনিয়ারিং কাজের সঙ্গে সম্পর্কিত সাধারণ বৈদ্যুতিক কাজ "হাটওয়ার-কুমেদপুর- ট্র্যাক মেশিন সাইডিঙের ব্যবস্থা করা- ৫ টি স্টেশন"। **টেণ্ডার রাশিঃ** ৭১,৬৫,০০৬/- টাকা। **বায়না রাশিঃ** ১,৪৩,৩০০/- টাকা। **টেণ্ডার বন্ধ হওয়ার তারিখ এবং সময়ঃ ২৩-০৬-২০২৫** তারিখের **১৫.০০** ঘন্টায় **এবং খোলা যাবেঃ ২৩-০৬-২০২৫** তারিখের **১৫.৩০** ঘন্টায়। উপরোক্ত ই-টেন্ডারের টেণ্ডার প্র-পত্র সহ সম্পূর্ণ তথ্য **www.ireps.gov.in** ওয়েবসাইটে উপলব্ধ থাকবে।

জ্যেষ্ঠ ডিইই (জি এণ্ড সিএইচজি), কাটিহার
উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে
"প্রসন্নচিত্তে গ্রাহক পরিষেবায়"

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনকে জ্ঞাত করা যায় যে শ্রীকান্ত চক্রবর্তী, পিতা ধীরেন্দ্রনাথ চক্রবর্তী, সাকিম কুচকুচিয়া রোড, বাঁকুড়া থানা ও জেলা বাঁকুড়া থানা ও জেলা বাঁকুড়া সামীল ১৮৪ থানাওয়ার বিশিষ্ট দামোদরপুর মৌজা স্থিত ১৯৩০ নং খতিয়ান ভুক্ত ৬৫ দাগে ২.৩৯২৫ শতক, ৬৫ নং দাগে ১.১৯৫ শতক, ৬৫ নং দাগে ২.৩৯২৫ শতক, ৬৫ নং দাগে ০.৫৯৭৫ শতক ৬৫ নং দাগে ১.৭৯২৫ শতক সর্বমোট ৮.৩৭ শতক জমিন মিনতী দত্ত, সুভাষ দত্ত, মধুমিতা গুঁই, অনিমা রানী দে, চন্দন পাল, সুব্রত পাল, তারারানী দত্ত, রাজীব দত্ত, সঞ্জয় দত্ত, রীতা দাস, রীনা লক্ষ্মন, পুষ্পরানী দত্ত, মৃত্যুঞ্জয় দত্ত, চন্দনা দাস, শোভনা দালাল, সঞ্জীব দত্ত, কাঁকন দত্ত, পূর্বাশা দত্ত, বৃষ্টি দত্ত, অপর্না দত্ত, শ্রেয়া দত্ত, দিলীপ দত্ত, শশাঙ্ক শেখর দত্ত, নিতাই চন্দ্র দত্ত, সদানন্দ দত্ত, প্রশান্ত দত্ত, সুশান্ত দত্ত, মায়ারানী দে, মমতা সু, মঞ্জুশ্রী দে, এর নিকট বাঁকুড়া ডি এস আর অফিসের রেজিঃ ১ নং বহির ০১০১০৩৩১০ /২০২৪ নং দলিল মূলে খরিদ করেন। উক্ত দাতাপক্ষে বাঁকুড়া ডি এস আর অফিসে রেজিঃ ০১০১০৪৩৭২ /২০২১, ০১০১০৪৭৯৫/ ২০২১, ০১০১০৫৪৯৮/২০২১, ০১০১০৬১০৪/ ২০২১, ০১০১০৬১০০/ ২০২১ নং আমমোক্তার নামা মূলে অমলেশ সেন পিতা স্বর্গীয় অজিত কুমার সেন এবং পিন্টু মালগোপ পিতা কৃষ্ণপদ মালগোপ, নিত্য শীট, পিতা স্বর্গীয় পঞ্চানন শীট কে আমমোক্তার নিযুক্ত করেন। উক্ত জমিনে কাহারো কোনো আপত্তি থাকিলে উপযুক্ত তথ্য প্রমান লইয়া বিজ্ঞপ্তি প্রকাশের দিন থেকে ৩০ দিনের মধ্যে বি এল এণ্ড এল আর ও ১ অফিসে অভিযোগ জানাইবেন। অন্যথা আমার মক্কেল তাহার নিজ নামে নাম পত্তন করাইবেন।

Soumen Ghoshal
Advocate
Dist. Judge's Court, Bankura
Enrolment No.: F-689/2009

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনকে জ্ঞাত করা যায় যে শ্রীকান্ত চক্রবর্তী, পিতা ধীরেন্দ্রনাথ চক্রবর্তী, সাকিম কুচকুচিয়া রোড, বাঁকুড়া থানা ও জেলা বাঁকুড়া থানা ও জেলা বাঁকুড়া সামীল ১৮৪ থানাওয়ার বিশিষ্ট দামোদরপুর মৌজা স্থিত ১৯৩০ নং খতিয়ান ভুক্ত ৬৫ দাগে ২.৩৯২৫ শতক, ৬৫ নং দাগে ১.১৯৫ শতক, ৬৫ নং দাগে ২.৩৯২৫ শতক, ৬৫ নং দাগে ০.৫৯৭৫ শতক ৬৫ নং দাগে ১.৭৯২৫ শতক সর্বমোট ৮.৩৭ শতক জমিন মিনতী দত্ত, সুভাষ দত্ত, মধুমিতা গুঁই, অনিমা রানী দে, চন্দন পাল, সুব্রত পাল, তারারানী দত্ত, রাজীব দত্ত, সঞ্জয় দত্ত, রীতা দাস, রীনা লক্ষ্মন, পুষ্পরানী দত্ত, মৃত্যুঞ্জয় দত্ত, চন্দনা দাস, শোভনা দালাল, সঞ্জীব দত্ত, কাঁকন দত্ত, পূর্বাশা দত্ত, বৃষ্টি দত্ত, অপর্না দত্ত, শ্রেয়া দত্ত, দিলীপ দত্ত, শশাঙ্ক শেখর দত্ত, নিতাই চন্দ্র দত্ত, সদানন্দ দত্ত, প্রশান্ত দত্ত, সুশান্ত দত্ত, মায়ারানী দে, মমতা সু, মঞ্জুশ্রী দে, এর নিকট বাঁকুড়া ডি এস আর অফিসের রেজিঃ ১ নং বহির ০১০১০৩৩০৮ / ২০২৪ নং দলিল মূলে খরিদ করেন। উক্ত দাতাপক্ষে বাঁকুড়া ডি এস আর অফিসে রেজিঃ ০১০১০৪৩৭২ /২০২১, ০১০১০৪৭৯৫/২০২১, ০১০১০৫৪৯৮/২০২১, ০১০১০৬১০৪/২০২১, ০১০১০৬১০০/ ২০২১ নং আমমোক্তার নামা মূলে অমলেশ সেন পিতা স্বর্গীয় অজিত কুমার সেন এবং পিন্টু মালগোপ পিতা কৃষ্ণপদ মালগোপ, নিত্য শীট, পিতা স্বর্গীয় পঞ্চানন শীট কে আমমোক্তার নিযুক্ত করেন। উক্ত জমিনে কাহারো কোনো আপত্তি থাকিলে উপযুক্ত তথ্য প্রমান লইয়া বিজ্ঞপ্তি প্রকাশের দিন থেকে ৩০ দিনের মধ্যে বি এল এণ্ড এল আর ও ১ অফিসে অভিযোগ জানাইবেন। অন্যথা আমার মক্কেল তাহার নিজ নামে নাম পত্তন করাইবেন।

Soumen Ghoshal
Advocate
Dist. Judge's Court, Bankura
Enrolment No.: F-689/2009

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনকে জ্ঞাত করা যায় যে শ্রীকান্ত চক্রবর্তী, পিতা ধীরেন্দ্রনাথ চক্রবর্তী, সাকিম কুচকুচিয়া রোড, বাঁকুড়া থানা ও জেলা বাঁকুড়া থানা ও জেলা বাঁকুড়া সামীল ১৮৪ থানাওয়ার বিশিষ্ট দামোদরপুর মৌজা স্থিত ১৯৩০ নং খতিয়ান ভুক্ত ৬৫ দাগে ২.৩৯২৫ শতক, ৬৫ নং দাগে ১.১৯৫ শতক, ৬৫ নং দাগে ২.৩৯২৫ শতক, ৬৫ নং দাগে ০.৫৯৭৫ শতক ৬৫ নং দাগে ১.৭৯২৫ শতক সর্বমোট ৮.৩৭ শতক জমিন মিনতী দত্ত, সুভাষ দত্ত, মধুমিতা গুঁই, অনিমা রানী দে, চন্দন পাল, সুব্রত পাল, তারারানী দত্ত, রাজীব দত্ত, সঞ্জয় দত্ত, রীতা দাস, রীনা লক্ষ্মন, পুষ্পরানী দত্ত, মৃত্যুঞ্জয় দত্ত, চন্দনা দাস, শোভনা দালাল, সঞ্জীব দত্ত, কাঁকন দত্ত, পূর্বাশা দত্ত, বৃষ্টি দত্ত, অপর্না দত্ত, শ্রেয়া দত্ত, দিলীপ দত্ত, শশাঙ্ক শেখর দত্ত, নিতাই চন্দ্র দত্ত, সদানন্দ দত্ত, প্রশান্ত দত্ত, সুশান্ত দত্ত, মায়ারানী দে, মমতা সু, মঞ্জুশ্রী দে, এর নিকট বাঁকুড়া ডি এস আর অফিসের রেজিঃ ১ নং বহির ০১০১০৩৩০৫ / ২০২৪ নং দলিল মূলে খরিদ করেন। উক্ত দাতাপক্ষে বাঁকুড়া ডি এস আর অফিসে রেজিঃ ০১০১০৪৩৭২ /২০২১, ০১০১০৪৭৯৫/২০২১, ০১০১০৫৪৯৮/২০২১, ০১০১০৬১০৪/ ২০২১, ০১০১০৬১০০/ ২০২১ নং আমমোক্তার নামা মূলে অমলেশ সেন পিতা স্বর্গীয় অজিত কুমার সেন এবং পিন্টু মালগোপ পিতা কৃষ্ণপদ মালগোপ, নিত্য শীট, পিতা স্বর্গীয় পঞ্চানন শীট কে আমমোক্তার নিযুক্ত করেন। উক্ত জমিনে কাহারো কোনো আপত্তি থাকিলে উপযুক্ত তথ্য প্রমান লইয়া বিজ্ঞপ্তি প্রকাশের দিন থেকে ৩০ দিনের মধ্যে বি এল এণ্ড এল আর ও ১ অফিসে অভিযোগ জানাইবেন। অন্যথা আমার মক্কেল তাহার নিজ নামে নাম পত্তন করাইবেন।

Soumen Ghoshal
Advocate
Dist. Judge's Court, Bankura
Enrolment No.: F-689/2009

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনকে জ্ঞাত করা যায় যে শ্রীকান্ত চক্রবর্তী, পিতা ধীরেন্দ্রনাথ চক্রবর্তী, সাকিম কুচকুচিয়া রোড, বাঁকুড়া থানা ও জেলা বাঁকুড়া থানা ও জেলা বাঁকুড়া সামীল ১৮৪ থানাওয়ার বিশিষ্ট দামোদরপুর মৌজা স্থিত ১৯৩০ নং খতিয়ান ভুক্ত ৬৫ দাগে ২.৩৯২৫ শতক, ৬৫ নং দাগে ১.১৯৫ শতক, ৬৫ নং দাগে ২.৩৯২৫ শতক, ৬৫ নং দাগে ০.৫৯৭৫ শতক ৬৫ নং দাগে ১.৭৯২৫ শতক সর্বমোট ৮.৩৭ শতক জমিন মিনতী দত্ত, সুভাষ দত্ত, মধুমিতা গুঁই, অনিমা রানী দে, চন্দন পাল, সুব্রত পাল, তারারানী দত্ত, রাজীব দত্ত, সঞ্জয় দত্ত, রীতা দাস, রীনা লক্ষ্মন, পুষ্পরানী দত্ত, মৃত্যুঞ্জয় দত্ত, চন্দনা দাস, শোভনা দালাল, সঞ্জীব দত্ত, কাঁকন দত্ত, পূর্বাশা দত্ত, বৃষ্টি দত্ত, অপর্না দত্ত, শ্রেয়া দত্ত, দিলীপ দত্ত, শশাঙ্ক শেখর দত্ত, নিতাই চন্দ্র দত্ত, সদানন্দ দত্ত, প্রশান্ত দত্ত, সুশান্ত দত্ত, মায়ারানী দে, মমতা সু, মঞ্জুশ্রী দে, এর নিকট বাঁকুড়া ডি এস আর অফিসের রেজিঃ ১ নং বহির ০১০১০৩৩০৯ / ২০২৪ নং দলিল মূলে খরিদ করেন। উক্ত দাতাপক্ষে বাঁকুড়া ডি এস আর অফিসে রেজিঃ ০১০১০৪৩৭২ /২০২১, ০১০১০৪৭৯৫/২০২১, ০১০১০৫৪৯৮/২০২১, ০১০১০৬১০৪/২০২১, ০১০১০৬১০০/২০২১ নং আমমোক্তার নামা মূলে অমলেশ সেন পিতা স্বর্গীয় অজিত কুমার সেন এবং পিন্টু মালগোপ পিতা কৃষ্ণপদ মালগোপ, নিত্য শীট, পিতা স্বর্গীয় পঞ্চানন শীট কে আমমোক্তার নিযুক্ত করেন। উক্ত জমিনে কাহারো কোনো আপত্তি থাকিলে উপযুক্ত তথ্য প্রমান লইয়া বিজ্ঞপ্তি প্রকাশের দিন থেকে ৩০ দিনের মধ্যে বি এল এণ্ড এল আর ও ১ অফিসে অভিযোগ জানাইবেন। অন্যথা আমার মক্কেল তাহার নিজ নামে নাম পত্তন করাইবেন।

Soumen Ghoshal
Advocate
Dist. Judge's Court, Bankura
Enrolment No.: F-689/2009

Office of the Paschim Bishnupur Gram Panchayat
Bhasa 14 No, Bishnupur, South 24 Parganas
E TENDER NOTICE
E-Tender No - PASGP/424/2025, PASGP/425/2025, PASGP/426/2025 Date :-29/05/2025

E Tender invited by Prodhan, Paschim Bishnupur Gram Panchayat Under BDO Bishnupur-I for civil work. For visit **www.wbtenders.gov.in** Bid Start Date **30/05/2025 at 18.00** and Bid Closing Date **09/06/2025 at 12:00**

Sd/-
Prodhan
Paschim Bishnupur Gram Panchayat

আমমোক্তারনামা

শ্রী সোমেশ মুখার্জী, পিতা- শ্রী শিব প্রসাদ মুখার্জী, ঠিকানা- 240,B-Block, Lake Town, Kolkata-700089, W.B. The Consulate General of India, New York, USA, গত ইং ০৪।০৪।২০২৪ তারিখে Notary Public Ref. No.- USANC 0310824 নং রেফারেন্স মূলে সন্দীপ মুখার্জী, পিতা- শ্রী শিব প্রসাদ মুখার্জী, ঠিকানা- 98 Northwood Lane Stamford, Connecticut 06903, USA আমাকে আমমোক্তার নিযুক্ত করেন।
উক্ত আমমোক্তার অনুযায়ী রঘুনাথগঞ্জ থানার দেউলী, সোনাটিকুরী, খিদিরপুর, ঘোড়শালা, শ্রীকান্তবাটি এবং সুতী থানার অন্তর্গত আকুম্বা মৌজাস্থিত তাহার সমস্ত সম্পত্তি হইতেছে। উক্ত সম্পত্তি রেকর্ড হলে বা কোন Dispute থাকলে বিজ্ঞাপন প্রকাশ হওয়ার পরবর্তীতে ৩০ দিনের মধ্যে B.L. & L.R.O. RAGHUNATHGANJ-I & SUTI-I অফিসে যোগাযোগ করিবেন।

Office of the Manickpur Gram Panchayat
P.O.-Manikpur Delta Mill, P.S.-Sankrail, Dist.-Howrah
e-Tender Notice

Manickpur GP under Sankrail Panchayat Samity Invites e-tender vide **eNIT-45/MGP/2025 Dated-28/05/2025** (13 Nos of work) Bid Starting Date **31.05.2025** & Submission Last date **07.06.2025 up to 12.00PM**. Bid opening date-**09.06.2025.** For details visit **http://wbtenders.gov.in**

Sd/- BDO & Custodian
Manickpur Gram Panchayat

ON LINE TENDER NOTICE OF KUSHBERIA GP
Prodhan Kushberia Gram Panchayat
under Amta-2 Development Block, Amta, Howrah .

Total 2 no of works **88/KGP/15TH CFC(TIED)/2025 to 89/ KGP/15TH CFC(TIED)/2025, Dated: 29/06/2025,** Date of Publish, sale start and dropping start on **02/06/2025 (09:00 AM).** Date of closing **10/06/2025 (02:00 pm)** opening **12/06/2025 at 02:05 p.m.** in Kushberia Gram Panchayat Office.

Sd/- Prodhan
Kushberia Gram Panchayat

Office of The Pradhan
Lakhanpur Gram Panchayat
Hura Panchayat Samity
Vill-Layakdih, P.O-Lakhanpur, Dist-Purulia, Pin-723104
Notice Inviting Tender No: 04(2025-26)/LKGP

Sealed tender is invited from the experienced and resourceful bidders for execution of 2(Two) Nos. different works. Date of sale of tender form on any working day from **27.05.2025 to 05.06.2025 (11.30 am to 3.30 pm).** Last date of dropping of sealed tender form on or before **05.06.2025 up to 12.00 noon**. Date of Tender Opening: **05.06.2025 at 12.30 pm**. For details please visit office of the undersigned on any working days.

Sd/- Pradhan
Lakhanpur Gram Panchayat

বিজ্ঞপ্তি

আমি, ওমপ্রকাশ সিং এস /ও রামাবতার সিংহী ৩০, ভগত সিং সরণি, পাঞ্জাবী পাড়া, ওয়ার্ড নং ১৩, পোস্ট-এ স্থায়ীভাবে বসবাস করছি শিলিগুড়ি -৭৩৪০০১ (পশ্চিমবঙ্গ) ওম প্রকাশ আগরওয়ালা নামেও পরিচিত। হলফনামা নং ১০৩১৩ তারিখ এ ঘোষণা করা হয়েছে ২২.৫.২০২৫ লিমিটেডের আদালতে প্রথম শ্রেণীর এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, কলকাতা, ওমপ্রকাশ সিংহি এবং ওম প্রকাশ আগারওয়াল, উভয়ই একই এবং অভিন্ন ব্যক্তি।

Office of the Debipur Gram Panchayat
Udaynarayanpur, Howrah

Notice Inviting e-Tender No. (1) 59/1/DGP/15CFC TIDE/2025-26, (2) 61/1/DGP/15CFC UNTIDE/2025- 26 (3) 62/2/DGP/15CFC UNTIDE/2025-26 & (4) 63/2/DGP/15CFC TIDE/2025-26 Dated: 23/05/2025

Sealed Tender are invited by the Prodhan, Debipur Gram Panchayat for total 11(Eleven) different works. Last date of submission of Tender **02/06/2025 at 2:30 PM**. Time & date of Opening of Financial Bid **04/06/2025 at 2.30 PM.** For details please visit office of the undersigned or website **https://wbtenders.gov.in**

Sd/- Pradhan
Debipur Gram Panchayat

RDB REAL ESTATE CONSTRUCTIONS LTD
CIN: L70200WB2018PLC227169
Regd. Office : Bikaner Building, 8/1, Lal Bazar Street, 1st Floor Room No- 11 Kolkata,West Bengal, Indain - 700001,
Ph No (033) 44500500, Fax: 033-22420588;
Email id ::secretarial@rdbrealty.com; Website: www.rdbrealty.com

৩১শে মার্চ, ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং বছরের নিরীক্ষিত আর্থিক ফলাফলের সংক্ষিপ্তসার (লক্ষ টাকা)

ক্রম নং	বিবরণ	স্বতন্ত্র		
		৩ মাস শেষে ৩১।৩।২৫ পরীক্ষিত	বর্ষ শেষে ৩১।৩।২৫ পরীক্ষিত	৩ মাস শেষে ৩১।৩।২৪ পরীক্ষিত
১.	কারবার থেকে মোট আয় (নিট)	৩৭৪৯.০৮	৯৭১৫.৯৯	২৭৭৩.৩৭
২.	নিট লাভ/ (ক্ষতি) সময়ের জন্য (করের আগে, ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ আইটেম)	-৭২৪.৪৫	৩৫৪.১৭	১১৬৮.২৯
৩.	নিট লাভ / (ক্ষতি) সময়ের জন্য (করের আগে এবং/ অথবা অসাধারণ আইটেম)	-৭২৪.৪৫	৩৫৪.১৭	১১৬৮.২৯
৪.	নিট লাভ/ (ক্ষতি) করের পরে সময়ের জন্য (ব্যতিক্রমী এবং/ অথবা অসাধারণ আইটেম)	-৫৯৫.০৭	১৮৩.৯৭	১২০৯.৭২
৫.	এই সময়ের জন্য মোট বিস্তৃত আয় [এই সময়ের জন্য লাভ / (ক্ষতি) (করের পরে) এবং অন্যান্য বিস্তৃত আয় (করের পরে) অন্তর্ভুক্ত]	-৫৯৫.০৬	১৯২.৯২	১২০৯.৭২
৬.	ইক্যুইটি শেয়ার মূলধন	১৭২৮.৩৪	১৭২৮.৩৪	১৭২৮.৩৪
৭.	রিজার্ভ (পূর্ববর্তী বছরের নিরীক্ষিত ব্যালেন্স শিটে দেখানো পুনর্মূল্যায়ন রিজার্ভ ব্যতীত)	০ (৩১।৩।২৫ তারিখের হিসাবে)	১২৪০৪.৭৯ (৩১।৩।২৫ তারিখের হিসাবে)	০ (৩১।৩।২৫ তারিখের হিসাবে)
৮.	শেয়ার প্রতি আয় মূল ও মিশ্র	-৩.৪৪	১.০৬	৭.০০

দ্রষ্টব্যঃ
১. (ক) উপরোক্ত ফলাফলগুলি ২৯ মে, ২০২৫ তারিখে অডিট কমিটি দ্বারা পর্যালোচনা করা হয়েছিল এবং ২৯ মে, ২০২৫ তারিখে অনুষ্ঠিত কোম্পানির পরিচালনা পর্ষদের সভায় অনুমোদিত হয়েছিল।
(খ) মূল স্বতন্ত্র আর্থিক তথ্যঃ

	বিবরণ	৩ মাস শেষে ৩১।৩।২৫ পরীক্ষিত	বর্ষ শেষে ৩১।৩।২৫ পরীক্ষিত	৩ মাস শেষে ৩১।৩।২৪ পরীক্ষিত
১.	মোট আয়	৪৪২.০৩	২৬৩১.৭৯	১০০৯.৮৯
২.	পূর্ব কর নিট লাভ/ ক্ষতি	-৪১৩.২৫	২২৬.৭৪	৫২.৮৪
৩.	পরবর্তী কর নিট লাভ / (ক্ষতি)	-৩৩৮.৮০	১৬১.২৭	৪৬.৩৪

২. উপরে উল্লিখিত তথ্যটি SEBI (তালিকাবদ্ধ বাধ্যবাধকতা এবং প্রকাশের প্রয়োজনীয়তা) প্রবিধান, ২০১৫ এর ৩৩ নং প্রবিধানের অধীনে স্টক এক্সচেঞ্জগুলিতে দাখিল করা ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিস্তারিত ফর্ম্যাটের একটি উদ্ধৃতি। ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাট স্টক এক্সচেঞ্জ(গুলি) এর ওয়েবসাইট এবং কোম্পানির ওয়েবসাইটে (www.rdbrealty.com) পাওয়া যাবে।

স্থানঃ কলকাতা
তারিখঃ ৩১ মে, ২০২৫

বোর্ডের পক্ষে,
স্বা /-
নীরা চক্রবর্তী
DIN:09096844
সর্বক্ষণের ডাইরেক্টর

ডায়না টি কোম্পানি লিমিটেড

CIN: L15495WB1911PLC002275
রেজিস্টার্ড অফিসঃ ৩বি, লাল বাজার স্ট্রিট, ৪র্থ তল, কলকাতা - ৭০০ ০০১
ফোনঃ (০৩৩) ২২৪৮-৮৬৭২, ৪০৬৬ ১৫৯০/৯৩, ফ্যাক্সঃ (০৩৩) ২২৪৮-৭৫৭১
ই-মেলঃ **contactus@dianatea.in**, ওয়েবসাইটঃ **www.dianatea.in**

৩১ মার্চ, ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক / বছরের জন্য নিরীক্ষিত স্বতন্ত্র আর্থিক ফলাফলের বিবৃতি

(টাকা লক্ষে)

ক্রম. নং.	বিবরণ (নীচের নোটগুলি দেখুন)	স্বতন্ত্র ত্রৈমাসিক শেষে ৩১.০৩.২৫ পরীক্ষিত	৩১.১২.২৪ অনিরীক্ষিত	৩১.০৩.২৪ পরীক্ষিত	বর্ষ শেষে ৩১.৩০.২৫ পরীক্ষিত	৩১.০৩.২৪ পরীক্ষিত
১.	কারবার থেকে মোট আয় (নিট)	৯৫৬.০১	২,৪৭৯.৮১	৬৯০.৩০	৭,০৮২.৪৫	৭,৩০৫.১৫
২.	সময়ের জন্য নিট লাভ/(ক্ষতি) (কর, ব্যতিক্রমী এবং/অথবা অতি-সাধারণ আইটেমের আগে)	(৯১৫.৬০)	১০৯.৭৪	(৭৯১.৮১)	(৪৮৩.৬০)	৫৪.৯২
৩.	সময়ের জন্য নিট লাভ/(ক্ষতি) করের আগে (ব্যতিক্রমী এবং/অথবা অতি-সাধারণ আইটেমের পরে)	(৯১৫.৬০)	১০৯.৭৪	(৭৯১.৮১)	(৪৮৩.৬০)	৫৪.৯২
৪.	সময়ের জন্য নিট লাভ/(ক্ষতি) করের পরে, (ব্যতিক্রমী এবং/অথবা অসাধারন আইটেমের পরে)	(৮৮৯.২৪)	১০৮.৫৪	(৮২২.৭৭)	(৪৫৮.৪৪)	২৩.৯৬
৫.	সময়ের জন্য মোট ব্যাপক আয়/(ক্ষতি) {(কর পরে) এবং অন্যান্য সময়ের জন্য লাভ/(ক্ষতি) সমন্বিত ব্যাপক আয় (কর পরে)}	(৯৪০.২৯)	৩১.৪৪	(৮৩১.৪৮)	(৪৫৯.৬৩)	১২৩.৩০
৬.	ইক্যুইটি শেয়ার মূলধন (৫ টাকা পেড-আপ)	৭৪৯.৫৫	৭৪৯.৫৫	৭৪৯.৫৫	৭৪৯.৫৫	৭৪৯.৫৫
৭.	পূর্ববর্তী হিসাব বছরের ব্যালেন্স শীট অনুযায়ী পুনর্মূল্যায়ন সংরক্ষিত বাদ দিয়ে সংরক্ষণ				৪,৫৭৪.১৩	৪,৯৭৫.২৭
৮.	শেয়ার প্রতি আয় (ফেস ভ্যালু ৫ টাকা প্রতি) ক) মূল	(৫.৯৩)	০.৭২	(৫.৪৯)	(৩.০৬)	০.১৬
	খ) মিশ্র	(৫.৯৩)	০.৭২	(৫.৪৯)	(৩.০৬)	০.১৬

মন্তব্যঃ
১ উপরোক্ত ফলাফলগুলি অডিট কমিটি দ্বারা পর্যালোচনা করা হয়েছে এবং ২৯ মে ২০২৫ তারিখে অনুষ্ঠিত তাদের নিজ নিজ সভায় পরিচালনা পর্ষদ দ্বারা অনুমোদিত হয়েছে। ৩১ মার্চ, ২০২৫-এ শেষ হওয়া ত্রৈমাসিক / বর্ষশেষে ফলাফলগুলি সংবিধিবদ্ধ দ্বারা সীমিত পর্যালোচনা সাপেক্ষে নিরীক্ষক।
২ কোম্পানির নিজস্ব চা এস্টেট থেকে সবুজ পাতার উৎপাদন (চা তৈরির জন্য কোম্পানির দ্বারা গৃহীত কাঁচামাল) বিভিন্ন পর্যায়ে যেমন নার্সারি, রোপণ, চাষ ইত্যাদি সহ সমন্বিত প্রক্রিয়া জড়িত, মধ্যবর্তী পর্যায়ে তাদের মান নিশ্চিত করা যায়নি। ক্ষয়প্রাপ্ত উপাদানের খরচ সবুজ পাতার ক্রয়ের প্রতিনিধিত্ব করে।
৩ কোম্পানিটি মূলত চায়ের ক্রমবর্ধমান ও উৎপাদনের ব্যবসায় নিয়োজত এবং সে অনুযায়ী সেগমেন্ট রিপোর্টিং নিয়ে কাজ করার জন্য Ind AS-১০৮ অনুযায়ী আলাদা রিপোর্টযোগ্য সেগমেন্ট নেই।
৪ কোম্পানিটি চা চাষ, উৎপাদন এবং বিক্রয়ের ব্যবসায় নিযুক্ত, যা মৌসুমি প্রকৃতির এবং আবহাওয়া এবং ফসলের ধরণ দ্বারা এর কার্যকারিতা প্রভাবিত হতে পারে, এবং তাই পূর্বোক্ত ফলাফলগুলিকে ৩১ মার্চ, ২০২৫ তারিখে সমাপ্ত বছরের সম্ভাব্য ফলাফলের প্রতিনিধিত্বকারী হিসাবে ব্যাখ্যা করা উচিত নয়। অতএব, করের বিধান (বর্তমান এবং বিলম্বিত উভয়) বিবেচনা করা হয়নি কারণ বছরের শেষে একই গণনা করা হয়।
৫ কোম্পানিটি চায়ের চাষ, উৎপাদন এবং বিক্রয়ের ব্যবসায় নিয়োজত, যা প্রকৃতিতে ঋতুভিত্তিক এবং কর্মক্ষমতা আবহাওয়া পরিস্থিতি এবং ফসলের ধরণ দ্বারা প্রভাবিত হতে পারে, এবং এইভাবে পূর্বোক্ত ফলাফলগুলিকে সম্ভাব্য ফলাফলের প্রতিনিধি হিসাবে বোঝানো উচিত নয়। ৩১ মার্চ, ২০২৫-এ সমাপ্ত বছরের জন্য। তাই করের বিধান (বর্তমান এবং স্থগিত উভয়) বিবেচনা করা হয়নি কারণ বছরের শেষে গণনা করা হয়।
৫. পূর্ববর্তী বছর / সময়ের পরিসংখ্যানগুলি বর্তমান সময়ের পরিসংখ্যানের সাথে তুলনীয় করার জন্য যেখানে প্রয়োজন সেখানে পুনর্বিন্যাস / পুনঃগোষ্ঠীভুক্ত করা হয়েছে।
৬. ফলাফলগুলি কোম্পানির ওয়েবসাইট www.dianatea.in-এ নীচে প্রদত্ত QR কোড স্ক্যান করে এবং BSE লিমিটেডের স্টক এক্সচেঞ্জ ওয়েবসাইট www.bseindia.com-এ পাওয়া যাবে।

স্থানঃ কলকাতা
তারিখঃ ২৯.০৫.২০২৫

ডায়না টি কোম্পানি লিমিটেড-এর পক্ষে
স্বা/-
সন্দীপ সিঙ্ঘানিয়া
ম্যানেজিং ডিরেক্টর
ডিআইএন-০০৩৪৩৮৩৭

ইন্ডিয়ান বেস মেটালস কোম্পানি লিমিটেড

CIN - L27209WB1971PLCO28015
রেজিস্টার্ড অফিসঃ ২৪০বি, আচার্য জগদীশ চন্দ্র বোস রোড, দ্বিতীয় তলা, কলকাতা - ৭০০ ০২০
ফোনঃ (০৩৩) ৭৯৬৬০৪৫৮, ইমেলঃ bansalramesh@hotmail.com, ওয়েবসাইটঃ www.indianbasemetals.com

৩১ মার্চ, ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং আর্থিক বছরের নিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণী

কোম্পানির পরিচালনা পর্ষদ, ২৯ মে, ২০২৫ তারিখে অনুষ্ঠিত তাদের সভায়, ৩১ মার্চ, ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং আর্থিক বছরের জন্য নিরীক্ষিত আর্থিক ফলাফল অনুমোদন করেছে।
SEBI (তালিকাবদ্ধ বাধ্যবাধকতা এবং প্রকাশের প্রয়োজনীয়তা) প্রবিধান, ২০১৫ এর ৪৭ নম্বর প্রবিধানের সাথে পঠিত ৩৩ নম্বর প্রবিধান অনুসারে, উক্ত ফলাফলগুলি এবং সংবিধিবদ্ধ নিরীক্ষকদের প্রতিবেদনগুলি কোম্পানির ওয়েবসাইট www.indianbasemetals.com-এ পাওয়া যাবে এবং প্রদত্ত QR কোড স্ক্যান করেও এটি অ্যাক্সেস করা যেতে পারে।

স্থানঃ কলকাতা
তারিখঃ ৩০ মে, ২০২৫

পরিচালনা পর্ষদের আদেশক্রমে,
স্বা /-
রমেশ বনসাল
ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান আর্থিক কর্মকর্তা
DIN: 00420589

পাটনা বিমানবন্দরে হঠাৎ দেখা, প্রধানমন্ত্রী মোদির পা ছুঁলেন বৈভব

পাটনা, ৩০ মঃ বাইশ গজের দুনিয়ায় 'বৈভব' ছড়িয়ে রীতিমতো আলোচনায় বিহারের এক ১৪ বছরের কিশোর। বৈভব সূর্যবংশীর দ্যুতিতে আলোকিত ক্রিকটে বিশ্ব। তাঁর প্রশংসায় মেতেছেন তাবড় ক্রিকেটাররা। সোশ্যাল মিডিয়া উত্তাল বৈভবকে নিয়ে। এবার

বৈভবের সঙ্গে দেখা হতেই তাঁকে শুভেচ্ছা জানালেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। রাজস্থান রয়্যালসের ১৪ বছর বয়সি তারকা বৈভব সূর্যবংশী ২০২৫ সালের ইন্ডিয়ান প্রিমিয়ার লিগে আত্মপ্রকাশ করেই গোটা বিশ্বকে চমকে দিয়েছে। নিজের আইপিএল কেরিয়ার শুরু করেছে ছক্কা হাঁকিয়ে। রাজস্থান আইপিএল ফাইনালে উঠতে না পারলেও, সূর্যবংশী আলোচনার কেন্দ্রবিন্দুতে থেকে গিয়েছেন, বিশেষ করে গুজরাত টাইটানসের বিরুদ্ধে ৩৫ বলে সেঞ্চুরি করার পর। শুক্রবার, সূর্যবংশী এবং তার বাবা-মা পাটনা বিমানবন্দরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে দেখা করার সুযোগ পান। প্রধানমন্ত্রীকে দেখেই এই কিশোর ব্যাটার শ্রদ্ধার নিদর্শন হিসাবে প্রধানমন্ত্রী মোদির পা ছুঁয়ে প্রণাম করেন। বৈভবের সঙ্গে দেখা হওয়ার পর প্রধানমন্ত্রী মোদি এক্স-এ বৈভব এবং তার বাবা-মায়ের সঙ্গে কয়েকটি ছবি পোস্ট করেছেন। পাশাপাশি এক্স-এ তিনি লিখেছেন, 'পাটনা বিমানবন্দরে তরুণ ক্রিকেটার বৈভব সূর্যবংশী এবং তার পরিবারের সঙ্গে দেখা করেছি। তার ক্রিকেট দক্ষতা সারা দেশে প্রশংসিত হচ্ছে! তার ভবিষ্যতের প্রচেষ্টার জন্য আমার শুভেচ্ছা।' আইপিএল ২০২৫ মরশুমে রাজস্থান রয়্যালসের এই কিশোর টুর্নামেন্টের অন্যতম সফল তারকা। মাত্র সাত ম্যাচে এই কিশোর সংগ্রহ করেছে ২৫২ রান। তবে জয়পুরে গুজরাত টাইটান্সের বিরুদ্ধে তার বিস্ফোরক সেঞ্চুরিটি ক্রিকেট বিশ্বে বাস্তবিকই চমকপ্রদ ঘটনা ঘটিয়েছিল। ওই ম্যাচে সূর্যবংশী মাত্র ৩৮ বলে ১০১ রান করে পুরুষদের টি-টোয়েন্টি ক্রিকেটে সর্বকনিষ্ঠ সেঞ্চুরিয়ান হয়ে ওঠেন। মাত্র ৩৫ বলে তার সেঞ্চুরিটি এখন আইপিএল ইতিহাসের দ্বিতীয় দ্রুততম সেঞ্চুরি হিসাবে স্থান করে নিয়েছে। এর আগে, মন কি বাত অনুষ্ঠানেও প্রধানমন্ত্রী মোদি আইপিএলে বৈভবের কৃতিত্বের জন্য এই কিশোর ক্রিকেটারের প্রশংসা করেছিলেন। তিনি বলেছিলেন, ''আমি আইপিএলে বিহারের ছেলে বৈভব সূর্যবংশীর অসাধারণ পারফরম্যান্স দেখেছি। এত অল্প বয়সে বৈভব এত বড় রেকর্ড গড়েছে। বৈভবের পারফরম্যান্সের পিছনে অনেক কঠোর পরিশ্রম রয়েছে। তার প্রতিভাকে সবার সামনে তুলে ধরার জন্য সে বিভিন্ন স্তরে অনেক ম্যাচ খেলেছে। তুমি যত বেশি খেলবে, তত বেশি তুমি উজ্জ্বল হবে। যত বেশি সম্ভব ম্যাচ এবং প্রতিযোগিতায় লড়াই করা খুবই গুরুত্বপূর্ণ।''

সিলেক্টিভ আর স্মার্ট হতে হবে

ইংল্যান্ড সিরিজের আগে জসপ্রীত বুমরার মুখে কেন এমন কথা?

মুম্বই, ৩০ মেঃ বিশ্বের অন্যতম সেরা বোলার জসপ্রীত বুমরা। সামনেই তাঁর বড় দায়িত্ব। মহম্মদ সামি ইংল্যান্ড সিরিজের জন্য ডাক পাননি। ফলে, ক্রিকেট মহলে আলোচনা চলছে যে, ফের একবার গুরুদায়িত্ব পাচ্ছেন জসপ্রীত বুমরা। দলকে সামনে থেকে নেতৃত্ব দেওয়ার বড় দায়িত্ব। একে ইংল্যান্ডের মাটিতে ম্যাচ, তার উপর টেস্ট, সব মিলিয়ে এখন থেকেই স্ট্র্যাটেজি ঠিক করার চেষ্টা করছেন বুমরা। ভারতীয় টিম ম্যানেজমেন্ট জসপ্রীত বুমরার ওয়ার্কলোড ম্যানেজের দিকেও নজর রাখছে। যে কারণে নির্বাচক প্রধান অজিত আগরকর জানিয়েছেন যে, ইংল্যান্ডের বিরুদ্ধে টেস্ট সিরিজে ৫টি ম্যাচের সবক'টাতে খেলবেন না বুমরা। যে ম্যাচই খেলার সুযোগ পান না কেন, বুমরা চাইছেন নিজের সবটা উজাড় করে দিতে। তিনি বলেন, ''আমি চেষ্টা করি উপভোগ করার। কারণ, তার জন্যই আমি এই খেলাটা শুরু করেছিলাম। এক একটা দিন ধরে এগোতে হবে। আর স্মৃতি তৈরি করে যেতে হবে। খেলার শেষে সেটাই স্মৃতিতে থেকে যাবে।'' জসপ্রীত বুমরা সুদূরপ্রসারী ভাবছেন। ইংল্যান্ড সফর যেমন তাঁর মাথায় ঘুরছে, পাশাপাশি তিনি ২০২৬ সালের টি-২০ বিশ্বকাপের জন্য নিজেকে ফিট রাখতে চাইছেন। এই প্রসঙ্গে তিনি বলেছেন, ''নিজের শরীরকে কীভাবে এবং কোন সময় কাজে লাগাতে হবে, তার জন্য মাঝে মাঝে একটু সিলেক্টিভ ও স্মার্ট হতে হবে। ক্রিকেটার হিসেবে আমি কখনও

কিছু ছাড়তে চাই না। সব সময় এগিয়ে যেতে চাই। কিন্তু আমি লক্ষ্য নির্ধারণ করি না। কারণ, যখনই আমি লক্ষ্য নির্ধারণ করি, তা পূরণ করতে পারি না।'' ভারতীয় দলের জন্য ইংল্যান্ড সফর সব সময়েই কঠিন চ্যালেঞ্জ। সেই সফরে যাওয়ার আগে বুমরা চ্যালেঞ্জ জানিয়ে রাখলেন ইংল্যান্ডকে। প্রশ্ন তুলে দিলেন 'বাজবল' (ইংল্যান্ডের কোচ ব্রেন্ডন ম্যাকালাম আক্রমণাত্মক ক্রিকেট খেলাচ্ছেন দলকে। যে হেতু তাঁর ডাকনাম 'বাজ', ইংল্যান্ডের ক্রিকেটকে বাজবল বলা হচ্ছে।) নিয়ে। বুমরা বলেন, ''ইংল্যান্ডে খেলার জন্য মুখিয়ে থাকি আমি। ওদের ক্রিকেট খেলার ধরনটা আলাদা। তবে সেই ধরনটা আমি বুঝতে পারি না। বোলার হিসাবে আমি আত্মবিশ্বাসী। এক জন ব্যাটার যখন অতিরিক্ত আগ্রাসী হয়, তখন যে কেউ উইকেট নিতে পারে।'' ইংল্যান্ডে টেস্ট খেলা হয় ডিউক বলে। সেটা বুমরার কাছে একটি চ্যালেঞ্জ। তিনি বলেন, ''ইংল্যান্ডে খেলা সব সময়ই বড় পরীক্ষা। ডিউক বলে বল করতে ভাল লাগে। তবে এখন ডিউক বল কেমন ব্যবহার করবে তা জানি না। কারণ ওই বল মাঝে মাঝেই বদলে যায়। এখন কেমন হবে জানি না। তবে পরিবেশ বল সুইং করাতে সাহায্য করবে। বল নরম হয়ে গেলে যদিও সব সময়ই অসুবিধা হয়।'' অস্ট্রেলিয়ার বিরুদ্ধে পাঁচ ম্যাচের সিরিজে বুমরাকে অতিরিক্ত ব্যবহার করেছিল ভারত। পাঁচ টেস্টে তিনি নিয়েছিলেন ৩২ উইকেট। সিডনি টেস্টের দ্বিতীয় ইনিংসে যদিও চোটের কারণে বল করতে পারেননি বুমরা। সেই চোট সারিয়ে আইপিএলে ফিরেছেন তিনি। ইংল্যান্ডে সম্ভবত বুমরা তিনটি টেস্ট খেলবেন। তার বেশি টেস্ট খেলতে গেলে সমস্যায় পড়তে পারেন তিনি।

একদিনে ৩ স্বর্ণপদক! এশিয়ান অ্যাথলেটিক্সে পদকের বন্যা ভারতের

গুমি, ২৯ মেঃ এশিয়ান অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপে ভারতীয় অ্যাথলিটরা সোনার পদকের লক্ষ্যে এগিয়ে চলেছে। তৃতীয় দিনে ভারী বৃষ্টির বাধা সত্ত্বেও তারা তাদের লক্ষ্য থেকে বিচ্যুত হয়নি। বৃহস্পতিবার ভারতীয় দল তিনটি সোনার পদক জিতে পয়েন্ট তালিকায় তৃতীয় থেকে দ্বিতীয় স্থানে উঠে এসেছে, জাপানকে পিছনে ফেলে। এখন পর্যন্ত ভারত মোট পাঁচটি স্বর্ণ, ছয়টি রুপো এবং তিনটি ব্রোঞ্জ পদক জিতেছে। ১০০ মিটার হার্ডলসের বর্তমান চ্যাম্পিয়ন জ্যোতি প্রথম হার্ডলের শুরুতে কিছুটা ধীর গতিতে ছিলেন। তবে, চীনের উ ইয়ানি এবং জাপানের ইউমি তানাকার সঙ্গে তীব্র প্রতিযোগিতার মধ্যেও তিনি শেষ মুহূর্তে দুর্দান্ত গতিতে এগিয়ে যান।

শেষ হার্ডলের পর তিনি ফিনিশ লাইনের দিকে ঝাঁপিয়ে পড়েন এবং দুই প্রতিদ্বন্দ্বীকে পিছনে ফেলে সোনার পদক জিতেন। জ্যোতি ১২.৯৬ সেকেন্ডে দৌড় শেষ করে শুধু সোনাই নয়, চ্যাম্পিয়নশিপের রেকর্ডও গড়েন। ৩০০০ মিটার স্টিপলচেজে জাতীয় রেকর্ডধারী অবিনাশ সাবল তার ইভেন্টে দুর্দান্ত প্রাধান্য দেখান। তিনি ৮ মিনিট ২০.৯২ সেকেন্ডে দৌড় শেষ করে সোনার পদক জিতেন। ১৯৮৯ সালে দীনা রামের পর তিনিই প্রথম ভারতীয় যিনি এই শাখায় সোনা জিতলেন। জাপানের ইউতারো নিনায়ে (৮:২৪.৪১) এবং কাতারের জাকারিয়া এলাহলামি (৮:২৭.১২) যথাক্রমে দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করেন। মহিলাদের ৪X৪০০ মিটার রিলে দল আরেকটি সোনার পদক এনে দেয়। জিশনা ম্যাথু, রূপাল চৌধুরী, কুঞ্জা রাজিতা এবং সুভা ভেঙ্কটেশনের সমন্বয়ে গঠিত এই দল ৩ মিনিট ৩৪.১৯ সেকেন্ডে দৌড় শেষ করে। এই শাখায় ১২ বছর পর ভারতের জন্য সোনা জিতল এই দল। পুরুষদের ৪X৪০০ মিটার রিলে দলে জয় কুমার, ধর্মবীর চৌধুরী, মানু থেক্কিনালিল সাজি এবং বিশাল টিকে দুর্দান্ত প্রদর্শন করলেও শেষ পর্যন্ত রৌপ্য পদক জিতেন। তারা ৩ মিনিট ০৩.৬৭ সেকেন্ডে দৌড় শেষ করে কাতারের (৩:০৩.৫২) পিছনে দ্বিতীয় স্থানে থাকেন।

কলকাতা ফুটবল লিগে এবার কোচ নিয়োগে বিশেষ নিয়ম

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মেঃ আগামী মাসের শেষের দিকেই শুরু হতে চলেছে সিএফএল। সেইমতো গত বুধবার সন্ধ্যায় কলকাতার একটি অভিজাত ক্লাবে জমকালো অনুষ্ঠানের মধ্য দিয়ে প্রকাশিত হয় প্রিমিয়ার ডিভিশন লিগের গ্রুপ বিন্যাস। প্রত্যেক মরসুমের শুরুতে যেদিকে নজর থাকে সকলের। তবে এবার এই টুর্নামেন্টের ফুটবল কোচ সংক্রান্ত বিষয় নিয়ে উঠে আসলো নয়া তথ্য। শোনা যাচ্ছে, এই নয়া সিজন থেকেই নাকি সিএফএলের প্রত্যেকটি ডিভিশনের ক্ষেত্রে মূলত লাইসেন্স প্রাপ্ত কোচদের হাতে তুলে দিতে হবে দলের দায়িত্ব। উল্লেখ্য, বিগত কয়েক সিজন ধরেই কোচিং লাইসেন্স পেয়েছেন বহু ফুটবল কোচ। কিন্তু কোচিং করানোর সুযোগ এসেছিল মাত্র হাতে গোনা কিছু জনের কাছে। এই পরিস্থিতিতে দাঁড়িয়ে স্বাভাবিকভাবেই ক্ষোভ দেখা দিতে শুরু করেছিল লাইসেন্স প্রাপ্ত কোচের পাশাপাশি নয়া আবেদনকারীদের কাছে। সেই সমস্ত কিছু মাথায় রেখেই এবার নয়া সিদ্ধান্ত নেওয়ার পথে আইএফএ। এক্ষেত্রে সক্রিয় ভূমিকা পালন করতে চলেছেন সচিব অনির্বাণ দত্ত। যারফলে এই ঐতিহ্যবাহী ফুটবল টুর্নামেন্টে কোচিং করার সুযোগ পেতে পারেন বাঙালি ফুটবল কোচদের একটি বিরাট অংশ। এক্ষেত্রে কোন ডিভিশনের জন্য কোন গ্রেডের কোচ কোচিং করাতে পারবেন সেই সংক্রান্ত তথ্যাদি ও নাকি প্রকাশ করেছে বাংলার এই ফুটবল নিয়ামক সংস্থা। সেই অনুযায়ী পঞ্চম ডিভিশন থেকে তৃতীয় ডিভিশন লিগে কোচিং করানোর ক্ষেত্রে 'ডি' লাইসেন্স বাধ্যতামূলক করা হয়েছে কোচেদের জন্য। একইভাবে প্রথম ও দ্বিতীয় ডিভিশন লিগে কোচিং করানোর ক্ষেত্রে 'সি' গ্রেডের লাইসেন্স থাকতে হবে সকল ফুটবল কোচদের। এবং সর্বপরি প্রিমিয়ার ডিভিশন লিগের কোনো দলে কোচিং করানোর ক্ষেত্রে অন্তত 'বি' লাইসেন্স বাধ্যতামূলক করা হয়েছে এবার থেকে। তবে শুধুমাত্র লাইসেন্স প্রাপ্ত ফুটবল কোচ নয়। তার পাশাপাশি প্রতিটি ফুটবল ক্লাবে অন্তত একজন করে ফিজিও রাখার ব্যাপারে ও জোর দেওয়া হয়েছে। অর্থাৎ আসন্ন কলকাতা ফুটবল লিগে যে বেশকিছু বদল দেখা চলেছে সেটা বলাই চলে। যা নিঃসন্দেহে ইতিবাচক প্রভাব ফেলতে পারে বাংলার ফুটবলের ক্ষেত্রে।

ক্যারিয়ারের শেষবেলায় দি মারিয়া ফিরলেন আঁতুড়ঘরে

১ মিনিট ১০ সেকেন্ডের একটি ভিডিও পোস্ট করা হয়েছে রসারিও সেন্ট্রালের সামাজিক মাধ্যমের পাতাগুলোয়। সেটির ক্যাপশনে লেখা, ''একসঙ্গে আমাদের ইতিহাসে আরও পাতা আছে লেখার জন্য। ঘরে স্বাগত...।'' এই 'একসঙ্গে' মানে রোজারিও সেন্ট্রাল আর আনহেল দি মারিয়া। ওই ভিডিওর মূল চরিত্রও তিনিই। ক্যারিয়ারের শেষ প্রহরে আর্জেন্টিনার বিশ্বকাপজয়ী নায়ক ফিরে গেলে শুরুর ঠিকানায়।

রোজারিও, ৩০ মেঃ মাত্র চার বছর বয়সে ছোট ছোট পায়ে যে ক্লাবে পা রেখেছিলেন তিনি, যে ক্লাবে তার ফুটবল শেখা, স্বপ্নের বুনন ও গড়ে ওঠা, যে ক্লাব থেকেই তিনি ছুটতে শুরু করেছিলেন বিশ্বজয়ের পথে, বর্ণাঢ্য ক্যারিয়ারের শেষ বেলায় সেই ক্লাবেই ফিরলেন দি মারিয়া। ৩৭ বছর বয়সী উইঙ্গার খেলবেন তার নিজ শহরের ক্লাবটির হয়ে। ভিডিওর দি মারিয়ার চুক্তি স্বাক্ষর করার ছবিও পোস্ট করা হয়েছে সামাজিক মাধ্যমে, যেখানে ক্যাপশন, '' কাগজ, একটি স্বাক্ষর... যেখানে সব শুরু হয়েছিল, সেখানেই আরেকবার শুরু...।' বোঝাই যাচ্ছে, দি

মারিয়া ফেরায় আবেগের জোয়ার বইছে ক্লাবটিতে। চার বছর বয়সে এই ক্লাবে পা রেখে একাডেমি ও যুব দল হয়ে ১৭ বছর বয়সে এই ক্লাবের হয়েই পেশাদার ফুটবলে তার অভিষেক। দুই বছর এখানে থেকে ২০০৭ সালে পাড়ি জমান পর্তুগালের ক্লাব বেনফিকায়। পরের অধ্যায় তো সবার জানাই। রিয়াল মাদ্রিদ, ম্যানচেস্টার ইউনাইটেড, পিএসজি, জুভেন্তাস- ইউরোপের শীর্ষ লিগগুলো মাতিয়েছেন তিনি শীর্ষ দলগুলির হয়ে। এর মধ্যেই আর্জেন্টিনার হয়ে জিতেছেন বিশ্বকাপ, দুটি কোপা আমেরিকা ও ফিনালিসিমা। সব আসরেই দলের সাফল্যে তিনি ছিলেন কেন্দ্রীয় চরিত্রদের একজন। পরে ২০২৩ সালে আবার পাড়ি জমান বেনফিকায়। সেখানে দুই বছর কাটিয়ে ক্লাব ছাড়ার ঘোষণা করেন সপ্তাহ দুয়েক আগে। ইউরোপে ১৮ বছরের পথচলায় তিনি জিতেছেন ৩০টি ট্রফি। এর মধ্যে রিয়াল মাদ্রিদের জয়ে জিতেছেন লা লিগা, চ্যাম্পিয়ন্স লিগ, উয়েফা সুপার কাপসহ ৬টি ট্রফি। পিএসজির হয়ে জিতেছেন ৫টি লিগ শিরোপাসহ ১৯ ট্রফি। গৌরবময় সেই অধ্যায় শেষে এখন তিনি ফিরলেন নিজ দেশে নিজের শহরে। গত বছরই অবশ্য রোজারিওতে ফেরার সম্ভাবনা ছিল তার। তবে তখন শহরে মাদক-সংক্রান্ত সংঘর্ষ ও অপরাধের মাত্রা বেড়ে যাওয়ায় পরিবারের প্রতি হুমকির কথা ভেবে ভাবনা বাদ দিয়েছিলেন। আর্জেন্টাইন প্রিমেরা ডিভিশন ফুটবলের 'বি' গ্রুপে ১৬ ম্যাচ খেলে এখন রোজারিও সেন্ট্রাল। এখনই অবশ্য ক্লাবে যোগ দিচ্ছেন না তিনি। বেনফিকার হয়ে ক্লাব বিশ্বকাপ খেলে এরপর শুরু করবেন নতুন অধ্যায়।

একলপ্তে তিন ফুটবলারকে বিদায় জানাল ওডিশা এফসি

ভুবনেশ্বর, ৩০ মেঃ গত মরসুমের শুরুতে নিজেদের শক্তিশালী দল সাজিয়েছিল ওডিশা এফসি। যারফলে প্রথম থেকেই চোখ ধাঁধানো পারফরম্যান্সের মধ্য দিয়ে সকলকে চমকে দিতে মরিয়া ছিল আইএসএলের এই দল। কিন্তু সেটা সম্ভব হয়নি। পরাজিত হতে হয়েছিল পর পর দুইটি ম্যাচ। যা নিঃসন্দেহে হতাশ করেছিল সমর্থকদের। তবে ম্যাচ এগোনোর সাথে সাথেই ধীরে ধীরে ঘুরে দাঁড়াতে শুরু করেছিল জগন্নাথ ধামের এই ফুটবল দল। গত বছরের শেষের দিকে দুর্বল মহামেডান স্পোর্টিং ক্লাবের বিপক্ষে অমীমাংসিত ফলাফলে ম্যাচ শেষ করলেও নতুন বছর থেকেই একেবারে দুরন্ত ছন্দে ধরা দিয়েছিল সার্জিও লোবেরার ছেলেরা। পরবর্তীতে চেন্নাইয়িন

এফসির সঙ্গে পয়েন্ট নষ্ট করতে হলেও ঘুরে দাঁড়াতে খুব একটা সমস্যা হয়নি ওডিশার। অনায়াসেই তাঁরা আটকে দিয়েছিল কেরালা ব্লাস্টার্সকে। তারপর সেই ছন্দ বজায় রেখেই বেঙ্গালুরু এফসিকে টেক্কা দিয়েছিল মুর্তাজা ফলরা। যা নিঃসন্দেহে আত্মবিশ্বাস বাড়িয়েছে গোটা দলের। এই ছন্দ বজায় রেখেই হুয়ান পেদ্রো বেনালির নর্থইস্ট ইউনাইটেডের বিপক্ষে তিন পয়েন্ট নিশ্চিত করার লক্ষ্য থাকলেও সেটা বাস্তবায়িত হয়নি। এক পয়েন্ট নিয়েই খুশি থাকতে হয়েছিল একবারের সুপার কাপ জয়ী দলকে। যারফলে কঠিন হয়ে উঠেছিল সুপার সিক্সের অঙ্ক। কিন্তু তবুও লিগের শেষ ম্যাচ পর্যন্ত নক আউট নিশ্চিত করতে মরিয়া ছিল সকলে। তবে কাজে আসিনি সেই লড়াই। শেষ পর্যন্ত ছিটকে যেতে হয়েছিল টুর্নামেন্ট থেকে। তারপর কলিঙ্গ সুপার কাপে প্রভাব ফেলার লক্ষ্য থাকলেও সেটা সম্ভব হয়নি। তাই অনেক আগে থেকেই ঘর গোছানোর কাজ শুরু করে দিয়েছিল ম্যানেজমেন্ট। এক্ষেত্রে নয়া ফুটবলার সই করানোর পাশাপাশি একসাথে দলের তিন ফুটবলারকে রিলিজ করে দিল ম্যানেজমেন্ট। যাদের মধ্যে রয়েছেন অময় রানাডে থেকে শুরু করে রেইনিয়ার ফার্নান্দেজ এবং জেরি লালরিনজুয়ালা। শেষ সিজনে তাঁদের পারফরম্যান্স নিয়ে খুব একটা খুশি ছিল না ম্যানেজমেন্ট। তাই সিজন শেষেই বিদায় জানানো হল দলের তিন ফুটবলারকে।

ব্রাজিলকে রিয়াল মাদ্রিদের মতো খেলাতে চান আনচেলত্তি

কক্ষচ্যুত ব্রাজিল দলকে পথে ফেরাতে এবং সাফল্যের চূড়ায় বসানোর 'উপায় পেয়ে গেছেন' কোচ কার্লো আনচেলত্তি। আর সেটা নতুন কিছুও নয়। ক্লাব ফুটবলে যেখানে তিনি সবচেয়ে বেশি সাফল্য পেয়েছেন, সেই রিয়াল মাদ্রিদের খেলার ধরনই সেলেসাওদের ঘুরে দাঁড়ানোর অভিযানে আপন করে নিতে চান বর্ষীয়ান এই কোচ।

সাও পাওলো, ৩০ মেঃ সান্তিয়াগো বের্নাবেউয়ে ২০২৪-২৫ মরসুমটা অবশ্য একেবারেই ভালো কাটেনি আনচেলত্তির। খালি হাতে হতাশাভরা মরসুম শেষ করেই গত সোমবার ব্রাজিল জাতীয় পুরুষ দলের দায়িত্ব নেন তিনি। মার্কাকে দেওয়া সাক্ষাৎকারে তাই তিনি নিজের ভাবনাকে পরিস্কার করে দিলেন যে, রিয়াল মাদ্রিদ ২০২৩-২৪ মরসুমে যেভাবে খেলেছে সেভাবেই এই ব্রাজিল দলকে খেলাতে চান তিনি। ''আমার ব্রাজিল দল রিয়াল মাদ্রিদের মতো খেলবে, তবে এই বছরের রিয়াল মাদ্রিদের মতো নয়, গত বছরের রিয়াল মাদ্রিদের মতো। এটাই আমি চাই।'' ২০২৩-২৪ মরসুমে লা লিগা ও চ্যাম্পিয়ন্স লিগসহ মোট পাঁচটি শিরোপা জিতেছিল রিয়াল মাদ্রিদ। সেখানে এবার কিছুই ধরে রাখতে পারেনি ক্লাবটি। এবার চ্যাম্পিয়ন্স লিগে কোয়ার্টার-ফাইনালের দুই লেগে আর্সেনালের বিপক্ষে বিধ্বস্ত হয় রিয়াল, এবং কোপা দেল রে ও স্প্যানিশ সুপার কাপে হেরে যায় বার্সেলোনার বিপক্ষে। চিরপ্রতিদ্বন্দ্বীদের থেকে পিছিয়ে থেকেই লা লিগায় রানার্সআপ হয় দলটি। গত দুই মরসুমে রিয়ালের পারফরম্যান্স ও ফলাফলের মাঝে যে বিস্তর ফারাক, সেটা বের্নাবেউ থেকে বিদায়বেলায় মনে করিয়ে দেন আনচেলত্তি। ''ফল প্রত্যাশিত ছিল না। দলের পারফরম্যান্সও ভালো হয়নি। ফলে, এমনটাই হওয়ার ছিল।'' রিয়ালের ভোগান্তি দেখে আনচেলত্তি এখন যে দলের দায়িত্ব নিয়েছেন, তাদের বাজে পথচলা চলছে আরও অনেক দিন ধরে। পাঁচবারের বিশ্ব

চ্যাম্পিয়নরা সবশেষ বিশ্বকাপ জিতেছে ২০০২ সালে। ২০০৯ সালের পর থেকে দেশের বাইরে অনুষ্ঠিত টুর্নামেন্টগুলোয় সাতবার সেমি-ফাইনালের আগে ছিটকে পড়েছে তারা। তবে এই দলকেই সেরা অবস্থানে ফেরানোর ব্যাপারে আশাবাদী আনচেলত্তি। ''বিশ্বের মধ্যে এটাই সেরা জাতীয় দল। এটা আমার কথা নয়, তাদের জার্সির পাঁচটি তারকাই এটা বলে। অন্য কোনো জাতীয় দলের তা নেই। এখন আমার সামনে চ্যালেঞ্জ ছয় নম্বরটা জয়ের। এবং ব্রাজিলে ষষ্ঠ বিশ্বকাপ ট্রফি নিয়ে আসার চ্যালেঞ্জ আমি সাদরে গ্রহণ করেছি। তবে সেটা করতে হলে পুরো জাতিকে আমাদের পেছনে থাকতে হবে। জাতীয় দলের পেছনে পুরো ব্রাজিলকে থাকতে হবে, খেলোয়াড়দের সমর্থন প্রয়োজন, তাদের বিনয়ী হতে হবে এবং ঐক্যবদ্ধ থাকতে হবে। নম্রতা ছাড়া কারো পক্ষে তেমন কিছু করা সম্ভব নয়।'' রিয়াল মাদ্রিদের হয়ে দুই মেয়াদে ১৫টি শিরোপা জিতেছেন আনচেলত্তি। হয়ে গেছেন ক্লাবটির ইতিহাসের সফলতম কোচ। ইউরোপের সফলতম ক্লাবটিতেই নয় কেবল, অন্যান্য ক্লাবেও দারুণ সব সাফল্য পেয়েছেন এই ইতালিয়ান। ইউরোপের শীর্ষ পাঁচ লিগেই শিরোপা জয়ের অনন্য কীর্তি আছে তার। কোচ হিসেবে দুই ক্লাবের হয়ে মোট পাঁচটি চ্যাম্পিয়ন্স লিগ জিতেছেন তিনি। আরও কত না শিরোপা জিতেছেন ৬৫ বছর বয়সী এই কোচ। কিন্তু, প্রথমবারের মতো কোনো জাতীয় দলের দায়িত্ব নিয়ে তিনি এমন কিছু অনুভব করতে শুরু করেছেন, যা আগে কখনও পাননি। ''বিশ্বকাপ অন্য যেকোনো ক্লাব শিরোপার চেয়ে ভিন্ন। এটার অনুভূতি এমন যে, পুরো একটা জাতি যেন আপনার পেছনে, আর একারণেই এটা সবসময় আমাকে আকর্ষণ করত। আমি এখানে এসেছি আবার ব্রাজিলকে চ্যাম্পিয়ন করানোর জন্য, আমি এই চ্যালেঞ্জ নিয়েছি। আমার বিশ্বাস, আমরা সেটা পারব।'' কঠিন সেই চ্যালেঞ্জে কদিন বাদেই প্রথম মাঠের লড়াইয়ে নামতে যাচ্ছেন আনচেলত্তি। বিশ্বকাপ বাছাইয়ে আগামী ৬ জুন একুয়েডরের বিপক্ষে খেলবে ব্রাজিল। পাঁচ দিন পর দেশের মাটিতে মুখোমুখি হবে প্যারাগুয়ের। ২০২৬ বিশ্বকাপের লাতিন আমেরিকা অঞ্চলের বাছাইয়ে চতুর্থ স্থানে আছে ব্রাজিল। ১৪ ম্যাচে দলটির পয়েন্ট ২১। ৩১ পয়েন্ট নিয়ে চূড়ায় থাকা আর্জেন্টিনা এই অঞ্চল থেকে সবার আগে ২০২৬ বিশ্বকাপের চূড়ান্ত পর্বে খেলা নিশ্চিত করেছে।



দুরন্ত প্রকাশন প্রাইভেট লিমিটেডের পক্ষে প্রকাশক ও মুদ্রক অলোক কুমার নস্কর কর্তৃক সত্যযুগ এমপ্লয়িজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লিমিটেড, ১৩, প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা-৭২ হইতে মুদ্রিত ও ৯৪ ফিয়ার্স লেন, ৫ম তল, কলকাতা-৭০০০১২ হইতে প্রকাশিত, সম্পাদক-অলোক কুমার নস্কর
Printed & Published by Aloke Kumar Naskar on behalf of Duranta Prakashan Pvt. Ltd. and printed at Satyajug Employees Co Operative Industrial Society Limited, 13, Prafulla Sarkar Street, Kolkata-700072 and Published at 94, Phears Lane, 4th Floor, Kolkata-700012, Dist.-Kolkata, Editor: Aloke Kumar Naskar
Ph. No. 033-2237-0488, 9830217166
E-mail: dailydurantabarta@gmail.com